রোগ উপস্থিত হইলে তত্তৎরোগোক্ত ঔষধ কল্ক দ্বারা ধাত্রীর স্তন প্রলিপ্ত করিয়া তাহা শিশুকে পান করাইবে ॥ ৭৯। ৮০ ॥

বালক তিন প্রকার; দুগ্ধপায়ী, অন্নভোজী এবং দুগ্ধ ও অন্ন উভয়ভোজী। সুতরাং অতুষ্ট দুগ্ধ ও অন্ন ভোজনে বালকের স্বাস্থ্য এবং দূষিত দুগ্ধ ও অন্ন ভোজনে ব্যাধি উৎপন্ন হইয়া থাকে। অতএব বালকের আহারের বিষয়ে সাবধান হইবে ॥ ৮১ ॥

ভৈষজ্যসেবনকালবিধি—ঔষধ সেবনের কাল আট প্রকার নির্দ্দিষ্ট হইয়াছে; যথা—ভোজনের পূর্ব্বে, ভোজনের মধ্যে, ভোজনের শেষে, মুহুর্ম্মুহুঃ, সামুদ্গ (আহারের আদিতে ও শেষে ঔষধ সেবনের নাম সামুদ্গ), ভক্তসম্ভুক্ত, গ্রাস ও গ্রাসান্তর। অপান বায়ু বিগুণ হইলে ভোজনের পূর্ব্বে, সমান বায়ু কুপিত হইলে ভোজনমধ্যে, ব্যান বায়ু কুপিত হইলে প্রাতর্ভোজনে, উদান বায়ু কুপিত হইলে

সামুদ্গং হিক্কিনে দেয়ং লঘুনান্নেন সংযুতম্।
সভোজ্যং ত্বৌষধং ভক্ষ্যৈবি চিত্রৈররুচৌ হিতম্॥ ৮৩॥

অন্যেত্বাহুঃ—অভক্তং পূর্ব্বভক্তঞ্চ মধ্যভক্তং সভক্তকম্।
ভক্তোপরিষ্টাৎ সামুদ্গং ভক্তস্যৈবান্তরেঽপিচ॥
গ্রাসে গ্রাসান্তরে চৈব মুহুর্ম্মুহুরিতি স্মৃতঃ।
কালা দশৈতে বীমদ্ভিরৌষধস্য সমাসতঃ॥
বলিনো মহতো ব্যাধেরভুক্তে ভেষজং হিতম্।
সর্ব্বব্যাধিহরং পথ্যং পূর্ব্বভক্তং মহৌষধম্॥
মধ্যকায়গতান্ রোগান্ মধ্যে ভক্তং নিহন্তি চ।
সভক্তং সুকুমারাণাং বালানামৌষধদ্বিষাম্॥
ভক্তোপরিষ্টাৎ শস্তঞ্চ ঊর্দ্ধজত্রুবিকারিণাম্।
সামুদ্গং বর্চ্চসাম্বন্ধে দীপ্তাগ্নিবলিনাং হিতম্॥
ভক্তয়োরন্তরে জ্ঞেয়ং ভোজনদ্বয়মধ্যতঃ।
তচ্চ নিত্যং প্রযুঞ্জীত মধ্যদেহবিকারিণাম্॥

ভোজনের পরে, প্রাণ বায়ু দূষিত হইলে গ্রাসে ও গ্রাসান্তরে, শ্বাস কাস ও পিপাসায় মুহুর্ম্মুহুঃ, হিক্কায় লঘু অন্নের সহিত সংযুক্ত করিয়া আহারের পূর্ব্বে ও পরে এবং অরুচিতে বিবিধ রুচিকর ভোজ্যের সহিত ঔষধ প্রয়োগ করিবে॥ ৮২। ৮৩॥

প্রকারান্তর—অভক্ত, পূর্ব্বভক্ত, মধ্যভক্ত, সভক্তক, ভক্তানন্তর, সামুদ্গ, ভোজনমধ্যবর্ত্তী, প্রতিগ্রাস, গ্রাসান্তর ও মুহুর্ম্মুহুঃ এই দশ প্রকার ঔষধ সেবনের কাল নির্দ্দিষ্ট হইয়াছে। রোগী বলবান্ এবং ব্যাধি প্রবল হইলে অভক্ত অর্থাৎ অনাহারে ঔষধ সেবন হিতকারী। পূর্ব্বভক্ত অর্থাৎ আহারের পূর্ব্বে সেবিত ঔষধ সর্ব্বব্যাধিনাশক ও হিতজনক। মধ্যভক্ত (ভোজনের মধ্যকালে সেবিত) ঔষধ মধ্যগত রোগনাশক। সভক্ত (অন্নের সহিত সেবিত) ঔষধ সুকুমারপ্রকৃতি ঔষধদ্বেষী বালকদিগের পক্ষে হিতকর। ভক্তানন্তর অর্থাৎ ভোজনের পর সেবিত

গ্রাসে গ্রাসে কৃশাগ্নীনাং বাহ্যাসক্তধিয়ামপি।
গ্রাসান্তরে হিতং বিদ্যাৎ কুষ্ঠমেহবিকারিণাম্।
শ্বাসকাসপিপাসানাং তৎ তু কার্য্যং মুহুর্ম্মুহুঃ ॥ ৮৪ ॥

অন্যচ্চ—ভৈষজ্যমভ্যবহরেৎ প্রভাতে প্রায়শো বুধঃ।
কষায়াংস্তু বিশেষেণ তত্র ভেদস্তু দর্শিতঃ ॥ ৮৫ ॥

প্রথমকালঃ।

জ্ঞেয়ঃ পঞ্চবিধঃ কালো ভৈষজ্যগ্রহণে নৃণাম্।
কিঞ্চিৎ সূর্য্যোদয়ে জাতে তথা দিবসভোজনে ॥
সায়ন্তনে ভোজনে চ মুহুশ্চাপি তথা নিশি।
প্রায়ঃ পিত্তকফোদ্রেকে বিরেকবমনার্থয়োঃ ॥

ভেদঃ পুনঃ কষায়পানেন বা পয়স্তু প্রাতঃ সায়ং মধ্যাহ্নে রাত্রৌ চ ব্যাধি-বিশেষ-ধাতুবিশেষ-প্রকৃতিবিশেষ-তারতম্যতয়া দেয়মিত্যর্থঃ ॥ ৮৫ ॥

রোগির পক্ষে সামুদ্গ (ভোজনের আদি ও অন্তে সেবিত ঔষধকে সামুদ্গ কহে) ঔষধ হিতকর। মধ্যদেহসংক্রান্ত রোগে ভোজন দ্বয়ের মধ্যে ঔষধসেবন হিতকর। হীনাগ্নি ও বাহ্যাসক্ত বুদ্ধি ব্যক্তির পক্ষে প্রতিগ্রাসে ঔষধ সেবন উপকারী। কুষ্ঠ ও মেহরোগাক্রান্ত ব্যক্তির পক্ষে গ্রাসান্তরে সেবিত ঔষধ প্রশস্ত। শ্বাস, কাস ও তৃষ্ণা রোগে বারংবার ঔষধ সেবন আবশ্যক ॥ ৮৪ ॥

অন্যপ্রকার।—পণ্ডিতগণ প্রায়ই প্রাতঃকালে ঔষধ প্রয়োগ করেন। কেবল কাথ বা দুগ্ধ, ব্যাধি ধাতু ও প্রকৃতিভেদে প্রাতঃকালে, মধ্যাহ্নে বা সায়ংকালে ব্যবস্থা করিয়া থাকেন ॥ ৮৫ ॥

মতান্তর।—শাস্ত্রান্তরে ঔষধ সেবনের কাল পাঁচপ্রকার উক্ত হইয়াছে। যথা—সূর্য্যোদয়ের কিঞ্চিৎ পরে, দিবাভোজনকালে, সায়ং ভোজনকালে, মুহুর্মুহুঃ ও

লেখনার্থে চ ভৈষজ্যং প্রভাতেঽনন্নমাহরেৎ।
এবং স্যাৎ প্রথমঃ কালো ভৈষজ্যগ্রহণে নৃণাম্ ॥ ৮৬ ॥

দ্বিতীয়কালঃ।

ভৈষজ্যং বিগুণেঽপানে ভোজনাগ্রে প্রশস্যতে।
অরুচৌ চিত্রভোজ্যৈশ্চ মিশ্রং রুচিরমাহরেৎ ॥
সমানবাতে বিগুণে মন্দেঽগ্নাবপি দীপনম্।
দদ্যাদ্ ভোজনমধ্যে তু ভৈষজ্যং কুশলো ভিষক্ ॥
ব্যানকোপে চ ভৈষজ্যং ভোজনান্তে সমাহরেৎ।
হিক্কাক্ষেপককম্পেষু পূর্ব্বমন্তে চ ভোজনাৎ ॥
এবং দ্বিতীয়কালশ্চ প্রোক্তো ভৈষজ্যকর্ম্মণি ॥ ৮৭ ॥

তৃতীয়কালঃ।

উদানে কুপিতে বাতে স্বরভঙ্গাদিকারিণি।
গ্রাসে গ্রাসান্তরে দেয়ং ভৈষজ্যং সান্ধ্যভোজনে ॥
প্রাণে প্রদুষ্টে সান্ধ্যস্য ভক্তস্যান্তে চ দীয়তে।
ঔষধং প্রায়শো ধীরৈঃ কালোঽয়ং স্যাৎ তৃতীয়কঃ ॥ ৮৮ ॥

প্রথমকাল। পিত্ত ও শ্লেষ্মার প্রকোপে এবং বিরেচন বমন ও লেখনার্থে প্রাতঃকালে আহার না করিয়া ঔষধ সেবন করিতে হয় ॥ ৮৬ ॥

দ্বিতীয়কাল। অপান বায়ু দূষিত হইলে ভোজনের অগ্রে ঔষধ সেবন প্রশস্ত। অরুচিতে নানা প্রকার খাদ্যের সহিত মিশ্রিত করিয়া রুচিজনক ঔষধ সেবনীয়। সমান বায়ু দূষিত এবং অগ্নিমান্দ্য হইলে অগ্নিদীপক ঔষধ ভোজনমধ্যে সেবন করিবে। ব্যান বায়ু প্রকুপিত হইলে ভোজনের শেষে এবং হিক্কা আক্ষেপ ও কম্পে ভোজনের প্রথমে ও পরে ঔষধ সেবন করিতে হয় ॥ ৮৭ ॥

তৃতীয় কাল। স্বরভঙ্গাদিকারক উদান বায়ু কুপিত হইলে সায়ং ভোজনের প্রতি গ্রাসান্তরে ঔষধ সেবনীয়। প্রাণবায়ু প্রকুপিত হইলে সান্ধ্যভোজনের পর ঔষধ সেব্য ॥ ৮৮ ॥

চতুর্থকালঃ।

মুহুর্মুহুশ্চ তৃট্ছর্দ্দি-হিক্কাশ্বাসগরেষু চ।
সান্নঞ্চ ভেষজং দদ্যাদিতি কালশ্চতুর্থকঃ ॥ ৮৯ ॥

পঞ্চমকালঃ।

ঊর্দ্ধজত্রুবিকারেষু লেখনে বৃংহণে তথা।
পাচনে শমনে দেয়মনন্নং ভেষজং নিশি ॥
ইত্যয়ং পঞ্চমঃ কালঃ প্রোক্তো ভৈষজ্যহেতবে ॥ ৯০ ॥

অথ ক্রিয়াকালব্যবস্থামাহ

যা তূদীর্ণং শময়তি নান্যং ব্যাধিং করোতি চ।
সা ক্রিয়া নতু যা ব্যাধিং হরত্যন্যমুদীরয়েৎ ॥ ৯১ ॥

তথাচ চরক-চিকিৎসাপ্রাভৃতীয়াধ্যায়ে—

যাভিঃ ক্রিয়াভির্জায়ন্তে শরীরে ধাতবঃ সমাঃ।
সা হি ক্রিয়া বিকারাণাং কর্ম্ম তদ্ভিষজাং মতম্ ॥ ৯২ ॥

অন্যমিতি জ্বরাদীনাম্ অন্যতমং ন উদীরয়েদিতি ন বর্দ্ধয়েৎ, ন জনয়েদিত্যর্থঃ ॥৯১॥
ভিষজাং চিকিৎসকানামিত্যর্থঃ ॥ ৯২ ॥

চতুর্থ কাল। তৃষ্ণা, বমি, হিক্কা, শ্বাসরোগ ও বিষদোষে মুহুর্মুহুঃ অন্নের সহিত ঔষধ প্রযোজ্য ॥ ৮৯ ॥

পঞ্চম কাল। ঊর্দ্ধজত্রুগত রোগে এবং লেখন, বৃংহণ, পাচন ও শমনার্থে রাত্রিতে ঔষধ প্রযোজ্য ও লঙ্ঘন ব্যবস্থেয় ॥ ৯০ ॥

চিকিৎসার লক্ষণ—যাহা উৎপন্ন ব্যাধির শমতা করে অথচ অন্য রোগ আনয়ন করে না, তাহাই চিকিৎসা নামে অভিহিত। কিন্তু যাহা এক রোগের শমতা করিয়া অন্যরোগের উৎপত্তি করে তাহাকে চিকিৎসা বলা যায় না। চরক বলেন—ধাতু সকল বিষম হইলে যে সকল ক্রিয়া দ্বারা শরীরে সমধাতু উৎ-

চিকিৎসা এবং তাহাই চিকিৎসকের কর্ত্তব্য ॥ ৯১। ৯২ ॥

অল্পে গদে মহৎ কর্ম্ম ক্রিয়া লঘ্বী মহাগদে।
দ্বয়মেতদকৌশল্যং কৌশল্যং যুক্তিকর্ম্মতা ॥ ৯৩ ॥
ক্রিয়ায়াস্তু গুণালাভে ক্রিয়ামন্যাং সমাচরেৎ।
পূর্ব্বস্যাং শান্তবেগায়াং ন ক্রিয়াসঙ্করো মতঃ ॥ ৯৪ ॥

তথাপি সাঙ্কর্য্যমাহ

ক্রিয়াভিস্তুল্যরূপাভিঃ ক্রিয়াসাঙ্কর্য্যমিষ্যতে।
ভিন্নরূপতয়া তাস্তু তন্ন কুর্ব্বন্তি দূষণম্ ॥ ৯৫ ॥

সঙ্করো ব্যামিশ্রতা। অতো মুখ্যপ্রয়োগাণাং মিশ্রণং একস্মিন্নেব রোগিণি ন কর্ত্তব্যং, পরস্পরগুণবিরোধাৎ ভৈষজ্যগুণবৈকল্যাদগ্নিমান্দ্যজননত্বাচ্চ ॥ ৯৪ ॥

তুল্যরূপাভিঃ ক্রিয়াভিঃ ক্রিয়াসাঙ্কর্য্যমিষ্যতে, তু পুনস্তাঃ ক্রিয়াঃ চেদ্ভিন্নরূপা ভবন্তি তদা ন সাঙ্কর্য্যমিতি তু শব্দেনৈতদুচ্যতে। অতো ভিন্নরূপতয়া অতুল্যরূপাভিঃ ক্রিয়াভির্ন ক্রিয়াসাঙ্কর্য্যং ভবতীত্যর্থঃ। এতেনৈবং বোধয়তি পাচনঘৃতয়োর্দ্বয়োর্গুড়বটকলেহগুড়িকাদীনাঞ্চ পাচনযুক্তানামেকস্মিন্নেব রোগিণ্যেকদিনে প্রয়োগঃ কর্ত্তব্যো যথা ব্যাধেরনুপানং যদ্যৎপাচনং বিহিতমিতি, কিন্তু ভিন্নরূপেণৌষধদ্বয়েন দোষপ্রসঙ্গঃ স্যাদেব, অতঃ পরস্পরবিরোধিত্বেন ঔষধদ্বয়কল্পনা ন কার্য্যা। যথা গুড়িকাদ্বয়ে লেহদ্বয়মধিকমিতি দিক্ ॥ ৯৫ ॥

স্বল্পরোগে প্রবল চিকিৎসা বা প্রবল রোগে সামান্য চিকিৎসা উভয়ই অহিতকর। যুক্তিপূর্ব্বক চিকিৎসাই কুশল চিকিৎসকের কার্য্য ॥ ৯৩ ॥

অনুষ্ঠিত কোন চিকিৎসায় ফললাভ না হইলে পূর্ব্ব ক্রিয়ার বেগ শান্ত হইলে পর তবে অন্যপ্রকার চিকিৎসা করিবে। একত্র মিশ্রচিকিৎসা করিবে না। কারণ, একই রোগিতে একই প্রকারের মিশ্র চিকিৎসা নিষিদ্ধ, এইরূপ মিশ্রপ্রয়োগ পরস্পর গুণবিরোধী ঔষধের গুণহানিকর এবং অগ্নিমান্দ্যজনক। কিন্তু ভিন্নপ্রকারে প্রযুক্ত মিশ্র-চিকিৎসা দোষজনক নহে ॥ ৯৪। ৯৫ ॥

কতকগুলি ঋষি ছয় অহোরাত্রে কতকগুলি সাত অহোরাত্রে রসের পরিবর্ত্তন ইচ্ছা করেন।

ষড়্‌ভিঃ কেচিদহোরাত্রৈঃ কেচিৎ সপ্তভিরেব চ।
ইচ্ছন্তি মুনয়ঃ প্রায়ো রসস্য পরিবর্ত্তনম্॥
শীতে শীতপ্রতিকার উষ্ণে চোষ্মনিবারণম্।
কৃত্বা কুর্য্যাৎ ক্রিয়াং প্রাপ্তাং ক্রিয়াকালং ন হাপয়েৎ ॥৯৬॥
সর্ব্বঞ্চ রোগে প্রশমায় কর্ম্ম হীনাতিরিক্তং বিপরীতকালম্।
মিথ্যোপচারান্নহি তদ্বিকারং শান্তিং নয়েৎ পথ্যমপি প্রযুক্তম্॥ ৯৭ ॥

অথ পারিভাষিকীসংজ্ঞা।

বৃক্ষাম্লমাতুলুঙ্গাম্লৌ বদরাম্লাম্লবেতসৌ।
চতুরম্লমিদং তদ্ধি পঞ্চাম্লঞ্চ সদাড়িমম্॥ ৯৮ ॥
সৌবর্চ্চলং সৈন্ধবঞ্চ বিড়মৌদ্ভিদমেব চ।
সামুদ্রেণ সহৈতানি পঞ্চ স্যুর্লবণানি চ।
একদ্বিত্রিচতুঃপঞ্চ লবণানি ক্রমাদ্বিদুঃ॥ ৯৯ ॥

শীতকালে শীতনিবারণ অর্থাৎ শীতবিপরীত উষ্ণ ব্যবস্থা এবং উষ্ণ কালে উষ্মনিবারণ অর্থাৎ উষ্মবিপরীত শীতলব্যবস্থা করিয়া যোগ্য চিকিৎসা করিবে। চিকিৎসার সময় উপস্থিত হইলে কখন তাহা লঙ্ঘন করিবে না॥ ৯৬॥

সুপথ্য প্রযুক্ত হইলেও হীনক্রিয়া, অতিরিক্ত ক্রিয়া, বিপরীত কাল অথবা মিথ্যোপচার এই সকল কারণে রোগ প্রশমিত হয় না॥ ৯৭॥

পারিভাষিকসংজ্ঞা।

চতুরম্ল ও পঞ্চাম্লের লক্ষণ—বৃক্ষাম্ল (মহাদা), ছোলঙ্গ, কুল, অম্লবেতস এই চারিটির সংযোগকে চতুরম্ল এবং এই চতুরম্লের সহিত দাড়িম যুক্ত করিলে তাহাকে পঞ্চাম্ল বলে॥ ৯৮॥

পঞ্চলবণ—সৌবর্চ্চল, সৈন্ধব, বিট্, ঔদ্ভিদ ও সামুদ্র লবণ এই পাঁচটির সংযোগকে পঞ্চলবণ কহে এবং যথাক্রমে ইহাদের একটিকে একলবণ, দুইটির সংযোগকে দ্বিলবণ, তিনটির সংযোগকে ত্রিলবণ, চারিটির সংযোগকে চতুর্লবণ

অবিমূত্রমজামূত্রং গোমূত্রং মাহিষঞ্চ যৎ।
হস্তিমূত্রমথোষ্ট্রস্য হয়স্য চ খরস্য চ।
ইতি প্রোক্তানি মূত্রাণি যথাসামর্থ্যযোগতঃ॥ ১০০॥
সর্পিস্তৈলবসামজ্জা স্নেহোঽপ্যুক্তশ্চতুর্ব্বিধঃ।
পানাভ্যঞ্জনবস্ত্যর্থং নস্যার্থঞ্চৈব যোগতঃ॥ ১০১॥
অবিক্ষীরমজাক্ষীরং গোক্ষীরং মাহিষঞ্চ যৎ।
উষ্ট্রীণাং হস্তিনীনাঞ্চ বড়বায়াঃ স্ত্রিয়স্তথা॥ ১০২॥
চাতুর্জ্জাতং সমাখ্যাতং ত্বগেলাপত্রকেশরৈঃ॥ ১০৩॥
তদেব ত্রিসুগন্ধি স্যাৎ ত্রিজাতকমকেশরম্॥ ১০৪॥
চাতুর্জ্জাতককর্পূর-কক্কোলাগুরুসিহ্লকম্।
লবঙ্গসহিতঞ্চৈব সর্ব্বগন্ধং বিনির্দ্দিশেৎ॥ ১০৫॥
পথ্যা বিভীতকং ধাত্রী মহতী ত্রিফলা মতা।
স্বল্পা কাশ্মর্য্যখর্জ্জুর-পরূষককলৈর্ভবেৎ॥ ১০৬॥

মূত্রবর্গ—মেষীমূত্র, ছাগীমূত্র, গোমূত্র, মাহিষ মূত্র, হস্তিমূত্র, উষ্ট্রমূত্র, অশ্বমূত্র ও গর্দ্দভমূত্র; এই সকল মূত্র যথালাভ ঔষধে প্রযোজ্য॥ ১০০॥

চতুর্ব্বিধ স্নেহ।—ঘৃত, তৈল, বসা, মজ্জা এই চারি প্রকার স্নেহ শাস্ত্রে হইয়াছে। পান, অভ্যঙ্গ, বস্তিকার্য্য ও নস্যার্থ ইহারা প্রযোজ্য॥ ১০১॥

দুগ্ধবর্গ—মেষীদুগ্ধ, ছাগীদুগ্ধ, গোদুগ্ধ, মাহিষ দুগ্ধ, উষ্ট্রীদুগ্ধ ও গর্দ্দভী দুগ্ধ; এই কয়েকটিকে দুগ্ধবর্গ বলে॥ ১০২॥

চাতুর্জ্জাত ও ত্রিজাতকের লক্ষণ—দারুচিনি, এলাইচ, তেজপত্র ও নাগকেশর এই কয়েকটীর সংযোগকে চাতুর্জ্জাতক এবং নাগকেশর ভিন্ন দারুচিনি প্রভৃতি তিনটীকে ত্রিজাতক কহে॥ ১০৩। ১০৪॥

সর্ব্বগন্ধ—দারুচিনি, এলাইচ, তেজপত্র, নাগকেশর, কর্পূর, কাঁকলা, অগুরু শিহ্লক ও লবঙ্গ এই কয়টির সংযোগকে সর্ব্বগন্ধ কহে॥ ১০৫॥

[illegible]—[illegible] আমলকী [illegible]

পিপ্পলী শৃঙ্গবেরঞ্চ মরিচং ত্র্যূষণং বিদুঃ।
বিড়ঙ্গমুস্তচিত্রৈশ্চ ত্রিমদঃ সমুদাহৃতঃ ॥ ১০৭ ॥
উড়ুম্বরো বটোঽশ্বত্থো বেতসঃ প্লক্ষ এবচ।
পঞ্চৈতে ক্ষীরিণো বৃক্ষাঃ সংজ্ঞায়াং সমুদাহৃতাঃ ॥ ১০৮ ॥
আম্রজম্বূকপিত্থানাং বীজপূরকবিল্বয়োঃ।
গন্ধকর্ম্মণি সর্ব্বত্র পত্রাণি পঞ্চপল্লবম্ ॥ ১০৯ ॥
পিপ্পলীপিপ্পলীমূল-চব্যচিত্রকনাগরম্।
পঞ্চকোলমিদং প্রাহুঃ পঞ্চোষণমথাপরে ॥ ১১০ ॥
পঞ্চকোলং সমরিচং ষড়ূষণমুদাহৃতম্ ॥ ১১১ ॥

বেতসোঽত্র গন্ধিন ইতি খ্যাতঃ। গন্ধমুস্ত ইত্যুত্তরদেশে যস্য প্রসিদ্ধিঃ। প্লক্ষ ইতি বটঃ, অথবা পর্কটীত্যশ্বত্থভেদঃ ॥ ১০৮ ॥

এবং গাম্ভারী ফল, খর্জ্জুর ও ফল্‌সা এই তিনটির সংযোগকে স্বল্প ত্রিফলা কহে ॥১০৬ ॥

ত্রিকটু ও ত্রিমদ।—শুঁঠ, পিপুল ও মরিচ এই তিনটীকে ত্রিকটু এবং বিড়ঙ্গ মুতা ও চিতার সংযোগকে ত্রিমদ কহে ॥ ১০৭ ॥

ক্ষীরিবৃক্ষ—যজ্ঞডুমুর, বট, অশ্বত্থ, বেতস (একপ্রকার গন্ধযুক্তবৃক্ষ; উত্তরদেশে ইহাকে গন্ধমুতা বলে) ও প্লক্ষ (পাকুড়); এই পাঁচটিকে ক্ষীরিবৃক্ষ বলে ॥ ১০৮ ॥

পঞ্চপল্লব।—আম, জাম, কয়েৎবেল, টাবালেবু ও বেল এই পাচটির পত্রকে পঞ্চপল্লব কহে। পঞ্চপল্লব গন্ধকার্য্যার্থ ব্যবহৃত হয় ॥ ১০৯ ॥

পঞ্চকোল—পিপুল, পিপুলমূল, চৈ, চিতামূল ও শুঁঠ মিলিত এই পাঁচটি দ্রব্যকে পঞ্চকোল বা পঞ্চোষণ কহে ॥ ১১০ ॥

ষড়ূষণ—উল্লিখিত পঞ্চকোলের সহিত মরিচ মিলিত হইলে তাহাকে ষড়ূষণ

বিল্বশ্যোনাকগাম্ভারীপাটলাগণিকারিকা।
এতন্মহৎ পঞ্চমূলং সংজ্ঞয়া সমুদাহৃতম্॥ ১১২॥
শালপর্ণীপৃশ্নিপর্ণীবৃহতীদ্বয়গোক্ষুরম্।
কনীয়ঃ পঞ্চমূলং স্যাদুভয়ং দশমূলকম্॥ ১১৩॥
কুশঃ কাশঃ শরো দর্ভ ইক্ষুশ্চৈব তৃণোদ্ভবম্।
পঞ্চতৃণমিদং খ্যাতং তৃণজং পঞ্চমূলকম্॥ ১১৪॥
বিদারী চাজশৃঙ্গী চ রজনী সারিবামৃতম্।
বল্লীজং পঞ্চমূলঞ্চ কথিতং মুনিপুঙ্গবৈঃ॥ ১১৫॥
করমর্দ্দঃ শ্বদংষ্ট্রা চ হিংস্রা ঝিণ্টী শতাবরী।
কণ্টকাখ্যং পঞ্চমূলং নির্দ্দিষ্টং সূক্ষ্মবুদ্ধিভিঃ॥ ১১৬॥
ঋদ্ধির্বৃদ্ধিশ্চ মেদে দ্বে তথার্ষভকজীবকৌ।
কাকোলী ক্ষীরকাকোলীত্যষ্টবর্গঃ প্রকীর্ত্তিতঃ॥ ১১৭॥

করমর্দ্দঃ করঞ্জা। শ্বদংষ্ট্রা গোক্ষুরকঃ। হিংস্রা কুড়বকালী কালিয়াকড়া, স্পষ্টমন্যৎ। ১১৬॥

দশমূল—বিল্ব, শোনা, গাম্ভার, পারুল ও গণিয়ারি এই পাঁচটি বৃক্ষের মূলের ছালকে বৃহৎ পঞ্চমূল এবং শালপানি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর এই পাঁচটিকে স্বল্পপঞ্চমূল কহে। এই উভয় পঞ্চমূল মিলিত করিলে তাহাকে দশমূল বলা যায়॥ ১১২। ১১৩॥

পঞ্চতৃণ—কুশমূল, কাশমূল, শরমূল, উলুমূল ও কৃষ্ণেক্ষুমূল এই পাঁচটিকে পঞ্চ তৃণ বা তৃণপঞ্চমূল বলে॥ ১১৪॥

বল্লীপঞ্চমূল—ভূমিকুষ্মাণ্ড, মেষশৃঙ্গী, হরিদ্রা, অনন্তমূল ও গুলঞ্চ এই পাঁচ টিকে বল্লীপঞ্চমূল কহে॥ ১১৫।

কণ্টকপঞ্চমূল—করঞ্জ, গোক্ষুর, কালিয়া কড়া, ঝাঁটী ও শতমূলী এই পাঁচটি কণ্টকপঞ্চমূল বলিয়া উক্ত হইয়াছে॥ ১১৬॥

অষ্টবর্গ—ঋদ্ধি, বৃদ্ধি, মেদা, মহামেদা, ঋষভক, জীবক, কাকোলী ও ক্ষীর-কাকোলী এই আটটি দ্রব্যের সংযোগকে অষ্টবর্গ বলা যায়॥ ১১৭॥

অষ্টবর্গশ্চ পর্ণিন্যৌ জীবন্তীমধুকং তথা।
জীবনীয়গণঃ প্রোক্তো জীবনশ্চ পুনস্ততঃ ॥ ১১৮ ॥
শোভাঞ্জনস্য যদ্বীজং তৎ শ্বেতমরিচং স্মৃতম্।
জ্যেষ্ঠাম্বু তণ্ডুলাম্বু স্যাদুষ্ণাম্বু চ সুখোদকম্।
গুড়যোগাদ্ গুড়াম্বু স্যাদ্ গুড়বর্ণরসান্বিতম্ ॥ ১১৯ ॥
নিরস্থি পিশিতং পিষ্টং স্নিগ্ধং গুড়ঘৃতান্বিতম্।
কৃষ্ণামরিচসংযুক্তং বেশবার ইতি স্মৃতঃ ॥ ১২০ ॥
কাঞ্জিকব্যুষিতং পক্কং মূলকং ত্বন্নমূলকম্ ॥ ১২১ ॥
দধ্নঃ সসারকস্যাত্র তক্রং কট্বরমিষ্যতে ॥ ১২২ ॥
তক্রং হ্যুদশ্বিন্মথিতং পাদাম্বুর্দ্ধাম্বু নির্জ্জলম্।
দধ্না সহ পয়ঃ পক্কং সা ভবেদ্দধিকূর্চ্চিকা।
তক্রেণ পক্কং যৎ ক্ষীরং সা ভবেৎ তক্রকূর্চ্চিকা ॥ ১২৩ ॥

জীবনীয় গণ—পূর্ব্বোক্ত অষ্টবর্গোক্ত দ্রব্য সকলের সহিত মাষাণী, মুগানী, জীবন্তী ও যষ্টিমধু মিলিত করিলে, তাহাকে জীবনীয়গণ বলা যায় ॥ ১১৮ ॥

শজিনার বীজকে শ্বেতমরিচ কহে। তণ্ডুলোদককে জ্যেষ্ঠাম্বু এবং উষ্ণ জলকে সুখোদক কহে।

ক্ষী গুড়াম্বু লক্ষণ—গুড়সংযোগে উৎপন্ন, গুড়ের বর্ণ ও রস বিশিষ্ট জলকে গুড়াম্বু বলে ॥ ১১৯ ॥

বেশবার লক্ষণ—অস্থিরহিত পিষিত মাংস গুড়, ঘৃত, পিপুল ও মরিচ সংযুক্ত করিয়া পাক করিলে বেশবার প্রস্তুত হয় ॥ ১২০ ॥

পক্কমূলা কাঁজিতে ভিজাইয়া বাসি করিলে তাহাকে অম্লমূলক কহে ॥ ১২১ ॥

কট্বর—সারবিশিষ্ট দধিজাত তক্রের নাম কট্বর ॥ ১২২ ॥

তক্র উদশ্বিৎ মথিত—চতুর্থাংশ জল মিশ্রিত দুগ্ধজাত দধি মন্থন করিলে তাহাকে তক্র, অর্দ্ধাংশ জলমিশ্রিত দধি মন্থন করিলে তাহাকে উদশ্বিৎ এবং নির্জ্জল-দুগ্ধজাত দধি মন্থন করিলে তাহাকে মথিত কহে।

কন্দমূলফলাদীনি সস্নেহলবণানি চ।
যত্র দ্রব্যেঽভিষূয়ন্তে তচ্চুক্তমভিধীয়তে ॥ ১২৪ ॥
সীধুরিক্ষুরসৈঃ পক্বৈরপক্বৈরাসবো ভবেৎ।
মৈরেয়ং ধাতকীপুষ্প-গুড়ধান্যাম্লসংহিতম্ ॥
আরনালস্তু গোধূমৈরামৈঃ স্যান্নিস্তুষীকৃতৈঃ।
পক্বৈর্ব্বা সন্ধিতৈস্তৎ তু সৌবীরসদৃশং গুণৈঃ ॥ ১২৫ ॥
মন্থনী নূতনা ধার্য্য কটুতৈলেন লেপিতা।
নির্ম্মলেনাম্বুনাপূর্য্য তস্যাং চূর্ণং বিনিঃক্ষিপেৎ ॥
রাজিকাজীরলবণ-হিঙ্গুশুণ্ঠীনিশাকৃতম্।
নিক্ষিপেদ্বটকাংস্তত্র ভাণ্ডস্যাস্যঞ্চ মুদ্রয়েৎ ॥
ততো দিনত্রয়াদূর্দ্ধমম্লাঃ স্যুর্বটকা ধ্রুবম্ ॥ ১২৬ ॥

দধিকূর্চ্চিকা—দধির সহিত পক্ব দুগ্ধকে দধিকূর্চ্চিকা কহে।

তক্রকূর্চ্চিকা—তক্রের সহিত পক্ব দুগ্ধকে তক্রকূর্চ্চিকা বলে ॥ ১২৩ ॥

শুক্ত—কন্দ, মূল, ফলাদি দ্রব্য—তৈল ও লবণ সংযুক্ত করিয়া কোন তরল দ্রব্যে ভিজাইয়া সন্ধিত করিলে শুক্ত প্রস্তুত হয় ॥ ১২৪ ॥

সীধু ও আসব—পক্ব ইক্ষুরসে প্রস্তুত মদ্য বিশেষের নাম সীধু এবং অপক্ব ইক্ষুরসে প্রস্তুত মদ্য বিশেষের নাম আসব।

মৈরেয়—ধাইফুল, গুড় ও কাঁজী সংযোগে প্রস্তুত মদ্যের নাম মৈরেয়।

আরনাল—কাঁচা বা পক্ব তুষ রহিত গোধূম জলে সন্ধিত হইলে যে পদার্থ হয়, তাহাকে আরনাল কহে। উহা গুণে সৌবীরের সমান ॥ ১২৫ ॥

অম্লবটক—একটি নূতন হাঁড়ি সর্ষপ তৈলে প্রলিপ্ত করিয়া তাহা নির্ম্মল জলে পূর্ণ করিবে। তাহাতে উপযুক্ত পরিমাণে শ্বেতসর্ষপ, জীরা, সৈন্ধব লবণ, হিঙ্গু, শুঁঠ ও হরিদ্রা চূর্ণ দিয়া বটক (বড়া) সকল নিক্ষেপ করিবে এবং হাঁড়ির মুখ বন্ধ করিয়া রাখিবে। এইরূপ তিন দিন রাখিলেই অম্ল বটক প্রস্তুত হইবে ॥

তিলতণ্ডুলমাষৈশ্চ কৃশরা ত্রিশরেতি সা ॥ ১২৭ ॥
যন্মন্থাদিশুচৌ ভাণ্ডে সগুড়ক্ষৌদ্রকাঞ্জিকম্।
ধান্যরাশৌ ত্রিরাত্রস্থং শুক্তং চুক্রং তদুচ্যতে ॥ ১২৮ ॥
যদপক্বৌষধাম্বুভ্যাং সিদ্ধং মদ্যং স আসবঃ ॥
অরিষ্টঃ ক্বাথসিদ্ধঃ স্যাৎ সম্পক্বো মধুরদ্রবৈঃ।
আশৃতশ্চাপি সীধুঃ স্যাদিত্যাহুস্তদ্বিদো জনাঃ ॥ ১২৯
সুরামণ্ডঃ প্রসন্না স্যাৎ ততঃ কাদম্বরী ঘনা।
তদধো জগলো জ্ঞেয়ো মেদকো জগলাদ্ঘনঃ ॥
বকসো হৃতসারঃ স্যাৎ সুরাবীজঞ্চ কিণ্বকম্।
যত্তালখর্জ্জূররসৈরাবৃতা সৈব বারুণী ॥ ১৩০ ॥

আশৃত ইতি সম্যক্ পক্বঃ ॥ ১২৯ ॥

কৃশরা—তিল, তণ্ডুল ও মাষকলায় সংযোগে কৃশরা (খিচুড়ী) বা ত্রিশরা প্রস্তুত হয় ॥ ১২৭ ॥

চুক্র—পরিষ্কৃত পাত্রে দধির মাত্ প্রভৃতি দ্রব্য, গুড়, মধু ও কাঁজীর সহিত একত্র করিয়া মুখ বন্ধ করত ধান্যরাশির মধ্যে তিন রাত্রি (গ্রীষ্ম ঋতুতে এই ব্যবস্থা ; শরৎকালে ৩ দিন, বর্ষাকালে ৪ দিন, বসন্তে ৬ দিন এবং শীতকালে ৮ দিন রাখিবে) স্থাপন করিলে চুক্র প্রস্তুত হয়। ইহাদের পরিমাণ যথা—গুড় ১ ভাগ, মধু ২ ভাগ, কাঁজী ৪ ভাগ এবং দধির মাত ৮ ভাগ গ্রহণীয় ॥ ১২৮ ॥

অপক্ব কুট্টিত ঔষধ কাঁচাজলে কিছুদিন ভিজাইয়া রাখিলে তাহা অন্তরুৎসিক্ত হইয়া যে মদ্যবিশেষে পরিণত হয়, তাহাকে আসব এবং সিদ্ধ ক্বাথ ও মধুর রসযুক্ত অন্তরুৎস্থিত পদার্থকে অরিষ্ট কহা যায়। সম্যক্ পক্ব মদ্যকে সীধু কহিয়া থাকে ॥১২৯॥

সুরাভেদ—সুরার উপরিস্থ স্বচ্ছভাগের নাম সুরামণ্ড, তদপেক্ষা ঘন পদার্থের নাম কাদম্বরী, কাদম্বরীর অধঃস্থ পদার্থের নাম জগল ; জগল অপেক্ষা মেদক ঘন। [illegible]র নাম বকস এবং সুরাবীজের অর্থাৎ বকসের নাম কিণ্ব। বারুণী।—

গুড়াম্বুনা সতৈলেন কন্দশাকফলৈস্তথা।
আসুতং চাম্লতাং জাতং গুড়শুক্তং তদুচ্যতে॥
এবমেবেক্ষুশুক্তং স্যাম্মৃদ্বীকাসম্ভবং তথা॥ ১৩১॥
তুষাম্বু চাসুতং জ্ঞেয়মামৈর্ব্বিদলিতৈর্যবৈঃ॥ ১৩২॥
সুনিস্তুষৈশ্চ পক্কৈশ্চ সৌবীরং চাসুতং ভবেৎ॥ ১৩৩॥
কুল্মাষো ধান্যমণ্ডেন চাসুতং কাঞ্জিকং ভবেৎ॥ ১৩৪॥

অন্যৎ যদাহ চরকঃ।

ভৃষ্টান্ মাষতুষান্ সিদ্ধান্ যবচূর্ণসমন্বিতান্।
আসুতানম্ভসা তদ্বজ্জাতং তচ্চ তুষোদকম্॥ ১৩৫॥
আশুধান্যং ক্ষোদিতঞ্চ বালমূলন্তু খণ্ডশঃ।
কৃতং প্রস্থমিতং পাত্রে জলং তত্রাঢ়কং ক্ষিপেৎ॥

তাল ও খর্জ্জূরের রসে সন্ধিত হইয়া যে মদ্যবিশেষে উৎপন্ন হয়, তাহাকে বারুণী অর্থাৎ তাড়ী কহে॥ ১৩০॥

গুড়শুক্ত—গুড় মিশ্রিত জল, তৈল, কন্দ, শাক ও ফল এই সকল একত্র সন্ধিত হইয়া অম্লরস হইলে তাহাকে গুড়শুক্ত কহে। এইরূপে ইক্ষুশুক্ত বা মৃদ্বীকাশুক্তও প্রস্তুত হইতে পারে॥ ১৩১॥

তুষাম্বু—কুট্টিত কাঁচা যব জলে সন্ধিত করিলে তুষাম্বু প্রস্তুত হয়॥ ১৩২॥

সৌবীর। নিস্তুষ পক্ক যব দ্বারা সন্ধিত দ্রব্যকে সৌবীর কহে॥ ১৩৩॥

কাঁজী—ধান্যমণ্ডের সহিত কুল্মাষ অর্থাৎ অর্দ্ধস্বিন্ন গোধূম-চণকাদি সন্ধিত হইলে কাঁজী প্রস্তুত হয়॥ ১৩৪॥

চরকোক্ত তুষোদকের লক্ষণ—মাষকলায়ের খোসা ভাজিয়া সিদ্ধ করিবে। পশ্চাৎ তাহার সহিত যবচূর্ণ মিশ্রিত করিয়া উপযুক্ত পরিমাণ জলে ভিজাইয়া রাখিবে। উহা সন্ধানযোগে অম্লরস হইলেই তুষোদক প্রস্তুত হইল, জানিবে॥১৩৫॥

ঈষৎ কুট্টিত আশু ধান্য /৮ সের, খণ্ডীকৃত কচি মূলা /২সের, জল ১৬ সের; এই সকল দ্রব্য একত্র কোন পাত্রে ভিজাইয়া রাখিবে। উহা সন্ধিত

তাবৎ সন্ধীয় সংরক্ষেদ্ যাবদম্লত্বমাগতম্।
কাঞ্জিকং তৎ তু বিজ্ঞেয়মেতৎ সর্ব্বত্র পূজিতম্ ॥ ১৩৬
শিণ্ডাকী চাস্তুতা জ্ঞেয়া মূলকৈঃ সর্ষপাদিভিঃ ॥ ১৩৭ ॥
জম্বীরস্বরসপ্রস্থং মধুনঃ কুড়বস্তথা।
তাবচ্চ পিপ্পলীমূলাদেকীকৃত্য ঘটে ক্ষিপেৎ।
ধান্যরাশৌ স্থিতং মাসং মধুশুক্তং তদুচ্যতে ॥ ১৩৮ ॥
তক্রং কপিত্থচাঙ্গেরী-মরিচাজাজিচিত্রকৈঃ।
সুপক্কং খড়যূষোঽয়ময়ং কাম্বলিকোঽপরঃ।
দধ্যম্ললবণস্নেহ-তিলমাষসমন্বিতঃ ॥ ১৩৯ ॥
দ্রবেণালোড়িতাস্তেস্ত্র্যস্তর্পণং লাজশক্তবঃ ॥ ১৪০ ॥

ভাবাপন্ন হইলেই কাঞ্জিক প্রস্তুত হইয়া থাকে। এইরূপে প্রস্তুত কাঞ্জিক সর্ব্বত্র ব্যবহার যোগ্য ॥ ১৩৬ ॥

শিণ্ডাকী—মূলক এবং সর্ষপাদি দ্বারা সন্ধিত পদার্থের নাম শিণ্ডাকী ॥১৩৭॥

মধুশুক্ত—জামীরের রস ৴৪ সের, মধু ৴॥০ সের, পিপুলমূল অর্দ্ধ সের, এই সকল দ্রব্য একত্র একটি পরিষ্কৃত মৃৎপাত্রে স্থাপন ও মুখ বদ্ধ করিয়া এক মাস কাল ধান্যরাশির মধ্যে নিহিত করিয়া রাখিবে। পরে উত্তোলন করিয়া ছাঁকিয়া লইবে। ইহাকে মধুশুক্ত কহে ॥ ১৩৮ ॥

খড়যূষ ও কাম্বলিক—তক্র ৴৪ সের, কয়েতবেল ও আমরুল শাক প্রত্যেকের চারি বা ছয় তোলা এবং মরিচ, কৃষ্ণজীরা ও চিতা সমুদায়ে ৪ তোলা; এই সকল দ্রব্যের সহিত কাঁচা মুগের দাইল পাক করিলে যে যূষ প্রস্তুত হয়, তাহার নাম খড়যূষ। এই খড়যূষ দধি দ্বারা অম্লীকৃত, সৈন্ধবলবণ, তিল চূর্ণ, মাষকলায় চূর্ণ ও ঘৃতাদি স্নেহ যুক্ত করিয়া পাক করিলে, তাহাকে কাম্বলিক বলে ॥ ১৩৯ ॥

তর্পণ—দ্রব দ্রব্যের সহিত খৈ চূর্ণ (এবং তৃপ্তিজনক দ্রব্য সকল) আলোড়ন

শক্তবঃ সর্পিষা যুক্তাঃ শীতবারিপরিপ্লুতাঃ।
নাত্যচ্ছা নাতিসান্দ্রাশ্চ মন্থ ইত্যভিধীয়তে ॥ ১৪১ ॥
ক্বাথ্যমানন্তু যৎ তোয়ং নিষ্ফেনং নির্ম্মলীকৃতম্।
ভবত্যর্দ্ধাবশিষ্টন্তু তদুষ্ণোদকমিষ্যতে ॥ ১৪২ ॥
চিকিৎসিতং ব্যাধিহরং পথ্যং সাধনমৌষধম্।
প্রায়শ্চিত্তং প্রশমনং প্রকৃতিস্থাপনং হিতম্ ॥
বিদ্যাদ্ভেষজনামানি তচ্চাপি দ্বিবিধং স্মৃতম্।
স্বস্থস্যৌজস্করং কিঞ্চিৎ কিঞ্চিদার্ত্তস্য রোগনুৎ ॥ ১৪৩ ॥

ইতি পরিভাষা-প্রদীপে তৃতীয়ঃ খণ্ডঃ।

মন্থ—ঘৃতযুক্ত শক্তু খুব পাতলাও না হয়, খুব গাঢ়ও না হয়, এরূপ ভাবে তল জলে আলোড়িত করিয়া লইলে, মন্থ প্রস্তুত হয় ॥ ১৪১ ॥

উষ্ণোদক—জল সিদ্ধ করিতে করিতে অর্দ্ধাবশেষ ও ফেনরহিত হইলে (তাহা ফট্‌কিরি বা নির্ম্মলী ফলাদি দ্বারা পরিষ্কৃত করিয়া লইলে) তাহাকে উষ্ণোদক বলা যায় ॥ ১৪২ ॥

চিকিৎসিত, ব্যাধিহর, পথ্য, সাধন, ঔষধ, প্রায়শ্চিত্ত, প্রশমন, প্রকৃতিস্থাপন ও হিত এই কয়েকটি ঔষধের নাম। এই ঔষধ দ্বিবিধ—কতকগুলি সুস্থ ব্যক্তির ওজোবর্দ্ধক, কতকগুলি পীড়িতের রোগনাশক ॥ ১৪৩ ॥

তৃতীয়খণ্ড সমাপ্ত।

চতুর্থঃ খণ্ডঃ।

অথ পঞ্চকর্ম্মাণ্যাহ—

দোষাঃ কদাচিৎ কুপ্যন্তি জিতাঃ কালেন পাচনৈঃ।
যে তু সংশোধনৈঃ শুদ্ধা ন তেষাং পুনরুদ্ভবঃ ॥ ১ ॥
বমনং রেচনং নস্যং নিরূহশ্চানুবাসনম্।
জ্ঞেয়ং পঞ্চবিধং কর্ম্ম মাত্রা তস্য প্রযুজ্যতে ॥
যদাবহেদ্ বহির্দোষান্ পঞ্চধা শোধনং হি তৎ ॥ ২ ॥
ন নস্যং ন্যূনসপ্তাব্দে নাতীতাশীতিবৎসরে।
নচোনদ্বাদশে ধূমঃ কবলো নোনপঞ্চমে।
ন শুদ্ধিরূনদশমে ন চাতিক্রান্তসপ্ততৌ ॥
ন ন্যূনষোড়শাতীতে সপ্ততৌ রক্তমোক্ষণম্।
আজন্মমরণাৎ শস্তঃ প্রতিমর্ষস্তু সর্ব্বদা ॥ ৩ ॥

পাচনৈরিতি লঙ্ঘনপাচনাদিভির্দোষহারিভিরিত্যর্থঃ ১ ॥

চতুর্থখণ্ড।

পঞ্চকর্ম্ম।

লঙ্ঘন ও পাচন দ্বারা দোষ সকল প্রশমিত হইলেও বরং তাহাদের আবার প্রকোপ হইতে পারে, কিন্তু সংশোধন অর্থাৎ বমন-বিরেচনাদি দ্বারা দোষ সকল বিজিত হইলে, তাহাদের আর কখন পুনরুদ্ভব হয় না ॥ ১ ॥

বমন, বিরেচন নস্য, নিরূহ ও অনুবাসন এই পাঁচটিকে পঞ্চকর্ম্ম কহে। যাহা দোষ সকল বহির্নিষ্কাশিত করিয়া শরীর শোধিত করে, তাহাকে শোধন কহে ॥ ২॥

সপ্তম বর্ষ বয়সের পূর্ব্বে এবং অশীতি বর্ষ বয়সের পরে নস্য গ্রহণ, দ্বাদশ বর্ষ অষ্টাদশ বর্ষ) বয়সের পূর্ব্বে ধূমপান, পঞ্চম বর্ষ বয়সের পূর্ব্বে কবল

তত্রাদৌ বমনমাহ—

পূর্ব্বাহ্ণে পায়য়েৎ পীতো জানুতুল্যাসনে স্থিতঃ।
তন্মনা জাতহৃল্লাস-প্রসেকশ্ছর্দ্দয়েৎ ততঃ ॥ ৪ ॥

চরকস্ত্বাহ

মাধবপ্রথমে মাসি নভস্যপ্রথমে পুনঃ।
সহস্য প্রথমে চৈব বাহয়েদ্দোষসঞ্চয়ম্ ॥ ৫ ॥
অন্যচ্চ—মধৌ সহে চ নভসি মাসি দোষাংস্তু বাহয়েৎ ॥ ৬ ॥
প্রত্যুষ্ণবর্ষশীতা হি গ্রীষ্মবর্ষহিমাগমাঃ।
ঔষধস্য শরীরস্য তে ভবন্তি বিকল্পকাঃ ॥ ৭ ॥

* মাধবপ্রথমে মাসীতি বৈশাখপ্রথমে ভাগে, ভাদ্রস্য প্রথমে, পৌষস্য প্রথমে চ দোষসঞ্চয়ং দোষাণাং সঞ্চয়ং উপচয়ং বাহয়েৎ সারয়েদিত্যর্থঃ ॥ ৫ ॥
মধৌ চৈত্রে মাসি, সহে অগ্রহায়ণে, নভসি শ্রাবণে দোষান্ বাহয়েদিত্যর্থঃ ॥ ৬ ॥
বিকল্পকা ইতি বিরুদ্ধকার্য্যজনকাঃ ॥ ৭ ॥

রিণ, দশম বর্ষ বয়সের পূর্ব্বে ও সপ্ততি বর্ষ বয়সের পরে শুদ্ধি (বমন-বিরেচনাদি) বং ষোড়শ বর্ষ বয়সের পূর্ব্বে ও সপ্ততি বৎসরের পরে রক্তমোক্ষণ কার্য্য কর্ত্তব্য হে। প্রতিমর্ষ জন্মাবধি মৃত্যু পর্য্যন্ত সর্ব্বদা হিতকর ॥ ৩ ॥

প্রাতঃকালে বমনকারক ঔষধ পান করিয়া জানুতুল্য উচ্চ আসনে বসিবে। দনন্তর তন্মনা হইয়া বমন চিন্তা করিবে ; তাহাতে প্রথমে বমন ভাব, পরে প্রসেক মুখ হইতে জল উঠা), তারপর বমন হইবে ॥ ৪ ॥

মহর্ষি চরক বলেন—বৈশাখ মাসের প্রথম ভাগে, ভাদ্রের প্রথমে এবং পৌষের খমে সঞ্চিত দোষের (যথাক্রমে বায়ু, পিত্ত ও কফের) অপসারণ করিবে ॥ ৫ ॥

মতান্তর—চৈত্র, অগ্রহায়ণ ও শ্রাবণ মাসে দোষের অপসারণ করিবে ॥ ৬

গ্রীষ্ম, বর্ষা, শিশির এই তিনটি প্রধান ঋতু। অতিউষ্ণলক্ষণ গ্রীষ্ম, অতিবর্ষ ক্ষণ বর্ষা ও অতি শীত লক্ষণ

উপযুক্তকালমাহ—

প্রাবৃট্ শুচিনভৌ জ্ঞেয়ৌ শরদূর্জ্জসহৌ পুনঃ।
ফাল্গুনশ্চ মধুশ্চৈব বসন্তঃ শোধনং প্রতি ॥
স্বস্থবৃত্তিমভিপ্রেত্য ব্যাধৌ ব্যাধিবশেন তু ॥ ৮ ॥
ক্রমাৎ কফঃ পিত্তমথানিলশ্চ যস্যেতি সম্যগ্বমিতঃ স ইষ্টঃ।
হৃৎপার্শ্বমূর্দ্ধেন্দ্রিয়মার্গশুদ্ধৌ তনোর্লঘুত্বেঽপি চ লক্ষ্যমাণে ॥ ৯ ॥
কফপ্রসেকস্বরভেদতন্দ্রা নিদ্রাস্যদৌর্গন্ধ্যবিষোপসর্গাঃ।
গুরুত্বকাসগ্রহণীপ্রদোষা ন সন্তি জন্তোর্ব্বমিতঃ কদাচিৎ ॥ ১০ ॥

অসম্যগ্বমিতে দোষমাহ

দুশ্ছর্দ্দিতে স্ফোটককোঠকণ্ডূ-হৃৎখাবিশুদ্ধিগুরুগাত্রতা চ ॥ ১১ ॥

আমাশয়স্থঃ কফস্তস্মাৎ কফক্রত্যা তস্য প্রথমোল্লেখঃ। ততস্তদধঃ পিত্তাশয়স্তস্মাৎ পিত্তং, পক্বাশয়স্তদধস্ততোঽনিলঃ এতি গচ্ছতি ক্রমাদিত্যনুক্রমাৎ ॥ ৯ ॥

খমিন্দ্রিয়ম্ অতঃ সর্ব্বেন্দ্রিয়স্যাবিশুদ্ধিত্বং সামান্যাৎ। হৃৎ হৃদয়ম্, এতয়োরবিশুদ্ধিরিত্যর্থঃ ॥ ১১ ॥

জনক। (উপযুক্ত কাল বলা হইতেছে)—আষাঢ় ও শ্রাবণ এই দুই মাস প্রাবৃট্, ইহা নাত্যুষ্ণ বর্ষলক্ষণ; কার্ত্তিক ও অগ্রহায়ণ শরৎ ইহা নাতিবর্ষ লক্ষণ; ফাল্গুন ও চৈত্র বসন্ত; ইহা নাতিশীতোষ্ণ লক্ষণ; এই তিনটি সাধারণ ঋতু। এই সাধারণ ঋতুই শোধনের (বমন বিরেচনের) উপযুক্ত কাল। মানবগণের স্বাস্থ্যরক্ষার্থ এই সাধারণ ঋতুত্রয় বিবেচনা করিয়া শোধন প্রয়োগ করিবে ॥ ৭। ৮ ॥

প্রথমে কফ, পরে পিত্ত, তাহার পর বায়ু নির্গত হইলে এবং হৃদয় পার্শ্বদেশ, মস্তক ও ইন্দ্রিয়মার্গ সকল বিশুদ্ধ ও দেহের লঘুতা হইলে রোগির সম্যগ্রূপ বমন হইয়াছে, বুঝিবে। সম্যগ্বমিত ব্যক্তির কফপ্রসেক, স্বরভেদ, তন্দ্রা, নিদ্রা, মুখদৌর্গন্ধ্য, বিষজনিত উপসর্গ, শরীরের গুরুতা, কাস ও গ্রহণীদোষ হয় না ॥ ৯।১০ ॥

কণ্ডুর উৎপত্তি, হৃদয় ও ইন্দ্রিয় সকলের অশুদ্ধি

অতিবমিতে দোষমাহ—

তৃষ্ণোহমূর্চ্ছানিলকোপনিদ্রাবলাতিহানিং বমিতেঽতি বিদ্যাৎ ॥ ১২ ॥

অথ বমনভেষজমাত্রামাহ

কাথ্যদ্রব্যস্য কুড়বং শ্রপয়িত্বা জলাঢ়কে।
চতুর্ভাগাবশিষ্টস্তু বমনেষ্ববচারয়েৎ ॥
কাথ্যদ্রব্যপলে বারি প্রস্থার্দ্ধং পাদশেষিতম্।
কর্ষং প্রদায় কল্কস্য মধুসৈন্ধবয়োস্তথা ॥
সুখোষ্ণং বিতরেদ্বান্তৌ মধূষ্ণং স্যান্নদোষকৃৎ।
প্রচ্ছর্দ্দনে নিরূহে চ মধূষ্ণং ন বিরুধ্যতে ॥
অলব্ধপাকমাশ্বেব তয়োর্যস্মান্নিবর্ত্তয়েৎ।
যাত্যধো দোষমাদায় পচ্যমানং বিরেচনম্ ॥
গুণোৎকর্ষাৎ তু যাত্যূর্দ্ধমপক্কং বমনং পুনঃ ॥ ১৩ ॥

তয়োরিতি বমনবিরেকয়োঃ পক্কাপক্কয়োরিত্যন্বয়ঃ ॥ ১৩ ॥

এবং গাত্রের গুরুতা হয়। আর অধিক বমনে তৃষ্ণা, মোহ, মূর্চ্ছা, বায়ুর প্রকোপ, অনিদ্রা ও বলহানি হয় ॥ ১১।১২ ॥

বমনার্থ কাথপ্রস্তুত বিধি—অর্দ্ধসের পরিমিত কাথ্য দ্রব্য ১৬ সের জলে সিদ্ধ করিয়া চতুর্থাংশ অবশিষ্ট থাকিতে নামাইয়া সেই জল উপযুক্ত মাত্রায় বমনার্থ ব্যবস্থা করিবে। ১ পল কাথ্য দ্রব্য /২ সের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধসের থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবে। পরে তাহাতে কল্ক দ্রব্য (মদনফলাদি) ২ তোলা এবং মধু ও সৈন্ধবলবণ মিলিত ২ তোলা প্রক্ষেপ দিয়া বমনার্থ ঈষদুষ্ণ অবস্থায় পান করিতে দিবে। উষ্ণে মধু বিরোধী ; অতএব এস্থলে কিরূপে তাহা প্রয়োগ করা যাইতে পারে ? তজ্জন্য বলা হইতেছে—বমনে ও নিরূহে (কষায় দ্বারা পিচকারী প্রয়োগে) উষ্ণ মধু দোষজনক হয় না। কারণ, মধু এরূপ স্থলে ধাত্বগ্নি দ্বারা পরিপাক হইবার পূর্ব্বেই বমন বা বিরেচন হইয়া দোষের সহিত নির্গত হইয়া

বমননিষেধমাহ

ন বাময়েত্তৈমিরিকং ন গুল্মিনং ন চাপি পাণ্ডূদররোগপীড়িতান্।
স্থূলক্ষতক্ষীণকৃশাতিবৃদ্ধানর্শোঽর্দ্দিতাক্ষেপকপীড়িতাংশ্চ ॥
রুক্ষে প্রমেহে তরুণে চ গর্ভে গচ্ছত্যথোর্দ্ধং রুধিরে চ তীব্রে।
দুষ্টে চ কোষ্ঠে ক্রিমিভির্ম্মনুষ্যং ন বাময়েদ্বর্চ্চসি চাতিবদ্ধে ॥
এতেঽপ্যজীর্ণব্যথিতা বম্যা যে চ বিষাতুরাঃ।
অত্যুল্বণকফা যে চ তে চ স্যুর্ম্মধুকাম্বুনা ॥ ১৪ ॥
মন্দোঽগ্নির্ব্বেদনা মন্দা গুরুস্তিমিতকোষ্ঠতা।
সোৎক্লেশা চারুচির্যস্য স গুল্মী বমনোপগঃ ॥ ১৫
অন্যচ্চ—শরৎকালে বসন্তে চ প্রাবৃট্‌কালে চ দেহিনাম্।
বমনং রেচনঞ্চৈব কারয়েৎ কুশলো ভিষক্ ॥

তৈমিরিকাদয়োঽপি এতাদৃশ্যবস্থায়াম্ বম্যা ইতি শেষঃ ॥ ১৪ ॥

বিরেচন দ্রব্য পচ্যমান অবস্থায় অধোমার্গ দ্বারা এবং বমন দ্রব্য অপক্ক অবস্থায় গুণোৎকর্ষ হেতু উর্দ্ধমার্গ দ্বারা নির্গত হইয়া থাকে। (বৃদ্ধবৈদ্যগণ কচিৎ বমনাদির অযোগে অনিষ্টাশঙ্কায় মধু প্রয়োগ করেন না) ॥ ১৩ ॥

বমনাযোগ্যের নির্দ্দেশ—তিমির, গুল্ম, পাণ্ডু, অর্শঃ, উদর, আক্ষেপ ও অর্দ্দিত রোগে পীড়িত, স্থূল, ক্ষত, ক্ষীণ, কৃশ, অতিবৃদ্ধ, রুক্ষদেহ, প্রমেহপীড়িত, বালক, গর্ভিণী, তীব্র-উর্দ্ধগ-রক্তপিত্তী, ক্রিমিদূষিত-কোষ্ঠ এবং অতিবিবদ্ধমল ব্যক্তিদের বমন প্রশস্ত নয়। পরন্তু ইহারা যদি অজীর্ণ দ্বারা ব্যথিত বিষপীড়িত ও অত্যন্ত কফপ্রবল হয়, তাহা হইলে যষ্টিমধুর কাথ দ্বারা বমন করাইবে ॥ ১৪ ॥

বমনার্হ গুল্মির লক্ষণ—অগ্নিমান্দ্য, মন্দ মন্দ বেদনা, কোষ্ঠের গুরুতা ও স্তিমিতভাব, বমনভাব এবং অরুচি উপস্থিত হইলে গুল্ম রোগিকে বমন করাইবে ॥ ১৫ ॥

মতান্তরে বমনবিধি—কুশল চিকিৎসক শরৎ, বসন্ত ও প্রাবৃট্ কালে বমন বিরেচন

বলবন্তং কফব্যাপ্তং হৃল্লাসাদিনিপীড়িতম্।
তথা বমনসাত্ম্যঞ্চ ধীরচিত্তঞ্চ বাময়েৎ ॥ ১৬ ॥
বিষদোষে স্তন্যরোগে মন্দেঽগ্নৌ শ্লীপদেঽর্ব্বুদে।
বিসর্পকুষ্ঠহৃদ্রোগ-মেহাজীর্ণভ্রমেষু চ ॥
বিদারিকাপচীকাস-শ্বাসপীনসবৃদ্ধিষু।
অপস্মারে জ্বরোন্মাদে তথা রক্তাতিসারিষু ॥
নাসাতাম্বোষ্ঠপাকেষু কর্ণস্রাবেঽধিজিহ্বকে।
গলগণ্ডেঽতীসারে চ পিত্তশ্লেষ্মগদে তথা।
মেদোগদেঽরুচৌ চৈব বমনং কারয়েদ্ভিষক্ ॥ ১৭।
ন বামনীয়স্তিমিরী ন গুল্মী নোদরী কৃশঃ।
নাতিবৃদ্ধো গর্ভিণী চ ন স্থূলো ন ক্ষতাতুরঃ ॥
মদার্ত্তো বালকো রুক্ষঃ ক্ষুধিতশ্চ নিরূহিতঃ।
উদাবর্ত্তোর্দ্ধরক্তী চ দুশ্চর্দ্দ্যঃ কেবলানিলী ॥

বমনযোগ্যের লক্ষণ—বলবান্, কফব্যাপ্ত শরীর, বমন সাত্ম্য (যাহাদের বমনকারক ঔষধ সেবন অভ্যাস আছে) ও ধীরচিত্ত ব্যক্তিদের বমনবেগ উপস্থিত হইলে বমন করাইবে ॥ ১৬ ॥

বমনযোগ্যের নির্দ্দেশ—বিষদোষ, স্তন্যরোগ, অগ্নিমান্দ্য, শ্লীপদ, অর্ব্বুদ, বিসর্প, কুষ্ঠ, হৃদ্রোগ, মেহ, অজীর্ণ, ভ্রম, বিদারিকা, অপচী, কাস, শ্বাস, পীনস, বৃদ্ধিরোগ, অপস্মার, জ্বর, উন্মাদ, রক্তাতিসার, নাসাপাক, তালুপাক, ওষ্ঠপাক, কর্ণস্রাব, অধিজিহ্ব, গলগণ্ড, অতীসার, পিত্তশ্লৈষ্মিক রোগ, অরুচি এবং মেদোরোগে ॥

তিমির, গুল্ম, উদর, উদাবর্ত্ত, ঊর্দ্ধগ রক্তপিত্ত, পাণ্ডু, ক্রিমি, মদরোগ, কেবল বায়ু রোগ এবং অধ্যয়ন হেতু স্বরভঙ্গ রোগে পীড়িত, কৃশ, অতিবৃদ্ধ, বালক, গর্ভিণী, স্থূল, রুক্ষ, ক্ষুধিত এবং যাহাদের কষ্টে বমন হয়, তাহাদিগকে

পাণ্ডুরোগী ক্রিমিব্যাপ্তঃ পঠনাৎ স্বরঘাতকঃ।
এতেঽপ্যজীর্ণব্যথিতা বম্যা যে বিষপীড়িতাঃ।
কফব্যাপ্তাশ্চ তে বম্যা মধুক্বাথস্য পানতঃ॥ ১৮॥

গ্রন্থান্তরস্থান্যাং রসমাত্রামাহ—

ক্বাথপানে নবপ্রস্থা জ্যেষ্ঠা মাত্রা প্রকীর্ত্তিতা।
মধ্যমা ষণ্মিতা প্রোক্তা ত্রিপ্রস্থা চ কনীয়সী॥

প্রসঙ্গাদন্যৌষধানাঞ্চ মাত্রামাহ

কল্কচূর্ণাবলেহানাং ত্রিপলং শ্রেষ্ঠমাত্রয়া।
মধ্যমং দ্বিপলং দদ্যাৎ কনীয়স্কং পলং ভবেৎ॥ ১৯॥
বমনে চাপি বেগাঃ স্যুরষ্টৌ পিত্তান্তা উত্তমাঃ।
ষড়্‌বেগা মধ্যমা বেগাশ্চত্বারোঽপ্যবরা মতাঃ॥ ২০॥
কফং কটুকতীক্ষ্ণোষ্ণৈঃ পিত্তং স্বাদুহিমৈর্জ্জয়েৎ।
সুস্বাদুলবণোষ্ণৈশ্চ সংসৃষ্টং বায়ুনা কফম্॥ ২১॥

ইতি বমনম্।

করাইবে না। কিন্তু ইহারা যদি অজীর্ণ রোগে আক্রান্ত বা বিষপীড়িত হয়, তবে বমন করাইবে। আর অত্যন্ত কফপ্রবল ব্যক্তিকেও যষ্টিমধুর ক্বাথ পান করাইয়া বমন করাইবে॥ ১৮॥

ক্বাথপানের প্রধান মাত্রা—৯ প্রস্থ; মধ্যম মাত্রা—৬ প্রস্থ এবং ন্যূনমাত্রা—৩ প্রস্থ। প্রসঙ্গক্রমে অন্যান্য ঔষধের মাত্রা বলা যাইতেছে—কল্ক, চূর্ণ ও অবলেহের প্রধান মাত্রা—৩ পল, মধ্যম মাত্রা—২ পল এবং ন্যূন মাত্রা—১ পল॥ ১৯॥

আটবার বমি হইলে উত্তম বেগ এবং বমন করিতে করিতে পিত্ত দেখা যাইলে উৎকৃষ্ট বমন হইয়াছে জানিবে। ৬ বার বমি হইলে মধ্যম বেগ এবং ৪ বার বমি হইলে নিকৃষ্ট বেগ বলা যায়॥ ২০॥

কটু তীক্ষ্ণ ও উষ্ণ দ্রব্য দ্বারা কফ, মধুর শীতল দ্রব্য দ্বারা পিত্ত এবং মধুর লবণ দ্রব্য দ্বারা বায়ুসংসৃষ্ট কফ নাশ করিবে॥ ২১॥

অথ বিরেচনম্।

শার্ঙ্গধরঃ।

স্নিগ্ধস্বিন্নস্য বান্তস্য দদ্যাৎ সম্যগ্ বিরেচনম্ ॥ ২২ ॥

অস্য গুণমাহ সুশ্রুতঃ।

বুদ্ধেঃ প্রসাদং বলমিন্দ্রিয়াণাং ধাতুস্থিরত্বং জ্বলনাতিদীপ্তিম্।
চিরাচ্চ পাকং বপুষঃ করোতি বিরেচনং সম্যগুপাস্যমানম্ ॥২৩॥

অবান্তস্য ত্বধঃস্রস্তো গ্রহণীং ছাদয়েৎ কফঃ।
মন্দাগ্নিং গৌরবং কুর্য্যাজ্জনয়েদ্বা প্রবাহিকাম্ ॥ ২৪ ॥
অথবা পাচনৈরামং বলাসঞ্চ বিপাচয়েৎ ॥ ২৫ ॥
স্নিগ্ধস্য স্নেহনৈঃ কার্য্যং স্বেদৈঃ স্বিন্নস্য রেচনম্।
শরদৃতৌ বসন্তে চ দেহশুদ্ধ্যৈ বিশেষতঃ ॥ ২৬ ॥

গ্রহণী অগ্নিবহধমনী, তাৎস্থ্যাদগ্নিমাহুঃ; তাং ছাদয়েদিতি শেষঃ ॥ ২৪ ॥

বিরেচনাধিকার—স্নিগ্ধ, স্বিন্ন ও বান্ত ব্যক্তিকেই বিরেচন দিবে ॥ ২২ ॥

বিরেচনের ফল। সম্যগ্রূপে বিরেচন হইলে বুদ্ধির প্রসন্নতা, সকলের বল, ধাতুসমূহের স্থিরতা, অগ্নির দীপ্তি এবং বহু বিলম্বে শরীরের জরা উপস্থিত হয় ॥২৩ ॥

বমন না করাইয়া বিরেচন দিলে কফ অধোভাগে গ্রহণী নাড়ীতে গমন করিয়া গ্রহণীস্থিত অগ্নিকে আচ্ছাদিত করে। তাহাতে অগ্নিমান্দ্য, শরীরের গুরুতা এবং প্রবাহিকা উপস্থিত হয়। অতএব এরূপস্থলে পাচক ঔষধ দ্বারা আম ও কফের পরিপাক করিবে ॥ ২৪। ২৫ ॥

স্নেহ দ্বারা স্নিগ্ধ এবং স্বেদ দ্বারা স্বিন্ন করিয়া বিরেচন প্রয়োগ করিবে। শরৎ ও বসন্তকালে দেহের শোধন কর্ত্তব্য ॥ ২৬ ॥

বিরেকনিষেধমাহ—

বালবৃদ্ধাবতিস্নিগ্ধঃ ক্ষতঃ ক্ষীণো ভয়ার্দ্দিতঃ।
শ্রান্তস্তৃষার্ত্তঃ স্থূলশ্চ গর্ভিণী চ নবজ্বরী॥
নবপ্রসূতা নারী চ মন্দাগ্নিশ্চ মদাত্যয়ী।
শল্যার্দ্দিতশ্চ রুক্ষশ্চ ন বিরেচ্যো ভিষগ্বরৈঃ॥ ২৭॥

বিরেচ্যমাহ—

জীর্ণজ্বরী গরব্যাপ্তো বাতরক্তী ভগন্দরী।
অর্শঃপাণ্ডূদরগ্রন্থি-হৃদ্রোগারুচিপীড়িতাঃ॥
যোনিরোগপ্রমেহার্ত্ত-গুল্মপ্লীহব্রণার্দ্দিতাঃ।
বিদ্রধিচ্ছর্দ্দিবিস্ফোট-বিসূচীকুষ্ঠসংযুতাঃ॥
কর্ণনাসাশিরোবক্ত্র-গুদমেঢ্রাময়ার্দ্দিতাঃ।
প্লীহশোথাক্ষিরোগার্ত্তাঃ ক্রিমিরোগানিলার্দ্দিতাঃ॥
শূলিনো মূত্রাঘাতার্ত্তা বিরেকার্হা নরা মতাঃ॥ ২৮॥
বহুপিত্তো মৃদুঃ প্রোক্তো বহুশ্লেষ্মা চ মধ্যমঃ।
বহুবাতঃ ক্রূরকোষ্ঠো দুর্বিরেচ্যঃ স কথ্যতে॥ ২৯॥

বিরেচনাযোগ্যের নির্দ্দেশ।—বালক, বৃদ্ধ, অতিস্নিগ্ধ, ক্ষত, ক্ষীণ, রুক্ষ, গর্ভিণী, ভীত, শ্রান্ত, পিপাসাযুক্ত, শল্যপীড়িত, নবপ্রসূতা এবং নবজ্বর, অগ্নিমান্দ্য ও মদাত্যয় রোগে আক্রান্ত ব্যক্তিগণের পক্ষে বিরেচন প্রশস্ত নহে॥ ২৭॥

বিরেচনযোগ্যের নির্দ্দেশ—জীর্ণজ্বর, বাতরক্ত, ভগন্দর, অর্শঃ, পাণ্ডু, উদর, গ্রন্থি, হৃদ্রোগ, অরুচি, যোনিরোগ, প্রমেহ, গুল্ম, প্লীহা, ব্রণ, বিদ্রধি, বমন, বিস্ফোট, বিসূচী, কুষ্ঠ, শোথ, নেত্ররোগ, ক্রিমি, বাত, শূল, মূত্রাঘাত, বিষদোষ এই সকল রোগে এবং কর্ণ, নাসা, মুখ, শিরঃ, গুহ্য ও মেঢ্র রোগে পীড়িত ব্যক্তিদিগকে বিরেচন প্রয়োগ করিবে॥ ২৮॥

পিত্তবহুল কোষ্ঠকে মৃদু কোষ্ঠ, শ্লেষ্মবহুল কোষ্ঠকে মধ্য কোষ্ঠ এবং বাতবহুল কোষ্ঠ কহে। বাতবহুল কোষ্ঠ দুর্বিরেচ্য॥ ২৯॥

তস্য মাত্রামাহ—

মাত্রোত্তমা বিরেকস্য ত্রিংশদ্বেগৈঃ কফান্তকম্।
বেগৈর্ব্বিংশতিভির্মধ্যা হীনোক্তা দশবেগকৈঃ॥
দ্বিপলং শ্রেষ্ঠমাখ্যাতং মধ্যমঞ্চ পলং ভবেৎ।
পলার্দ্ধঞ্চ কষায়াণাং কনীয়স্কং বিরেচনম্॥ ৩০॥

আনন্দসেনস্ত্বাহ—

পিত্তেন স্যান্মৃদুঃ কোষ্ঠঃ ক্রূরো বাতকফাশ্রয়াৎ।
মধ্যমঃ সমদোষঃ স্যান্ মাত্রা যোজ্যানুরূপতঃ॥
পলন্তু শ্রেষ্ঠমাখ্যাতং মধ্যস্ত্বর্দ্ধপলং ভবেৎ।
কর্ষমানং কনীয়ঃ স্যাৎ জ্ঞেয়ং শ্রেষ্ঠাদ্যপেক্ষয়া॥ ৩১॥

বমনবিরেকয়োশ্চতুর্দ্ধা বিশুদ্ধিমাহ

বৈনিকী মাণিকা চাপি অন্তকী নলিকী তথা।
চতুর্ব্বিধা শুদ্ধিরুক্তা বমনে চ বিরেচনে॥ ৩২॥

যে মাত্রায় বিরেচক ঔষধ সেবন করিলে ৩০ বার ভেদ এবং শেষে কফ নির্গত হয়, তাহা শ্রেষ্ঠ মাত্রা; ২০ বার ভেদ হইলে মধ্য মাত্রা এবং ১০ বার ভেদ হইলে ন্যূন মাত্রা বলা যায়। বিরেচনার্থ কাথপানের প্রধান মাত্রা ২ পল; মধ্য মাত্রা—১ পল ও ন্যূন মাত্রা—৪ তোলা॥ ৩০॥

আনন্দ সেন বলেন—পিত্ত হেতু মৃদু কোষ্ঠ, বায়ু ও কফ হেতু ক্রূর কোষ্ঠ এবং দোষের সমতা হেতু মধ্য কোষ্ঠ হয়। অতএব কোষ্ঠ বিবেচনা করিয়া মাত্রা নির্ণয় করিবে। তন্মতে বিরেচনার্থ কাথপানের প্রধান মাত্রা—১ পল; মধ্য মাত্রা—অর্দ্ধ পল, ন্যূন মাত্রা—২ তোলা॥ ৩১॥

বমন বিরেচনে চারি প্রকার বিশুদ্ধির নাম যথা—বৈনিকী, মাণিকা, অন্তকী নলিকী॥ ৩২॥

জঘন্যমধ্যপ্রবরে তু বেগাশ্চত্বার ইষ্টা বমনে ষড়ষ্টৌ।
দশৈব তে দ্বিত্রিগুণা বিরেকে প্রস্থস্তথা দ্বিত্রিচতুর্গুণাশ্চ ॥ ৩৩ ॥
বমনে চ বিরেকে চ তথা শোণিতমোক্ষণে।
সার্দ্ধত্রয়োদশপলং প্রস্থমাহুর্ম্মনীষিণঃ ॥
পিত্তান্তমিষ্টং বমনং কফান্তঞ্চ বিরেচনম্ ॥ ৩৪ ॥

বিরেকমাহ—

দ্বিত্রান্ সবিট্‌কানপনীয় বেগান্ মেয়ং বিরেকে বমনে তু পীতম্।
ক্রমাৎ কফঃ পিত্তমথানিলশ্চ যস্যৈতি সম্যগ্বমিতঃ স ইষ্টঃ ॥ ৩৫ ॥

---

* জঘন্যমিতি জঘন্যে বমনে চত্বারো বেগাঃ, মধ্যমে ষড় বেগাঃ, প্রবরেঽষ্টবেগাঃ। তথা চ জঘন্যবিরেকে দশ বেগাঃ, মধ্যমে বিরেকে দশদ্বিগুণা বিংশতিরিত্যর্থঃ। প্রবরে শ্রেষ্ঠে বিরেকে দশত্রিগুণা ত্রিংশদ্বেগা ইত্যর্থঃ। বিরেকে দোষমানেনাপি জঘন্যাদিত্বমাহুঃ। প্রস্থ ইত্যাদি দ্বিগুণঃ প্রস্থো জঘন্যে, ত্রিগুণো মধ্যমে, চতুর্গুণঃ প্রবরে ইত্যর্থঃ। পিত্তান্তমিতি আত্যন্তিকী শুদ্ধির্বিরেকার্দ্ধভেষজমাত্রয়া কার্য্যা, বিরেকে যৎ প্রস্থাদিনা জঘন্যত্বমুক্তং তদর্দ্ধপরিমাণেন জঘন্যাদিত্বমপরং বমনে জ্ঞেয়ম্। কফান্তমিতি অতিরেকেণাত্যন্তিকী শুদ্ধিরুক্তা ॥ ৩৩ ॥

বিরেকে দ্বিত্রান্ সবিট্‌কান্ বেগান অপনীয় ত্যক্ত্বা মেয়ং গণনীয়ং পরিমাণং কার্য্যং, বিরেকসঙ্খ্যা কর্ত্তব্যেত্যর্থঃ। তথা বমনে পীতং ঔষধমপনীয় মানং কর্ত্তব্যং,

---

জঘন্য মধ্য ও উৎকৃষ্ট ভেদে বমনের বেগ ত্রিবিধ। ৪ বার বমি হইলে অধম বেগ, ৬ বার বমি হইলে মধ্যম বেগ এবং ৮ বার বমি হইলে প্রবর (উৎকৃষ্ট) বেগ বলা যায়। জঘন্যাদি ভেদে বিরেচনও ত্রিবিধ। ১০ বার বিরেচন হইলে নিকৃষ্ট বেগ, ২০ বার বিরেচন হইলে মধ্যবেগ এবং ৩০ বার বিরেচন হইলে উৎকৃষ্ট বেগ বলা যায়। (বেগসংখ্যাভেদে জঘন্যাদি ভেদ বলিয়া দোষমানভেদে বিরেচনের জঘন্য-মধ্য-প্রবরতা বলা হইতেছে) জঘন্য বিরেচনে ২ প্রস্থ, মধ্যবিরেচনে ৩ প্রস্থ এবং উৎকৃষ্ট বিরেচনে ৪ প্রস্থ মল নিঃসৃত হয়। বমন, বিরেচন ও রক্তমোক্ষণ ক্রিয়ায় সাড়ে তের পলে এক প্রস্থ গণ্য হইয়া থাকে। বমন করিতে করিতে পিত্ত দেখা যাইলে উৎকৃষ্ট বমন হইয়াছে জানিবে; আর বিরেচনে কফ দেখা [illegible] উৎকৃষ্ট বিরেচন হইয়াছে, বুঝিতে হইবে ॥ ৩৩। ৩৪ ॥

হৃৎপার্শ্বমূর্দ্ধেন্দ্রিয়মার্গশুদ্ধৌ তনোর্লঘুত্বেঽপি চ লক্ষ্যমাণে ॥
স্রোতোবিশুদ্ধীন্দ্রিয়সম্প্রসাদৌ লঘুত্বমূর্জ্জোঽগ্নিরনাময়ত্বম্।
প্রাপ্তিশ্চ বিট্‌পিত্তকফানিলানাং সম্যগ্বিরিক্তস্য ভবেৎ ক্রমেণ ॥ ৩৬ ॥
স্যাৎ শ্লেষ্মপিত্তানিলসংপ্রকোপঃ সাদস্তথাগ্নের্গুরুতা প্রতিশ্যা।
তন্দ্রা তথা চ্ছর্দ্দিররোচকশ্চ বাতানুলোম্যং ন চ দুর্বিরিক্তে ॥ ৩৭ ॥
কফাস্রপিত্তক্ষয়জানিলোত্থাঃ সুপ্ত্যঙ্গমর্দ্দক্লমবেপনাদ্যাঃ।
নিদ্রাবলাভাবতমঃপ্রবেশাঃ সোন্মাদহিক্কাশ্চ বিরেচিতেঽতি ॥ ৩৮ ॥

বিরেকনিষেধমাহ

ক্ষীণঃ ক্ষতোরঃক্ষতবালবৃদ্ধা দীনোঽথ শোষো ভয়শোকতপ্তঃ।
শ্রান্তস্তৃষার্ত্তোঽপরিজীর্ণভক্তো গর্ভিণ্যধোগচ্ছতি যস্য চাসৃক্ ॥

বেগানামিত্যর্থঃ। বিরেক ইতি। পূর্ব্বদিনাহারমলবিরেকাৎ প্রথমতঃ বেগদ্বয়ং ত্রয়ং বা পরিহৃত্য সঙ্খ্যা কর্ত্তব্যা ইতি। বমনেঽপি পীতমৌষধং প্রথমবেগেন বহির্নিঃসরতি, অতস্তন্ন গণনীয়মতোঽনন্তরং সঙ্খ্যা কার্য্যেতি দিক্ ॥ ৩৫ ॥

প্রাপ্তিরিতি প্রবৃত্তিরিত্যর্থঃ ॥ ৩৬ ॥

বিরেচন কালে মলের সহিত প্রথম যে ২।৩ বার বেগ হয়, তাহা ত্যাগ করিয়া এবং বমনার্থ পীত ঔষধের পরিমাণ ত্যাগ করিয়া বেগ গণনা করিবে। সম্যক বমনে কফ পিত্ত ও বায়ু ক্রমশঃ নির্গত হয় ॥ ৩৫ ॥

সম্যগ্ বিরেচনের লক্ষণ—বিরেচন সম্যগ্‌রূপ হইলে হৃদয়, পার্শ্ব, মস্তক ও ইন্দ্রিয়পথের বিশুদ্ধি, ইন্দ্রিয়গণের বৈমল্য, দেহের লঘুত্ব, স্রোতঃশুদ্ধি, বলাধান, অগ্নির দীপ্তি, অরোগিতা এবং মল, পিত্ত, কফ ও বায়ুর ক্রমশঃ প্রবর্ত্তন হয়। সম্যগ্‌বিরেচন না হইলে শ্লেষ্মা, পিত্ত ও বায়ুর প্রকোপ, অগ্নিমান্দ্য, কোষ্ঠের ও গাত্রের গুরুতা, প্রতিশ্যায়, তন্দ্রা, বমি, অরুচি ও বায়ুর অননুলোম এই সকল লক্ষণ প্রকাশ পায়। অতি বিরেচন হইলে কফ, রক্ত ও পিত্তের ক্ষয় হয় এবং সেই কফাদি ধাতুর ক্ষয় হেতু বায়ু প্রকুপিত হইয়া অঙ্গের সুপ্তি, অঙ্গমর্দ্দ, ক্লান্তি ও কম্পাদি আনয়ন করে। আর অনিদ্রা, বলহানি, তমঃপ্রবেশ (অন্ধকারমগ্নবৎ প্রতীতি), উন্মাদ ও হিক্কা উপস্থিত হয় ॥ ৩৬—৩৮ ॥

নবপ্রতিশ্যায়পরীতদেহো নবজ্বরী যা চ নবপ্রসূতা।
কষায়নিষ্ঠা ন বিরেচনীয়াঃ স্নেহাদিভির্যে ত্বনুপস্কৃতাশ্চ ॥ ৩৯ ॥
বিরেচনৈর্যান্তি নরা বিনাশমজ্ঞপ্রযুক্তৈরবিরেচনীয়াঃ।
অত্যর্থপিত্তাভিপরীতদেহান্ বিরেচয়েৎ তানপি মন্দবীর্য্যঃ ॥ ৪০ ॥

ইতি বিরেচনম্।

অথ নস্যম্।

নস্যভেদো দ্বিধা প্রোক্তো রেচনং স্নেহনং তথা।
রেচনং কর্ষণং প্রোক্তং স্নেহনং বৃংহণং মতম্ ॥
নস্যং তৎ কথ্যতে ধীরৈর্নাসাগ্রাহ্যং যদৌষধম্।
নাবনং নস্তকর্ম্মেতি তস্য নামদ্বয়ং মতম্ ॥ ৪১ ॥

রেচনং কফাদীনামিত্যর্থঃ ॥ ৪১ ॥

মতান্তরে বিরেচনাযোগ্যের নির্দ্দেশ—বালক, বৃদ্ধ, ভীত, শোকপ্রাপ্ত, দীন, শ্রান্ত, তৃষ্ণার্ত্ত, গর্ভিণী, নবপ্রসূতা, ক্ষীণ, নিয়ত কষায়সেবী, অজীর্ণভক্ত, (ভুক্তদ্রব্য পরিপাক হয় নাই, এমন অবস্থায়) এবং ক্ষত, উরঃক্ষত, অধোগরক্তপিত্ত, নূতন প্রতিশ্যায়, নূতন জ্বর ও শোষ রোগে আক্রান্ত এই সকল ব্যক্তি এবং যাহারা স্নেহাদি দ্বারা অনুপস্কৃত, তাহারা অবিরেচ্য ॥ ৩৯ ॥

অনভিজ্ঞ চিকিৎসক, বিরেচনাযোগ্য ব্যক্তিকে বিরেচন প্রয়োগ করিলে তাহাতে তাহার প্রাণনাশ হইয়া থাকে। কিন্তু বর্দ্ধিত পিত্ত দ্বারা শরীর অত্যন্ত আক্রান্ত হইলে বিরেচনের অযোগ্য হইলেও তাহাকে মৃদু বিরেচন প্রয়োগ করিবে ॥ ৪০ ॥

নস্যাধিকার।—রেচন ও স্নেহন ভেদে নস্য দুই প্রকার। রেচন নস্যে কফাদির অপগম এবং স্নেহন নস্যে দেহের পোষণ হয়। যে ঔষধ নাসিকা দ্বারা টানিয়া লওয়া হয়, তাহাকে নস্য কহে। নস্যের অপর দুই নাম—নাবন ও নস্তকর্ম্ম ॥ ৪১ ॥

কফপিত্তানিলধ্বংসে পূর্ব্বে মধ্যেঽপরাহ্ণিকে।
দিনস্য গৃহ্যতে নস্যং রাত্রাবপ্যুৎকটে গদে ॥ ৪২ ॥

অন্যচ্চ—প্রতিমর্ষোঽবপীড়শ্চ নস্যং প্রধমনং তথা।
শিরোবিরেচনঞ্চৈব নস্তঃকর্ম্ম তু পঞ্চধা ॥ ৪৩ ॥
ঈষদুচ্ছিঞ্জনাৎ স্নেহো যাবদ্ বক্ত্রং প্রপদ্যতে।
নস্যো নিষিক্তস্তং বিদ্যাৎ প্রতিমর্ষং প্রমাণতঃ।
প্রতিমর্ষঞ্চ নস্যার্থং করোতি ন চ দোষবান্ ॥ ৪৪ ॥
শোধনঃ স্তম্ভনস্তস্মাদবপীড়ো দ্বিধা মতঃ।
আপীড্য দীয়তে যস্মাদবপীড়স্ততঃ স্মৃতঃ ॥ ৪৫ ॥
স্নেহার্থং শূন্যশিরসাং গ্রীবাস্কন্ধোরসাং তথা।
বলার্থং দীয়তে স্নেহো নস্তঃ সর্ব্বত্র বর্ত্ততে ॥ ৪৬ ॥

অন্যচ্চ—অবপীড়ঃ প্রধমনং দ্বৌ ভেদাবপরৌ স্মৃতৌ।
শিরোবিরেচনস্যার্থে তৌ তু দেয়ৌ যথাযথম্ ॥

কফশান্তির নিমিত্ত প্রাতঃকালে, পিত্তপ্রশমনার্থ মধ্যাহ্নে এবং বায়ু-নিবারণার্থ সায়ংকালে নস্য গ্রহণীয়। রোগের আধিক্য হইলে অবস্থা বিবেচনা করিয়া রাত্রিতেও নস্য গ্রহণ করিতে পারা যায় ॥ ৪২ ॥

অন্যবিধ।—প্রতিমর্ষ, অবপীড়, নস্য, প্রধমন ও শিরোবিরেচন ভেদে নস্য কর্ম্ম পাঁচ প্রকার। নাসামধ্যে যে পরিমিত নিষিক্ত স্নেহ অল্প টানিয়া লইলে মুখ মধ্যে প্রবেশ করে, তাহাই প্রতিমর্ষের প্রমাণ জানিবে। প্রতিমর্ষ, নস্যের অর্থ অর্থাৎ স্নেহন-শোধনরূপ কার্য্যদ্বয় সম্পাদন করে; ইহা অনিষ্টকারক নহে ॥ ৪৩। ৪৪ ॥

অবপীড় দুই প্রকার; শোধন ও স্তম্ভন। অবপীড়নপূর্ব্বক দেওয়া হয় বলিয়া উহাকে অবপীড় নস্য কহে। স্নেহশূন্য মস্তকের স্নেহনার্থ এবং গ্রীবা স্কন্ধ ও বক্ষঃস্থলের বলাধানার্থ যে স্নেহ প্রয়োগ করা যায়, তাহাকেও নস্য কহে ॥ ৪৫। ৪৬ ॥

প্রকারান্তর।—অবপীড় ও প্রধমন ভেদে নস্য দুই প্রকার; ইহা শিরোবিরেচনার্থ প্রযুক্ত হয়। তীক্ষ্ণ ঔষধাদি কুট্টিত করিয়া যে রস নির্গত হয়, সেই

কল্কীকৃতাদৌষধাদ্‌যঃ পীড়িতো নিঃস্রুতো রসঃ।
সোঽবপীড়ঃ সমুদ্দিষ্টস্তীক্ষ্ণদ্রব্যসমুদ্ভবঃ ॥ ৪৭ ॥
ষড়ঙ্গুলা দ্বিবক্ত্রা যা নাড়ী চূর্ণং তয়া ধমেৎ।
তীক্ষ্ণং কোলমিতং বক্ত্রবাতৈঃ প্রধমনং স্মৃতম্ ॥ ৪৮ ॥
ঊর্দ্ধজত্রুগতে রোগে কফজে চ স্বরক্ষয়ে।
অরোচকে প্রতিশ্যায়ে শিরঃশূলে চ পীনসে।
শোথাপস্মারকুষ্ঠেষু নস্যং বৈরেচনং হিতম্ ॥ ৪৯ ॥
ভীরুস্ত্রীকৃশবালানাং নস্যং স্নেহেন শস্যতে।
গলরোগে সন্নিপাতে নিদ্রায়াং বিষম জ্বরে।
মনোবিকারে ক্রিমিষু যুজ্যতে চাবপীড়নম্ ॥ ৫০ ॥
অত্যন্তোৎকটদোষেষু বিসংজ্ঞেষু চ দীয়তে।
চূর্ণং প্রধমনং ধীরৈস্তদ্ধি তীক্ষ্ণতরং যতঃ ॥ ৫১ ॥
নস্যস্য স্নৈহিকস্যাত্র দেয়াস্তষ্টৌ চ বিন্দবঃ।
প্রত্যেকশো নস্তকয়োর্নাসামিতি বিনিশ্চয়ঃ ॥ ৫২ ॥

গ্রহণ করাকে অবপীড় কহে। আর ছয় অঙ্গুল লম্বা দুই মুখ বিশিষ্ট একটি নলের মধ্যে ১ তোলা পরিমিত তীক্ষ্ণ ঔষধ চূর্ণ পুরিয়া নলের এক মুখ নাসারন্ধ্রে লাগাইয়া অন্য মুখে ফুৎকার দিয়া নাসাভ্যন্তরে ঔষধ দেওয়ার নাম প্রধমন ॥ ৪৭। ৪৮ ॥

স্বরভঙ্গ, অরুচি, প্রতিশ্যায়, শিরোবেদনা, পীনস, শোথ, অপস্মার, কুষ্ঠ এবং ঊর্দ্ধজত্রুগত ও কফজ রোগে রেচন নস্য হিতকর। স্ত্রীলোক, বালক, কৃশ এবং ভীরু ব্যক্তিদের পক্ষে স্নেহন নস্য প্রশস্ত। গলরোগে, সন্নিপাতে, অতিনিদ্রায়, বিষমজ্বরে, মানসিক রোগে এবং ক্রিমিরোগে অবপীড়ন ব্যবস্থা। দোষের অতিশয় প্রাবল্য অবস্থায় এবং সংজ্ঞাহীনতায় চিকিৎসকগণ, অতি তীক্ষ্ণতর বলিয়া প্রধমন নস্য প্রয়োগ করিয়া থাকেন ॥ ৪৯—৫১ ॥

স্নৈহিক নস্যার্থ প্রত্যেক নাসাবিবরে আট বিন্দু করিয়া তৈল দিবে। (তর্জ্জনী

অষ্টবর্ষস্য বালস্য নস্তঃকর্ম্ম সমাচরেৎ।
অশীতিবর্ষাদূর্দ্ধঞ্চ নাবনং নৈব দীয়তে॥ ৫৩॥

নিষেধমাহ—

তথা নবপ্রতিশ্যায়ী গর্ভিণী গরদূষিতঃ।
অজীর্ণী দত্তবস্তিশ্চ পীতস্নেহোদকাসবঃ॥
ক্রুদ্ধঃ শোকাভিতপ্তশ্চ তৃষার্ত্তো বৃদ্ধবালকৌ।
বেগাবরোধী স্নাতশ্চ স্নাতুকামশ্চ বর্জ্জয়েৎ॥ ৫৪॥

ইতি নস্যম্।

অথানুবাসনম্।

ভবেৎ সুখোষ্ণশ্চ তথা নিরেতি সহসা সুখম্।
বিরিক্তস্ত্বনুবাস্যঃ স্যাৎ সপ্তরাত্রাৎ পরং তদা॥ ৫৫॥

অঙ্গুলির পর্ব্বদ্বয় স্নেহমধ্যে ডুবাইয়া উদ্ধৃত করিলে যতটুকু স্নেহ পতিত হয়, তাহাই বিন্দুর পরিমাণ)॥ ৫২॥

অষ্টম বৎসরের ন্যূন বয়স্কের এবং অশীতি বর্ষের ঊর্দ্ধ বয়স্কের পক্ষে নস্য প্রয়োগ নিষিদ্ধ। যাহারা জল, আসব, গরবিষ ও স্নেহ পান করিয়াছে, যাহাদিগকে বস্তি দিত্ত হইয়াছে, যাহারা স্নান করিয়াছে, যাহারা মলমূত্রাদির বেগ ধারণ করিয়াছে, যাহাদের এবং নূতন প্রতিশ্যায়গ্রস্ত, গর্ভিণী, বৃদ্ধ, বালক, ক্রুদ্ধ, শোকার্ত্ত, পিপাসাযুক্ত, অজীর্ণগ্রস্ত এবং স্নাতুকাম (স্নানের পূর্ব্বে) ব্যক্তিদের পক্ষে নস্য হিতকর নহে॥ ৫৩। ৫৪॥

অনুবাসন—অনুবাসন (স্নেহ দ্রব্য দ্বারা পিচকারী দেওয়ার নাম অনুবাসন) সুখোষ্ণাবস্থায় প্রয়োগ করিলে শীঘ্র এবং অনায়াসে ঔষধ নির্গত হইয়া থাকে। বিরেচনের পর অনুবাসন দিতে হইলে সাত

বিরেচনাৎ সপ্তরাত্রে গতে জাতবলায় বৈ।
কৃতাহারায় সায়াহ্নে বস্তির্দেয়োঽনুবাসনঃ ॥ ৫৬ ॥

সুবর্ণরৌপ্যত্রপুতাম্ররীতি-কাংস্যায়সাস্থিদ্রুমবেণুদন্তৈঃ।
নলৈর্বিষাণৈর্মণিভিস্তু তৈস্তৈঃ কার্য্যাণি নেত্রাণি সুকর্ণিকানি ॥
ষড়্দ্বাদশাষ্টাঙ্গুলসম্মিতানি ষড়্বিংশতিদ্বাদশবর্ষজানাম্।
স্যুর্মুদ্গকর্কন্ধুসতীনবাহি-চ্ছিদ্রাণি বর্ত্ত্যা পিহিতানি চাপি ॥
যথাবয়োঽঙ্গুষ্ঠকনিষ্ঠকাভ্যাং মূলাগ্রয়োঃ স্যুঃ পরিণাহবন্তি।
ঋজূনি গোপুচ্ছসমাকৃতীনি শ্লক্ষ্ণানি চ স্যুর্গুড়িকামুখানি ॥
স্যাৎ কর্ণিকৈকাগ্রচতুর্থভাগে মূলাশ্রিতে বস্তিনিবন্ধনে দ্বে ॥

অন্যত্রও উক্ত আছে—বিরেচনানন্তর সাত রাত্রি অতীত হইলে এবং রোগী বল পাইলে; তাহাকে আহার করাইয়া সায়ংকালে অনুবাসন বস্তি প্রয়োগ করিবে ॥ ৫৬

স্বর্ণ, রৌপ্য, সীসক, তাম্র, পিত্তল, কাসা, অস্থি, লৌহ, বৃক্ষ, বেণু (বাঁশ), দন্ত, নল, শৃঙ্গ ও মণি এই সকল দ্রব্যে বস্তিনল নির্ম্মিত হইয়া থাকে। নলে তিনটি কর্ণিকা (ছত্রাকৃতি, সুকর্ণিকা পাঠে—উত্তমরূপে সংযোজিত কর্ণিকা) সংযুক্ত থাকে। ছয় বৎসর পর্য্যন্ত বয়সের বালকের পক্ষে বস্তিনলের দৈর্ঘ্য ছয় অঙ্গুল, সাত হইতে বার বৎসর পর্য্যন্ত বয়সের পক্ষে আট আঙ্গুল এবং তের হইতে কুড়ি বৎসর বয়সের পক্ষে বার অঙ্গুল হওয়া উচিত। এবং নলের ছিদ্র পরিমাণ যথাক্রমে মুগ মটর ও কুল প্রবেশযোগ্য হওয়া আবশ্যক। নলের ভিতর কোন দ্রব্য প্রবেশ করিতে না পারে, এই জন্য ছিদ্রের মুখ আবৃত করিয়া রাখা কর্ত্তব্য। যে বয়সের ব্যক্তিকে বস্তি দিতে হইবে, সেই বয়সে তাহার নিজ অঙ্গুষ্ঠের পরিবেষ্টন যত হয়, বস্তি-নলের মূলভাগের পরিবেষ্টনও তত এবং তাহার কনিষ্ঠাঙ্গুলির পরিবেষ্টন যত হয় ঐ নলের অগ্রভাগের পরিবেষ্টনও তত করিতে হইবে। বস্তিনল ঋজু গোপুচ্ছাকার ক্রম-সূক্ষ্ম, মসৃণ ও গুড়িকামুখ (বর্ত্তুলাকার মুখ) হওয়া আবশ্যক। নলের মুখের দিকে চতুর্থভাগ স্থানে একটি কর্ণিকা সংযুক্ত করিবে। এই স্থানে কর্ণিকা সংযোগ অভ্যন্তরে নলের সিকিভাগমাত্র প্রবেশ করিবে.

জারদগবো মাহিষহারিণৌ বা স্যাৎ শৌকরো বস্তিরজস্য বাপি।
দৃঢ়স্তনুর্নষ্টশিরোবিগন্ধঃ কষায়রক্তশ্চ মৃদুঃ সুশুদ্ধঃ॥
নৃণাং বয়ো বীক্ষ্য যথানুরূপং নেত্রেষু যোজ্যস্তু সুবদ্ধসূত্রঃ॥ ৫৭॥
ব্রণাবস্তেস্তু নেত্রং স্যাৎ শ্লক্ষ্ণমষ্টাঙ্গুলোন্মিতম্।
মুখচ্ছিদ্রং গৃধ্রপক্ষ-নলিকাপরিণাহি চ* ॥ ৫৮॥
অন্যচ্চ—কষায়ক্ষীরতৈলৈর্যো নিরূহঃ স নিগদ্যতে।
বস্তিভির্দীয়তে যস্মাৎ তস্মাদ্বস্তিরিতি স্মৃতঃ॥
তত্রানুবাসনাখ্যো হি বস্তির্যঃ সোঽত্র কথ্যতে† ॥ ৫৯॥

কর্ণিকা থাকায় তাহার অধিক প্রবেশ করিতে পারিবে না। নলের মূলদেশে বস্তি বন্ধনার্থ দুইটি কর্ণিকা নিবদ্ধ করিবে অর্থাৎ এই কর্ণিকা নিবদ্ধ স্থানে নলের সহিত বস্তি বান্ধিবে।

বৃদ্ধ গো, মহিষ, হরিণ, শূকর বা ছাগলের বস্তি (মূত্রাশয় চর্ম্ম) গ্রহণ করিয়া বস্তির পুটক প্রস্তুত করিবে। বস্তিপুটক দৃঢ়, পাতলা, শিরাবিহীন, গন্ধরহিত, কষায়-রঞ্জিত, সুকোমল ও পরিষ্কৃত হওয়া উচিত। মানবের বয়স লক্ষ্য করিয়া যথোপযুক্ত বস্তি প্রস্তুত করিবে। ঐ বস্তি নলের সহিত সূত্রদ্বারা দৃঢ়রূপে বান্ধিবে॥ ৫৭॥

ব্রণে প্রয়োগার্থ বস্তির নল অষ্টাঙ্গুল পরিমিত, মসৃণ এবং উহার মুখচ্ছিদ্রের পরিমাণ গৃধ্রপক্ষির পক্ষের নলিকার (কুইলের) ন্যায় হইবে॥ ৫৮॥

অন্যপ্রকার। কাথ, ক্ষীর ও তৈল দ্বারা যে বস্তি দেওয়া হয়, তাহাকে নিরূহ বস্তি বলে। গো-মহিষাদির বস্তির দ্বারা কৃত হয় বলিয়া, ঐ যন্ত্র, বস্তিনামে অভিহিত হয়॥ ৫৯॥

---

* নেত্রং কার্য্যং সুবর্ণাদি-ধাতুভির্বংশবেণুভিঃ। নলৈর্দন্তৈর্বিষাণাগ্রৈর্মহিষীভির্বা বিধীয়তে॥ একবর্ষাৎ তু ষড় বর্ষং যাবন্মাত্রা ষড়ঙ্গুলম্। ততো দ্বাদশকং যাবন্মানং স্যাদষ্টসম্মিতম্॥ ততঃ পরং দ্বাদশভিরঙ্গুলৈর্নেত্রদীর্ঘতা। মুদ্গচ্ছিদ্রং কলায়াভং ছিদ্রকোলাস্থিরন্ধ্রকম্॥ যথাসম্ভ্যং ভবেন্নেত্রং শ্লক্ষ্ণং গোপুচ্ছসন্নিভম্। আতুরাঙ্গুষ্ঠমানেন মূলে স্থূলং বিধীয়তে। কনিষ্ঠিকাপরীণাহমগ্রে চ গুড়িকামুখম্। তন্মূলে কর্ণিকে দ্বে চ কার্য্যে ভাগাচ্চতুর্থকান্। যোজয়েৎ তত্র বস্তিস্তু বন্ধনবিধানতঃ॥ মৃগাজশূকরগবাং মহিষস্যাপি বা ভবেৎ। মূত্রকোষস্তু বস্তিস্তু তদলাভেন চর্ম্মজঃ॥ কষায়রক্তঃ সম্বৃদ্ধবস্তিঃ স্নিগ্ধো দৃঢ়ো হিতঃ॥ ইতি।

† পূর্ব্বমেব তত্রোপবস্তির্নিরূহাখ্যো ভবিষ্যতি। নিরূহাদ্ব্যবহারেণ বস্তিঃ স্যাদনুবাসনাখ্যঃ।

অনুবাসনভেদশ্চ মাত্রাবস্তিরুদীরিতঃ ॥
পলদ্বয়ং তস্য মাত্রা তস্মাদর্দ্ধোঽপি বা ভবেৎ।
অনুবাস্যস্তু রুক্ষঃ স্যাৎ তীক্ষ্ণাগ্নিঃ কেবলানিলী ॥ ৬০ ॥
নানুবাস্যস্তু কুষ্ঠী স্যান্মেহী স্থূলস্তথোদরী।
নাস্থাপ্যা নানুবাস্যাঃ স্যুরজীর্ণোন্মাদতৃড়্যুতাঃ।
শোথমূর্চ্ছারুচিভয়-শ্বাসকাসক্ষয়াতুরাঃ ॥ ৬১ ॥
শরীরোপচয়ং বর্ণং বলমারোগ্যমায়ুষঃ।
কুরুতে পরিবৃদ্ধিঞ্চ বস্তিঃ সম্যগুপাসিতঃ ॥ ৬২ ॥
দিবা শীতে বসন্তে চ স্নেহবস্তিঃ প্রদীয়তে।
গ্রীষ্মবর্ষাশরৎকালে রাত্রৌ স্যাদনুবাসনম্ ॥ ৬৩ ॥
ন চাতিস্নিগ্ধমশনং ভোজয়িত্বানুবাসয়েৎ।
মদমূর্চ্ছাঞ্চ জনয়েদ্দ্বিধা স্নেহং প্রযোজিতঃ ॥ ৬৪ ॥
হীনমাত্রাবুভৌ বস্তী নাতিকার্য্যকরৌ স্মৃতৌ।
অতিমাত্রৌ তথানাহক্লমাতীসারকারকৌ ॥ ৬৫ ॥

অতঃপর অনুবাসন বস্তির বিষয় বলা হইতেছে—মাত্রাবস্তি অনুবাসন-বস্তির ভেদমাত্র। ২ পল বা ১ পল তাহার মাত্রা। রুক্ষ, তীক্ষ্ণাগ্নি ও শুদ্ধ বায়ুরোগাক্রান্ত ব্যক্তির পক্ষে, অনুবাসন বস্তি প্রশস্ত। কুষ্ঠ, মেহ, উদর, অজীর্ণ, উন্মাদ, শোথ, মূর্চ্ছা, অরুচি, শ্বাস, কাস, ক্ষয় রোগে আক্রান্ত এবং স্থূল, তৃষ্ণার্ত্ত ও ভয়প্রাপ্ত ব্যক্তিদের পক্ষে আস্থাপন ও অনুবাসন বস্তি হিতকর নহে ॥ ৬০। ৬১ ॥

বস্তিক্রিয়া সম্যগ্‌রূপে সম্পাদিত হইলে শরীরের উপচয়, বল, বর্ণ, নিরাময়ত্ব এবং আয়ুর বৃদ্ধি হয় ॥ ৬২ ॥

শীত ও বসন্ত কালে দিবাভাগে এবং গ্রীষ্ম, বর্ষা ও শরৎকালে রাত্রিতে অনুবাসন দিবে। অতিরিক্ত স্নিগ্ধ দ্রব্য ভোজন করাইয়া অনুবাসন প্রয়োগ করিবে না, কারণ ও বস্তিতে দুই প্রকারে প্রযুক্ত স্নেহ মত্ততা ও মূর্চ্ছা আনয়ন করে।

উত্তমা স্যাৎ পলৈঃ ষড়্‌ভির্মধ্যমা স্যাৎ পলৈস্ত্রিভিঃ।
পলদ্বার্দ্ধেন হীনা স্যাদুক্তা মাত্রানুবাসনে ॥ ৬৬ ॥
অন্যচ্চ—নিরূহমাত্রা প্রথমে প্রকুঞ্চো বৎসরে পরম্।
প্রকুঞ্চবৃদ্ধিঃ প্রত্যব্দং যাবৎ ষট্‌প্রস্থতাস্ততঃ ॥
প্রস্থতং বর্দ্ধয়েদূর্দ্ধং দ্বাদশাষ্টাদশস্য তু।
আসপ্ততেরিদং মানং দশৈব প্রস্থতাঃ পরম্ ॥ ৬৭ ॥
যথাযথং নিরূহস্য পাদো মাত্রানুবাসনে।
সানিলঃ সপুরীষশ্চ স্নেহঃ প্রত্যেতি যস্য বৈ ॥

হীনমাত্রায় প্রযুক্ত অনুবাসন ও নিরূহ বস্তি ফলদায়ক হয় না; আর অতিমাত্রায় প্রযুক্ত হইলে ইহারা আনাহ, ক্লান্তি ও অতীসার উৎপাদন করে। অনুবাসনার্থ স্নেহের—ষট্‌পল শ্রেষ্ঠমাত্রা, তিন পল মধ্যম মাত্রা এবং দেড়পল নিকৃষ্ট মাত্রা ॥ ৬৩—৬৬ ॥

অন্যপ্রকার।—নিরূহের মাত্রা প্রথম বর্ষে ১ পল (কিন্তু এক বৎসরের ন্যূন হইলে ১ পলের কম মাত্রা হইবে), একবৎসর বয়সের পর হইতে প্রতিবৎসর ১ পল করিয়া দ্বাদশ পল পর্য্যন্ত বাড়িবে, অর্থাৎ দ্বাদশ বৎসরে দ্বাদশ পল হইবে। ত্রয়োদশবর্ষ হইতে অষ্টাদশবর্ষ পর্য্যন্ত প্রতিবৎসর দুইপল করিয়া নিরূহ মাত্রা বাড়াইবে। অষ্টাদশ বর্ষে চতুর্বিংশতি পল হইবে এবং এই চতুর্বিংশতি পলই সপ্ততিবর্ষ পর্য্যন্ত নির্দ্দিষ্ট থাকিবে, সপ্ততিবর্ষের পর হইতে নিরূহমাত্রা বিংশতি পলের অধিক প্রযোজ্য হইবে না ॥ ৬৭ ॥

যে যে বয়সে নিরূহের যে যে মাত্রা নির্দ্দিষ্ট হইল, সেই সেই বয়সে অনুবাসনের মাত্রা তাহার চতুর্থাংশ হইবে। অর্থাৎ যে বয়সে নিরূহের মাত্রা ১ পল হইবে, সেই বয়সে অনুবাসনের মাত্রা ১ কর্ষ অর্থাৎ ২ তোলা হইবে। স্নেহ, বায়ু ও মলের সহিত তিন প্রহর থাকিয়া নিরূপদ্রবে প্রত্যাগত হইলে অনুবাসন ক্রিয়া নির্ব্বাহিত হইয়াছে, বলা যায়। অনুবাসন স্নেহ

বিনা পীড়াং ত্রিযামস্থঃ স সম্যগনুবাসিতঃ।
বিষ্টব্ধানিলবিণ্মূত্রঃ স্নেহহীনেঽনুবাসনে।
দাহক্লমপিপাসার্ত্তি-করশ্চাত্যনুবাসনে ॥ ৬৮ ॥
স্নেহাৎ পিত্তকফোৎক্লেশো নিরূহাৎ পবনাদ্ভয়ম্।
স্নেহবস্তিং নিরূহং বা নৈকমেবাতিশীলয়েৎ ॥ ৬৯ ॥
অনাস্থাপ্যা যেঽভিধেয়া নানুবাস্যাশ্চ তে মতাঃ।
বিশেষতস্ত্বমী পাণ্ডুকামলামেহপীনসাঃ ॥
নিরন্নপ্লীহবিড়্ভেদি-গুরুকোষ্ঠকফোদরাঃ।
অভিষ্যন্দভৃশস্থূল-ক্রিমিকোষ্ঠাঢ্যমারুতাঃ ॥
পীতে বিষে গরেঽপচ্যাং শ্লীপদী গলগণ্ডবান্ ॥ ৭০ ॥
অনাস্থাপ্যাস্ত্বতিস্নিগ্ধঃ ক্ষতোরস্কো ভৃশং কৃশঃ।
আমাতিসারী বমিমান্ সংশুদ্ধো দত্তনাবনঃ।
শ্বাসকাসপ্রসেকার্শো-হিক্কাধ্মানাল্পবর্চ্চসঃ।

মূত্র ও পুরীষ স্তম্ভিত করিয়া রাখে। আর অধিক মাত্রায় প্রযুক্ত হইলে দাহ, ক্লম, পিপাসা ও ব্যথা উৎপাদন করে ॥ ৬৮ ॥

স্নেহবস্তি ও নিরূহ ইহার কোন একটির অবিচ্ছেদে অতিশীলন করা উচিত নহে। কারণ অতিরিক্ত অনুবাসন দ্বারা পিত্ত কফের উৎক্লেশ এবং অতি নিরূহ দ্বারা বায়ু প্রকুপিত হয় ॥ ৬৯ ॥

যাহাদিগকে অনাস্থাপ্য অর্থাৎ নিরূহণের অযোগ্য বলা হইবে, তাহাদিগকে অনুবাসনেরও অযোগ্য বলিয়া জানিবে। বিশেষতঃ পাণ্ডু, কামলা, মেহ, পীনস, নিরন্নতা, প্লীহা, মলভেদ, গুরুকোষ্ঠতা, কফোদর, অভিষ্যন্দ, অতিস্থৌল্য, ক্রিমি-কোষ্ঠতা, উরুস্তম্ভ, অপচী, শ্লীপদ ও গলগণ্ড রোগাক্রান্ত ব্যক্তিরাও অনুবাসনের অযোগ্য এবং বিষ সংযোগাদিজ বিষপায়ী ব্যক্তিরাও অনুবাসনার্হ নহে ॥ ৭০ ॥

উরঃক্ষত, আমাতীসার, বমি, কাস, শ্বাস, প্রসেক, অর্শঃ, হিক্কা, আধ্মান, ত্রিদোষোদর, জলোদর, কুষ্ঠ ও মধুমেহ এই সকল রোগাক্রান্ত ব্যক্তি

পায়ুশূনঃ কৃতাহারো বদ্ধচ্ছিদ্রদকোদরী ॥
কুষ্ঠী চ মধুমেহী চ মাসান্ সপ্ত চ গর্ভিণী ॥ ৭১ ॥
নচৈকান্তেন নির্দ্দিষ্টেঽপ্যত্রাভিনিবিশেদ্‌বুধঃ।
ভবেৎ কদাচিৎ কার্য্যাপি বিরুদ্ধাভিমতা ক্রিয়া ॥ ৭২ ॥
ছর্দ্দিহৃদ্রোগগুল্মার্ত্তো বমনং স্বে চিকিৎসিতে।
অবস্থাং প্রাপ্য নির্দ্দিষ্টং বস্তিকর্ম্ম চ যোজয়েৎ ॥ ৭৩ ॥

ইত্যনুবাসনম্।

অথ নিরূহবিধিঃ।

অনুবাস্য স্নিগ্ধতনুং তৃতীয়েঽহ্নি নিরূহয়েৎ।
মধ্যাহ্নে কিঞ্চিদাবৃত্তে প্রযুক্তে বলিমঙ্গলে ॥
অভ্যক্তস্বেদিতোৎসৃষ্টমলং নাতিবুভুক্ষিতম্ ॥ ৭৪ ॥

কিঞ্চিদাবৃত্ত ইত্যল্পস্খলিতে।

তৃতীয়েঽহ্নি প্রায়োবাদাৎ পঞ্চমেঽপ্যহ্নি ক্রিয়তে। যদাহ বাগ্‌ভটঃ। পঞ্চমেঽথ তৃতীয়ে বা দিবসে সাধকে শুভে। নিরূহয়েদিতি দোষং নির্হরেদিত্যর্থঃ, অত এবাহ সুশ্রুতঃ, যথা দোষহরণাচ্ছরীররোহণাদ্বা নিরূহ ইতি। অস্যাস্থাপনমিত্যপি নাম। বয়ঃস্থাপনাদায়ুঃস্থাপনাদ্বা আস্থাপনমিতি সুশ্রুত এব ॥ ৭৪ ॥

এবং অতিস্নিগ্ধ, অতিকৃশ, কৃতাহার ও বমন বিরেচনাদি দ্বারা সংশুদ্ধ দেহ ব্যক্তি, যাহাকে নস্য প্রদত্ত হইয়াছে এবং যাহার গুহ্যদেশে শোথ হইয়াছে, সেই সকল ব্যক্তি এবং সাতমাস গর্ভিণী স্ত্রী ; ইহারা অনাস্থাপ্য অর্থাৎ নিরূহ ক্রিয়ার অযোগ্য ॥ ৭১ ॥

বিজ্ঞ চিকিৎসকগণ -এই সকল বিষয়ে সম্পূর্ণরূপে অভিনিবেশ করিবেন না। কারণ, বাধ্য হইয়া অবস্থাভেদে কখন কখন শাস্ত্রোক্তক্রিয়ার বিরুদ্ধ কার্য্যও করিতে হয়। যেমন—বমি, হৃদ্রোগ ও গুল্মরোগে বমন এবং কুষ্ঠে বস্তিকর্ম্ম নিষিদ্ধ হইলেও অবস্থাভেদে নিজ নিজ চিকিৎসায় উক্ত কর্ম্মসকল কখন কখন করিতে হয় ॥৭২ ৭৩॥

নিরূহ।

অনুবাসনানন্তর তৃতীয় দিবসে, (বাগ্‌ভট বলেন—তৃতীয় বা পঞ্চম দিবসে) কিঞ্চিদতিক্রান্ত মধ্যসময়ে স্বস্ত্যয়নাদি মাঙ্গলিক ক্রিয়া সমাপন পূর্ব্বক ক্রি

পক্ষাদ্বিরেকো বাস্তস্য ততঃ পক্ষান্নিরূহণম্।
সদ্যোনিরূঢ়োঽনুবাস্যঃ সপ্তরাত্রাদ্বিরেচিতঃ ॥ ৭৫ ॥
মধুস্নেহনকল্কাঢ্যঃ কষায়াবাপতঃ ক্রমাৎ।
ত্রীণি ষট্ দ্বে দশ ত্রীণি পলান্যনিলরোগিষু ॥ ৭৬ ॥
পিত্তে চত্বারি চত্বারি দ্বে দ্বিপঞ্চ চতুষ্টয়ম্।
ষট্ ত্রীণি দ্বে দশ ত্রীণি কফে চাপি নিরূহণম্ ॥ ৭৭ ॥

স্নেহনং পক্বস্নেহঃ আমস্য নিষিদ্ধত্বাৎ, নচামং প্রণয়েৎ স্নেহং স হ্যভিষ্যন্দয়েদ্-গুদমিতি দৃঢ়বলবচনাৎ। পক্বস্নেহশ্চ বাতব্যাধৌ বক্ষ্যমাণো নারায়ণ-প্রসারণী-সৈন্ধবাদিতৈলাদিকঃ, এবমনুবাসনেঽপি। কল্কো মদনফলাদীনাম্। কষায়ো দশমূলাদীনাম্, আবাপঃ কাঞ্জিকজম্বীররসমাংসরসাদীনাম্। ত্রীণি ইত্যাদি বাতরোগে ক্রমাদ্‌যথাক্রমং মধুনস্ত্রীণি পলানি, স্নেহস্য ষট্, কল্কস্য-দ্বে, কষায়স্য দশ ত্রীণি চ আবাপ্যস্য। এবং পিত্তে মধুনশ্চত্বারি, স্নেহস্য চ চত্বারি, কল্কস্য দ্বে, কষায়স্য দ্বিপঞ্চেতি দশেত্যর্থঃ। আবাপ্যস্য চ চতুষ্টয়মিতি এবং কফে মধুনঃ ষট্ পলানীতি যোজ্যম্ ॥ ৭৭ ॥

ত্যক্তমলমূত্র ও নাতিবুভুক্ষিত ব্যক্তিকে নিরূহ প্রদান করিবে। দোষের নির্হরণ বা দেহের রোহণ হেতু শরীর নূতন করে বলিয়া ইহার নিরূহ সংজ্ঞা হইয়াছে। বয়সের স্থাপন অথবা আয়ুর স্থাপন হেতু ইহার অপর নাম আস্থাপন ॥ ৭৪ ॥

উত্তম শুদ্ধি দ্বারা বমিত হইবার পর একপক্ষ পরে বিরেচন এবং বিরেচনের একপক্ষ পরে নিরূহণ, নিরূহণ দিনেই অনুবাসন এবং বিরেচনের সপ্তাহ পরে অনুবাসন কর্ত্তব্য ॥ ৭৫ ॥

নিরূহণার্থ—বায়ুপ্রধান রোগে মধু ৩ পল, বাতব্যাধিতে উক্ত নারায়ণ-প্রসারণ্যাদি পক্বতৈলাদি ৬ পল, কল্কদ্রব্য ২ পল, ক্বাথ ১০ পল এবং প্রক্ষেপ অর্থাৎ দুগ্ধ গোমূত্র কাঞ্জিক প্রভৃতি ৩ পল, মোট ২৪ পল; পিত্তপ্রধান রোগে—মধু ৪ পল, স্নেহ ৪ পল, কল্ক ২ পল, ক্বাথ ১০ পল, প্রক্ষেপ ৪ পল, মোট—২৪ পল; কফপ্রধান রোগে—মধু ৬ পল, স্নেহ পদার্থ ৩ পল, কল্ক ২ পল, ক্বাথ ১০ পল এবং প্রক্ষেপ ৩ পল, মোট—২৪ পল। এই সকল দ্রব্যের নিরূহণ দিবে ॥ ৭৬ । ৭৭ ॥

শার্ঙ্গধরমতমাহ

নিরূহবস্তির্ব্বহুধা ভিদ্যতে কারণান্তরৈঃ।
তৈরেব তস্য নামানি কৃতানি মুনিপুঙ্গবৈঃ ॥ ৭৮ ॥
নিরূহস্যাপরং নাম প্রোক্তমাস্থাপনং বুধৈঃ।
স্বস্থানস্থাপনাদ্দোষ-ধাতূনাং স্থাপনং মতম্ ॥ ৭৯ ॥
নিরূহস্য প্রমাণঞ্চ প্রস্থং পাদোত্তরং পরম্।
মধ্যমং প্রস্থমুদ্দিষ্টং হীনঞ্চ কুড়বাস্ত্রয়ঃ ॥ ৮০ ॥
অতিস্নিগ্ধোৎক্লিষ্টদোষঃ ক্ষতোরস্কঃ কৃশস্তথা।
আধ্মানচ্ছর্দ্দিহিক্কার্শঃ-কাসশ্বাসপ্রপীড়িতঃ ॥
গুদশোথাতিসারার্ত্তো বিসূচীকুষ্ঠসংযুতঃ।
গর্ভিণী মধুমেহী চ নাস্থাপ্যশ্চ জলোদরী ॥ ৮১ ॥
বাতব্যাধাবুদাবর্ত্তে বাতাসৃগ্বিষমজ্বরে।
মূর্চ্ছাতৃষ্ণোদরানাহ-মূত্রকৃচ্ছ্রাশ্মরীষু চ ॥
বৃদ্ধ্যসৃগ্‌দরমন্দাগ্নি-প্রমেহেষু নিরূহণম্।
শূলেঽম্লপিত্তে হৃদ্রোগে যোজয়েদ্বিধিবদ্‌বুধঃ ॥ ৮২ ॥

শার্ঙ্গধরের মত—সমবায়িকারণ ভেদে নিরূহবস্তি নানা প্রকার হইয়া থাকে। মুনিগণ সেই সেই কারণভেদে তাহাদের নামভেদ করিয়াছেন। দোষ ও ধাতু সকলকে স্বস্থানে স্থাপিত করে বলিয়া উহার অপর নাম আস্থাপন। নিরূহের পূর্ণমাত্রা—সপাদ প্রস্থ (৴২॥০ সের), মধ্যম মাত্রা—১ প্রস্থ (৴২ সের) ন্যূন মাত্রা—৩ কুড়ব (৵১॥০ সের) ॥ ৭৮—৮০ ॥

অতিস্নিগ্ধ, উৎক্লিষ্টদোষ, কৃশ, গর্ভিণী স্ত্রী এবং উরঃক্ষত, আধ্মান, বমি, হিক্কা, অর্শঃ, শ্বাস, কাস, গুহ্যদেশে শোথ, অতিসার, বিসূচিকা, কুষ্ঠ, মধুমেহ ও জলোদর রোগে আক্রান্ত ব্যক্তিদিগেকে আস্থাপন দিবে না ॥ ৮১ ॥

বাতব্যাধি, উদাবর্ত্ত, বাতরক্ত, বিষমজ্বর, মূর্চ্ছা, তৃষ্ণা, উদর, আনাহ, মূত্রকৃচ্ছ্র, অশ্মরী, বৃদ্ধি, প্রদর, অগ্নিমান্দ্য, প্রমেহ, শূল, অম্লপিত্ত ও হৃদ্রোগে আস্থাপনপ্রয়োগ

উৎসৃষ্টানিলবিণ্মূত্রং স্নিগ্ধং স্বিন্নমভোজিতম্।
মধ্যাহ্নে গৃহমধ্যে তু যথাযোগ্যং নিরূহয়েৎ ॥ ৮৩ ॥
স্নেহবস্তিবিধানেন বুধঃ কুর্য্যান্নিরূহণম্।
জাতে নিরূহে চ ততো ভবেদুৎকটুকাসনঃ।
তিষ্ঠেন্মুহূর্ত্তমাত্রন্তু নিরূহাগমনেচ্ছয়া ॥ ৮৪ ॥
অনায়ান্তং মুহূর্ত্তান্তে নিরূহং শোধনৈর্হরেৎ।
নিরূহৈরেব মতিমান্ ক্ষারমূত্রাম্লসৈন্ধবৈঃ ॥ ৮৫ ॥

সম্যঙ্ নিরূহস্য লক্ষণমাহ

চিকিৎসামৃতে যথা—

ন ধাবত্যৌষধং পাণিং ন তিষ্ঠত্যবলিপ্য চ।
ন করোতি চ সীমন্তং স নিরূহঃ সুযোজিতঃ ॥ ৮৬ ॥
কল্কস্নেহকষায়াণামবিবেকাদ্ভিষগ্বরৈঃ।
বস্তিস্তু কল্কিতঃ প্রোক্তস্তস্যাদানং তথার্থকৃৎ ॥ ৮৭

ন ধাবতি ন পৃথগ্ভবতি, সীমন্তং তৈলাদিরেখাম্। এতেন মধুস্নেহাদীনাম্ অপৃথগ্ভাব ইত্যুক্তং ভবতি অত এবোক্তং কল্কেত্যাদি ॥ ৮৬। ৮৭ ॥

স্নেহদ্বারা স্নিগ্ধ ও স্বেদ দ্বারা স্বিন্ন, অভুক্ত রোগীকে বায়ু, মল ও মূত্র পরিত্যাগ করাইয়া মধ্যাহ্নকালে গৃহমধ্যে স্নেহবস্তিবিধানে * যথাযোগ্য নিরূহ প্রদান করিবে। নিরূহবস্তি প্রদানানন্তর উহার প্রত্যাগমন প্রতীক্ষায় মুহূর্ত্ত কাল উৎকটুকভাবে বসিয়া থাকিবে। "মুহূর্ত্ত কাল" বলায় বুঝিতে হইবে যে, নিরূহের প্রত্যাগমনকাল এক মুহূর্ত্ত। মুহূর্ত্তান্তেও যদি নিরূহ প্রত্যাগত না হয়, তাহা হইলে ক্ষার, মূত্র, অম্ল ও সৈন্ধব সংযুক্ত শোধন দ্রব্যপ্রস্তুত নিরূহ প্রয়োগ দ্বারা প্রথমপ্রযুক্ত নিরূহের প্রত্যানয়ন করিবে ॥ ৮৩—৮৫ ॥

সম্যক্‌রূপে প্রস্তুত নিরূহ এত পাত্‌লা হয় না যে, তাহা লাগিলে হস্ত ধৌতবৎ হয় এবং এত ঘনও হয় না যে, হাতে লাগিয়া জড়াইয়া থাকে। অথবা হাতে তৈলাদির

---

* স্নেহবস্তি দান প্রণালী বলা হয় নাই, অতএব এখানে লিখিত হইতেছে।

পূর্ব্বোক্তেন বিধানেন গুদে বস্তিং নিধাপয়েৎ।
ত্রিংশন্মাত্রাস্থিতো বস্তিস্ততস্তূৎকটুকো ভবেৎ ॥ ৮৮ ॥
যাবৎ পর্য্যেতি হস্তাগ্রং দক্ষিণং জানুমণ্ডলম্।
নিমেষোন্মেষকালো বা সা মাত্রা পরিকীর্ত্তিতা ॥ ৮৯ ॥
জানুমণ্ডলমাবেষ্ট্য দত্তং দক্ষিণপাণিনা।
কৃষ্টনেত্রশ্ছটাশব্দ-শতং তিষ্ঠেদবেগবান্ ॥
দ্বিতীয়ং বা তৃতীয়ং বা চতুর্থং বা যথার্হতঃ।
পুটং প্রদাপয়েদ্বৈদ্যো বুদ্ধ্বা রোগবলাবলম্ ॥
সম্যঙ্‌নিরূঢ়লিঙ্গে তু প্রাপ্তে বস্তিং নিবারয়েৎ ॥ ৯০ ॥

উৎকটুকো ভবেদিতি বস্তেবাগমনায়। উৎকটুক ইতি উদ্গত ইতি লোকে। এতচ্চ মৃদুকোষ্ঠং প্রতি বেগিনঞ্চ। অবেগিনং প্রতি ক্রূরকোষ্ঠং প্রতি যথা ॥ ৮৮ ॥

কৃষ্টনেত্রো বহিষ্কৃতনলিকঃ, ছটা তুড়ীতি খ্যাতা। যথার্হত ইতি যো যাবন্তং পুটমর্হতি তস্মৈ তাবন্তং পুটং দাপয়েদিত্যর্থঃ ॥ ৯০ ॥

বেথাও পড়ে না। গ্রন্থান্তরেও উক্ত আছে—কব, স্নেহ ও ক্বাথের পরস্পর অপৃথগ্‌ভাব দৃষ্ট হইলে জানিবে যে, উহা যথাযথ প্রস্তুত হইয়াছে এবং সেইরূপ নিরূহ প্রয়োগেই শাস্ত্রোক্ত তথা কথিত ফল পাওয়া যায় ॥ ৮৬। ৮৭ ॥

প্রকারান্তরে নিরূহ বিষয় বলা হইতেছে—অনুবাসন বিধানে নিরূহ প্রদান করিবে। বস্তিপ্রয়োগানন্তর মৃদুকোষ্ঠ বেগবান (যাহার শীঘ্র মলবেগ উপস্থিত হয়) ব্যক্তি ৩০ মাত্রা কাল অপেক্ষা করিয়া বস্তির প্রত্যাগমনার্থ উৎকটুক ভাবে বসিবে। জানুমণ্ডলের উপরিভাগে দক্ষিণহস্ত একবার ঘুরাইতে যত সময় লাগে, ততক্ষণ অথবা একবার চক্ষুর পাতা ফেলিতে বা তুলিতে যত সময় আবশ্যক হয়, তাবৎকাল—এক মাত্রা। ক্রূরকোষ্ঠ অবেগবান্ ব্যক্তির গুহ্যদ্বার হইতে নল আকৃষ্ট হইবার সময় উক্ত রোগী দক্ষিণ হস্ত দ্বারা জানুমণ্ডল আবেষ্টন পূর্ব্বক একশত তুড়ি দিতে যত সময় লাগে, ততক্ষণ উৎকটুকভাবে বসিয়া থাকিবে। রোগের বলাবল বুঝিয়া প্রয়োজনানুসারে দুই, তিন বা চারিবার (বিশেষ প্রয়োজন না হইলে তিন বারের অধিক বস্তি দিবার বিধান নাই) পর্য্যন্ত নিরূহ দিবে। সম্যক্ নিরূহণের লক্ষণ দেখা হইলে,

অন্যচ্চ-নাভিপ্রদেশঞ্চ কটীঞ্চ গত্বা কুক্ষিং সমালোড্য পুনশ্চ সৃষ্টম্
সংস্নিহ্য কায়ং সপুরীষদোষঃ সম্যক্ সুখেনৈতি চ যঃ স বস্তিঃ ॥ ৯১ ॥
প্রসৃষ্টবিণ্মূত্রসমীরণত্বং রুচ্যগ্নিবৃদ্ধ্যাশয়লাঘবানি।
বেগোপশান্তিঃ প্রকৃতিস্থিতা চ বলঞ্চ তৎ স্যাৎ সুনিরূঢ়লিঙ্গম্ ॥ ৯২

অসম্যঙ্ নিরূহলক্ষণমাহ—

স্যাদ্ হৃচ্ছিরোরুগ্ গুদকুক্ষিলিঙ্গে শোথঃ প্রতিশ্যা পরিকর্ত্তিকা চ।
হৃল্লাসিকামারুতমূত্রসঙ্গঃ শ্বাসো ন সম্যক্ চ নিরূহিতে স্যাৎ ॥ ৯৩ ॥
অযোগশ্চাতিযোগশ্চ নিরূহস্য বিরেকবৎ ॥

ইতি নিরূহবস্তিবিধিঃ।

অথোত্তরবস্তিঃ।

যদাহ শার্ঙ্গধরঃ—

অতঃপরং প্রবক্ষ্যামি বস্তিমুত্তরসংজ্ঞিতম্।
দ্বাদশাঙ্গুলকং নেত্রং মধ্যে চ কৃতকর্ণিকম্ ॥ ৯৪ ॥

সম্যক্ প্রযুক্ত বস্তি নাভি ও কটিদেশে গমন ও কুক্ষিদেশ আলোড়িত করিয়া শরীর স্নিগ্ধ করত মল ও দোষের সহিত সুখে প্রত্যাগমন করে। অপর—মল মূত্র ও বায়ুর যথাযথরূপে নিঃসরণ এবং আহারে রুচি, অগ্নির বৃদ্ধি, আশয় সকলের লঘুতা, বেগের শান্তি, প্রকৃতিস্থতা ও বললাভ হইলে বুঝিবে, সম্যক্ নিরূহণ হইয়াছে ॥ ৯১। ৯২ ॥

অসম্যক্ নিরূহে হৃদয় ও শিরোদেশে বেদনা, গুহ্যদেশে, কুক্ষিতে ও লিঙ্গে শোথ, প্রতিশ্যায়, কর্ত্তনবৎ পীড়া, বমনভাব, মল মূত্রের অপ্রবৃত্তি ও শ্বাস এই সকল লক্ষণ উপস্থিত হয়। অতি বিরেচনে এবং অসম্যক্ বিরেচনে যে সকল লক্ষণ উপস্থিত হয়, অতি নিরূহণে এবং অসম্যক্ নিরূহণেও সেই সকল লক্ষণ উপস্থিত হইয়া থাকে ॥ ৯৩ ॥

বস্তি—অতঃপর উত্তর বস্তির বিষয় কথিত হইতেছে। উত্তর বস্তির নেত্র হইবে এবং উহার মধ্যভাগে কর্ণিকা থাকিবে। উহার

মালতীপুষ্পবৃন্তাভং ছিদ্রং সর্ষপনির্গমম্
পঞ্চবিংশতিবর্ষাণামধো মাত্রা দ্বিকার্ষিকী।
তদূর্দ্ধং পলমাত্রা চ স্নেহস্যোক্তা ভিষগ্বরৈঃ ॥ ৯৫ ॥
অথাস্থাপনশুদ্ধস্য তৃপ্তস্য স্নানভোজনৈঃ।
স্থিতস্য জানুমাত্রেণ পীঠেঽম্বিষ্য শলাকয়া ॥
স্নিগ্ধয়া মেঢ্রমার্গেণ ততো নেত্রং নিযোজয়েৎ ॥ ৯৬ ॥
শনৈঃশনৈর্ঘৃতাভ্যক্তং মেঢ্ররন্ধ্রেঽঙ্গুলানি ষট্ ॥
ততোঽবপীড়য়েদ্বস্তিং শনৈর্নেত্রঞ্চ নির্হরেৎ।
ততঃ প্রত্যাগতে স্নেহে স্নেহবস্তিক্রমো হিতঃ ॥ ৯৭ ॥
স্ত্রীণাং কনিষ্ঠিকাস্থূলং নেত্রং কুর্য্যাদ্দশাঙ্গুলম্।
মুদ্গপ্রবেশ্যং যোজ্যঞ্চ যোন্যন্তশ্চতুরঙ্গুলম্ ॥
দ্ব্যঙ্গুলং মূত্রমার্গে চ সূক্ষ্মং নেত্রং নিযোজয়েৎ।
মূত্রকৃচ্ছ্রবিকারেষু বালানামেকমঙ্গুলম্ (ক) ॥ ৯৮ ॥

অগ্রভাগ মালতীপুষ্পের বৃন্তের ন্যায় এবং মুখের ছিদ্র সর্ষপ-নির্গম-যোগ্য হইবে। পঞ্চবিংশতি বর্ষ পর্য্যন্ত উত্তরবস্তি দানার্থ স্নেহের মাত্রা—৪ তোলা, তদূর্দ্ধ-বয়স্কদের পক্ষে ১ পল ॥ ৯৪।৯৫ ॥

আস্থাপন দ্বারা শরীর শোধিত এবং স্নান ভোজন করাইয়া রোগীকে জানুতুল্য উচ্চ আসনে (কেদারায় বা টুলে) বসাইবে। তদনন্তর স্নিগ্ধ শলাকা দ্বারা মূত্রমার্গ অন্বেষণ করিয়া পশ্চাৎ ঘৃতাভ্যক্ত বস্তিনেত্র ধীরে ধীরে মেঢ্র মার্গে ছয় অঙ্গুল পরিমাণে প্রবেশ করাইয়া দিবে। পরে বস্তি ধীরে ধীরে পীড়ন করিয়া বস্তি হইতে নল বাহির করিয়া লইবে। স্নেহ প্রত্যাগত হইলে স্নেহবস্তিকথিত নিয়ম সকল পালন করিবে ॥৯৬।৯৭ ॥

স্ত্রীলোকদিগকে উত্তরবস্তি প্রদানার্থ বস্তির নল দশ অঙ্গুল পরিমিত এবং রোগিণীর কনিষ্ঠাঙ্গুলির ন্যায় স্থূল করিবে। মুখের ছিদ্র মুদ্গপ্রবেশযোগ্য হইবে।

(ক) যথাহ বাগ্‌ভটঃ। স্ত্রীণামার্ত্তবকালে তু যোনিশৃঙ্গাটকাবৃতঃ। বিদধীত ততো তস্মাদনৃতাদপি চাত্তয়ে। যোনিবিবৃদ্ধপূলেষু যোনিব্যাপদ্বসূগ্‌দরে। ইত্যপি

শনৈর্নিষ্কম্পমাধেয়ং সূক্ষ্মং নেত্রং বিচক্ষণৈঃ।
যোনিমার্গেষু নারীণাং স্নেহমাত্রা দ্বিপালিকী।
মূত্রমার্গে পলোন্মানা বালানাঞ্চ দ্বিকার্ষিকী ॥ ৯৯ ॥
উত্তানায়ৈ স্ত্রিয়ৈ দদ্যাদূর্দ্ধজান্বৈ বিচক্ষণঃ।
অপ্রত্যাগচ্ছতি ভিষগ্বস্তাবুত্তরসংজ্ঞিতে।
ভূয়ো বস্তির্বিধাতব্যঃ সংযুক্তৈঃ শোধনৈর্গণৈঃ ॥ ১০০ ॥
ফলবর্ত্তিং নিদধ্যাদ্ বা যোনিমার্গে দৃঢ়াং ভিষক্।
সূত্রৈর্বিনির্ম্মিতাং স্নিগ্ধাং শোধনদ্রব্যসংযুতাম্ ॥ ১০১ ॥
দহ্যমানে তথা বস্তৌ দদ্যাদ্বস্তিং বিশারদঃ।
ক্ষীরিবৃক্ষকষায়েণ পয়সা শীতলেন চ ॥ ১০২ ॥
বস্তিঃ শুক্ররুজঃ পুংসাং স্ত্রীণামার্ত্তবজাং রুজাম্।
হন্যাদুত্তরবস্তিস্তু নোচিতো মেহিনাং ক্বচিৎ ॥

অপত্যপথে চারি অঙ্গুল এবং মূত্রমার্গে দুই অঙ্গুলি পরিমাণে বস্তিনেত্র প্রবেশ করাইতে হয়। বালকদিগের মূত্রকৃচ্ছ রোগে এক অঙ্গুলি পরিমিত সূক্ষ্ম (মূত্রমার্গানুরূপ) বস্তিনেত্র যোজনা করিবে। বস্তিনেত্র এরূপভাবে প্রয়োগ করিবে, যেন তৎকালে হাত না কাঁপে। যোনিমার্গে উত্তরবস্তিদানার্থ স্নেহের মাত্রা ২ পল এবং মূত্রমার্গে প্রয়োগার্থ ১ পল, বালকদিগের পক্ষে ৪ তোলা ॥ ৯৮। ৯৯ ॥

স্ত্রীলোকদিগকে উত্তানভাবে শয়ান এবং তাহাদের জানুদ্বয় উর্দ্ধভাবে স্থাপন করিয়া উত্তরবস্তি প্রয়োগ করিবে। উত্তরবস্তি অপ্রত্যাগত হইলে চিকিৎসক শোধনগণসংযুক্ত বস্তি পুনর্ব্বার প্রয়োগ করিবে অথবা সূত্রবিনির্ম্মিত শোধনদ্রব্য কৃত, স্নিগ্ধ ও দৃঢ় ফলবর্ত্তি যোনিমার্গে প্রয়োগ করিবে। যে স্থানে বস্তি দেওয়া হয়, সেই স্থানে দাহ উপস্থিত হইলে পুনর্ব্বার ক্ষীরিবৃক্ষকৃতকাথের অথবা শীতল জলের বস্তি দিবে ॥ ১০০—১০২ ॥

বস্তি পুরুষদিগের শুক্র এবং স্ত্রীলোকদিগের আর্ত্তবজ-পীড়া সকল নাশ করে।

সম্যগ্‌দত্তস্য লিঙ্গানি ব্যাপদঃ ক্রম এব চ।
বস্তেরুত্তরসংজ্ঞস্য সমানং স্নেহবস্তিনা ॥ ১০৩ ॥
ঘৃতাভ্যক্তে গুদে ক্ষেপ্যা শ্লক্ষ্ণা স্বাঙ্গুষ্ঠসন্নিভা।
মলপ্রবর্ত্তিনী বর্ত্তিঃ ফলবর্ত্তিশ্চ সা স্মৃতা ॥ ১০৪ ॥

আনন্দসেনস্ত্বাহ

বস্তিমাত্রা যথা—
পলার্দ্ধমুত্তরো বস্তির্মাত্রাবস্তিঃ পলদ্বয়ম্।
যাপনা স্নেহবস্তিশ্চ দ্বাবেতৌ ষট্‌পলান্বিতৌ।
পিচ্ছাবস্তির্ভবেৎ প্রস্থঃ পাদোনঃ (ক) কীর্ত্তিতোঽপরঃ ॥ ১০৫ ॥

অথ ধূমপানবিধিঃ।

ধূমঃ পিত্তানিলৌ কুর্য্যাদবশ্যায়ঃ কফানিলৌ ॥ ১০৬ ॥

যাপনাবস্তিরিতি বাতবিকারযাপনার্থং যো বস্তিরিত্যর্থঃ ॥ ১০৫ ॥

প্রমেহাক্রান্ত রোগীকে কদাচ উত্তরবস্তি দিবে না। উত্তরবস্তির সম্যক্‌সিদ্ধ লক্ষণ, ব্যাপৎ ও ক্রম স্নেহবস্তির সমান জানিবে ॥ ১০৩ ॥

গুহ্যদেশে ঘৃত মাখাইয়া রোগীর অঙ্গুষ্ঠতুল্য মসৃণ বর্ত্তি প্রয়োগ করিলে মলের প্রবর্ত্তন হয়; এই বর্ত্তির নাম ফলবর্ত্তি ॥ ১০৪ ॥

আনন্দসেন বলেন—উত্তরবস্তির মাত্রা—অর্দ্ধপল, মাত্রাবস্তির মাত্রা—২ পল, যাপনা ও স্নেহবস্তির মাত্রা—৬ পল এবং পিচ্ছাবস্তির মাত্রা—পাদোন প্রস্থ অর্থাৎ ৴১॥০ সের। মাত্রাবস্তি অনুবাসনেরই প্রকারভেদ ॥ ১০৫

ধূমপান।—ধূমে বায়ু ও পিত্তের প্রকোপ এবং কুজ্ঝটিকায় কফ ও বায়ুর প্রকোপ হইয়া থাকে ॥ ১০৬ ॥

ধূমপানগুণমাহ

গৌরবং শিরসঃ শূলং পীনসোঽর্দ্ধাবভেদকঃ।
কর্ণাক্ষিশূলং কাসশ্চ হিক্কাশ্বাসৌ গলগ্রহঃ॥
দন্তদৌর্ব্বল্যমাস্রাবঃ শ্রোত্রঘ্রাণাক্ষিদোষজঃ।
পূতিঘ্রাণাস্যগন্ধশ্চ দন্তশূলমরোচকম্॥
হনুমন্যাগ্রহঃ কণ্ডুঃ ক্রিময়ো মুখপাণ্ডুতা।
শ্লেষ্মপ্রসেকো বৈস্বর্য্যং গলগণ্ডাধিজিহ্বকে॥
খালিত্যং পিঞ্জরত্বঞ্চ কেশানাং পতনং তথা।
ক্ষবথুশ্চাতিতন্দ্রা চ বুদ্ধের্ম্মোহোঽতিনিদ্রতা।
ধূমপানাৎ প্রশাম্যন্তি বলং ভবতি চাধিকম্॥ ১০৭॥
রক্তপিত্তান্ধ্যবাধির্য্য-তৃণ্মূর্চ্ছামদমোহকৃৎ।
ধূমোঽকালেঽতিপীতো বা তত্র শীতো বিধির্মতঃ॥ ১০৮॥
প্রাযোগিকঃ স্নৈহিকশ্চ বৈরেচনিক এব চ।
কাসহারী বামনশ্চ ধূমঃ পঞ্চবিধো মতঃ॥ ১০৯॥

প্রযোগিকঃ প্রযোগাঃ সুস্থস্য, স্নেহকারী স্নৈহিকঃ। দোষবিরেচনাৎ বৈরেচনিকঃ। কণ্টকার্য্যাদিভির্ধূমপানাৎ কাসহরঃ। বমনকারী বামনীয়ঃ॥ ১০৬—১০৯॥

ধূমপানের গুণ।—যথাবিধি ধূমপানে শরীরের গুরুতা, শিরঃশূল, পীনস, অর্দ্ধাবভেদক (আধকপালে), কর্ণশূল, অক্ষিশূল, কাস, হিক্কা, শ্বাস, গলগ্রহ, দন্তদৌর্ব্বল্য, কর্ণস্রাব, নাসাস্রাব, নেত্রস্রাব, নাসিকা ও মুখের দৌর্গন্ধ্য, দন্তশূল, অরুচি, হনুগ্রহ, মন্যাগ্রহ, কণ্ডু, ক্রিমি, মুখের পাণ্ডুতা, কফপ্রসেক, বৈস্বর্য্য, গলগণ্ড, অধিজিহ্বক, খালিত্য (টাক), কেশের পিঙ্গলতা ও পতন, ক্ষবথু (হাচি), তন্দ্রা, বুদ্ধির মোহ ও অতিনিদ্রা এই সকল নিবারিত এবং বলবৃদ্ধি হইয়া থাকে॥ ১০৭॥

অকালে অতি মাত্রায় ধূমপান করিলে রক্তপিত্ত, অন্ধ্য, বধিরতা, তৃষ্ণা, মূর্চ্ছা, মত্ততা ও মোহ উপস্থিত হয়। এইরূপ অবস্থায় শীতলক্রিয়া কর্ত্তব্য॥ ১০৮॥

প্রাযোগিক, স্নৈহিক, বৈরেচন, কাসহর ও বামন ভেদে ধূম পাঁচ প্রকার। মুখ বা নাসা ত্যাগ করিবে। বক্ষঃস্থ ও কণ্ঠস্থ দোষে

বক্ত্রেণৈব বমেদ্ধূমং নস্তো বক্ত্রেণ বা পিবন্।
উরঃকণ্ঠগতে দোষে বক্ত্রেণ ধূমমাপিবেৎ।
নাসয়া তু পিবেদ্দোষে শিরোঘ্রাণাক্ষিসংশ্রয়ে ॥ ১১০ ॥
গন্ধৈরকুষ্ঠতগরৈর্ব্বর্ত্তিঃ প্রাযোগিকী মতা।
স্নৈহিকে তু মধূচ্ছিষ্ট-স্নেহগুগ্গুলুসর্জ্জকৈঃ ॥
শিরোবিরেচনদ্রব্যৈর্ব্বর্ত্তির্ব্বৈরেচনে মতা।
কাসঘ্নৈরেব কাসঘ্নী বামনৈর্ব্বামনী মতা ॥ ১১১ ॥

নিষেধমাহ

যোজ্যো ন পিত্তরক্তার্ত্তি-বিরিক্তোদরমেহিষু ॥
তিমিরোর্দ্ধানিলাধ্মান-রোহিণী-দত্তবস্তিষু।
মৎস্যমদ্যদধিক্ষৌদ্র-ক্ষীরস্নেহবিষাশিষু।
শিরস্যভিহতে পাণ্ডু-রোগে জাগরিতে নিশি ॥ ১১২ ॥

রোহিণী কণ্ঠরোহিণী। আশিষ্বিতি মৎস্যাদিভিঃ সংবধ্যতে। পানে ভোজনে চ ॥ ১১০—১১২ ॥

মুখদ্বারা ধূমপান করিয়া মুখদ্বারাই ত্যাগ করিবে। আর মস্তক,নাসা ও নেত্রগত-দোষে নাসিকাদ্বারা ধূমপান করিয়া মুখদ্বারা তাহা ত্যাগ করিবে ॥ ১০৯ ॥

প্রাযোগিক ধূমপানার্থ—কুড় ও তগরপাদুকা ভিন্ন অগুর্ব্বাদি সুগন্ধি দ্রব্যদ্বারা; স্নৈহিক ধূমপানার্থ—মোম, ঘৃত (এবং বসা), গুগ্গুলু ও ধূনা দ্বারা; বৈরেচনিক ধূমপানার্থ—শ্বেতাপরাজিতা, লতাফট্‌কী প্রভৃতি শিরোবিরেচন দ্রব্য দ্বারা; কাসঘ্ন ধূমপানার্থ—কণ্টকারী, কালকাসুন্দা প্রভৃতি কা[illegible]দ্রব্য দ্বারা এবং বামনীয় ধূমপানার্থ মায়ু, চর্ম প্রভৃতি বমনকারক দ্রব্য দ্বারা বর্ত্তি প্রস্তুত করিবে ॥ ১১০। ১১১ ॥

পিত্ত ও রক্তদুষ্টিতে, বিরেচনান্তে, বস্তিগ্রহণের পর, রাত্রিজাগরণে, উদর, মেহ, তিমির, ঊর্দ্ধবাত, আধ্মান, কণ্ঠরোহিণী, পাণ্ডু ও শিরোঽভিঘাত রোগে এবং

অথ কবলগণ্ডূষধারণবিধিঃ।

যদাহ শার্ঙ্গধরঃ—

চতুর্ব্বিধঃ স্যাদ্গণ্ডূষঃ স্নৈহিকঃ শমনস্তথা।
শোধনো রোপণশ্চৈব কবলশ্চাপি তদ্বিধঃ ॥ ১ ॥
স্নিগ্ধোষ্ণৈঃ স্নৈহিকো বাতে স্বাদুশীতৈঃ প্রসাদনঃ।
পিত্তে কটুম্ললবণৈরুষ্ণৈঃ সংশোধনঃ কফে ॥
কষায়তিক্তমধুরৈঃ কটূষ্ণৈ রোপণে ব্রণে।
চতুঃপ্রকারৈর্গণ্ডূষঃ কবলশ্চাপি কীর্ত্তিতঃ ॥ ২ ॥
অসঞ্চারী মুখে পূর্ণে গণ্ডূষঃ কবলশ্চরঃ।
তত্র দ্রবেণ গণ্ডূষঃ কল্কেন কবলঃ স্মৃতঃ ॥
দদ্যাদ্ দ্রবেষু চূর্ণঞ্চ গণ্ডূষে কোলমাত্রয়া।
কর্ষপ্রমাণঃ কল্কশ্চ কবলে দীয়তে বুধৈঃ ॥ ৩ ॥
ধার্য্যন্তে পঞ্চ দ্বাদশগণ্ডূষকবলাদয়ঃ।
গণ্ডূষান্ সুস্থিতান্ কুর্য্যাৎ স্বিন্নভালগলাননঃ।

গণ্ডূষ-কবলধারণবিধি—স্নৈহিক, শমন, শোধন ও রোপণ ভেদে গণ্ডূষ এবং কবল চারি প্রকার। বায়ুরোগে স্নিগ্ধোষ্ণ স্নৈহিক কবল, পিত্তরোগে স্বাদুশীতল প্রসাদন কবল, কফরোগে উষ্ণ কটু অম্ল ও লবণ দ্রব্য সংযুক্ত সংশোধন কবল এবং ব্রণে কষায় মধুর ও তিক্তরসবিশিষ্ট রোপণ গণ্ডূষ বা কবল প্রয়োগ করিবে। এইরূপে চারিপ্রকার গণ্ডূষ বা কবল কথিত হইল ॥ ১। ২ ॥

কাথাদি দ্রবদ্রব্য মুখমধ্যে ধারণ করিয়া যদি সঞ্চালন করিতে পারা না যায়, তাহা হইলে তাহাকে গণ্ডূষ [illegible] বিপরীত অর্থাৎ যাহা মুখমধ্যে ধারণ করিয়া অনায়াসে সঞ্চালন করিতে পারা যায়, তাহাকে কবল কহে। গণ্ডূষ দ্রবপ্রধান এবং কবল কল্ক [illegible] করিতে হয়। গণ্ডূষার্থ দ্রবপদার্থে ১ তোলা মাত্রায় চূর্ণ দেওয়া এবং কবলার্থ [illegible] তোলা কল্ক দেওয়া বিধি ॥ ৩ ॥

মনুষ্যস্ত্রীন্ তথা পঞ্চ সপ্ত বা দোষনাশনান্ ॥ ৪ ॥
কফপূর্ণাস্যতা যাবচ্ছেদো দোষস্য বা ভবেৎ।
নেত্রস্রাণস্রুতির্যাবৎ তাবদগণ্ডূষধারণম্ ॥ ৫ ॥
যস্যৌষধস্য গণ্ডূষস্তস্যৈব প্রতিসারণম্।
কবলশ্চাপি তস্যৈব জ্ঞেয়োঽত্র কুশলৈর্নরৈঃ ॥ ৬ ॥
হীনযোগাৎ কফোৎক্লেশো রসাজ্ঞানারুচী তথা।
অতিযোগান্মুখে পাকঃ শোষস্তৃষ্ণাক্লমো ভবেৎ ॥ ৭ ॥
ব্যাধেরপচয়স্তুষ্টির্বৈশদ্যং বক্ত্রলাঘবম্।
ইন্দ্রিয়াণাং প্রসাদশ্চ গণ্ডূষে শুদ্ধিলক্ষণম্ ॥ ৮ ॥
অন্যচ্চ—সুখং সঞ্চার্য্যতে যা তু সা মাত্রা কবলে হিতা।
অসঞ্চার্য্যা তু যা মাত্রা গণ্ডূষে সা প্রকীর্ত্তিতা ॥ ৯ ॥

ও মুখদেশে স্বেদ দিয়া সুস্থিরভাবে তিন পাঁচ বা সাত বার গণ্ডূষ ধারণ করিবে। যতক্ষণ মুখবিবর কফে পূর্ণ, দোষের নিঃসারণ এবং চক্ষুঃ ও নাসিকা হইতে স্রাব হইবে, ততক্ষণ পর্য্যন্ত গণ্ডূষ ধারণ করিবে। যে সকল ঔষধে গণ্ডূষ দিবার বিধি আছে, প্রতিসারণ এবং কবলও সেই সকল ঔষধ দ্বারা প্রয়োগ করিবে। অসম্যক্ গণ্ডূষ ধারণে কফের উৎক্লেশ মধুরাদিরসজ্ঞানের অভাব এবং অরুচি হয়। অতিরিক্ত ধারণে মুখের পাক ও শোষ, তৃষ্ণা এবং ক্লান্তি উপস্থিত হয়। সম্যক্ ধারণে রোগের নাশ, মনের প্রীতি, বৈশদ্য, মুখের লঘুতা ও ইন্দ্রিয় সকলের প্রসন্নতা এই সকল লক্ষণ প্রকাশ পায় ॥ ৪—৮ ॥

মতান্তরে কবল ও গণ্ডূষ ধারণের মাত্রা—যতটুকু দ্রবদ্রব্য মুখমধ্যে ধারণ করিয়া অনায়াসে সঞ্চালন করিতে পারা যায়, ততটুকু কবলের পরিমাণ। আর যতটা দ্রবদ্রব্য মুখে ধারণ করিয়া অনায়াসে সঞ্চালন করিতে পারা যায় না, ততটা গণ্ডূষের মাত্রা ॥ ৯ ॥

অথ রক্তমোক্ষণবিধিঃ।

অতিস্রুতৌ হি মৃত্যুঃ স্যাদ্দারুণা বানিলাময়াঃ ॥ ১ ॥
প্রসন্নবর্ণেন্দ্রিয়মিন্দ্রিয়ার্থানিচ্ছন্তমব্যাহতশক্তিবেগম্।
সুখান্বিতং পুষ্টিবলোপপন্নং প্রসন্নরক্তং পুরুষং বদন্তি ॥ ২ ॥
মর্ম্মহীনে যথাসন্ন-প্রদেশে ব্যধয়েচ্ছিরাম্।
নহ্যূনষোড়শাতীত-সপ্তত্যর্ব্বাক্ স্রুতাসৃজাম্ ॥ ৩ ॥
অস্নিগ্ধস্বেদিতাত্যর্থ-স্বেদিতানিলরোগিণাম্।
গর্ভিণী-সূতিকাজীর্ণ-পিত্তাস্রশ্বাসকাসিনাম্ ॥
অতিসারোদরচ্ছর্দ্দি-পাণ্ডুসর্ব্বাঙ্গশোথিনাম্।
স্নেহপীতে প্রযুক্তেষু তথা পঞ্চসু কর্ম্মসু ॥

রক্তমোক্ষণবিধি। কোনরূপে অধিক রক্ত নিঃসরণ করা উচিত নহে; কারণ রক্তের অতিস্রাবে মৃত্যু অথবা দারুণ বাত জনিত রোগ সকল উপস্থিত হইয়া থাকে ॥ ১ ॥

বিশুদ্ধ রক্ত পুরুষের লক্ষণ—বিশুদ্ধ রক্ত পুরুষের ইন্দ্রিয় ও বর্ণের প্রসন্নতা ইন্দ্রিয়ার্থ রূপরসাদিতে প্রবৃত্তি, শক্তি ও মল-মূত্রাদির বেগ অব্যাহত এবং সুখ পুষ্টি ও বল লাভ হইয়া থাকে ॥ ২ ॥

ব্যধ্য শিরা দেখিতে না পাইলে মর্ম্মস্থান ত্যাগ করিয়া তৎসমীপস্থ শিরা বিদ্ধ করিবে। ষোড়শবর্ষের ন্যূনবয়স্ক এবং সত্তর বৎসরের ঊর্দ্ধবয়স্ক ব্যক্তিদের শিরাবেধ কর্ত্তব্য নহে। যাহাদের রক্তস্রাব হইয়াছে বা যাহাদিগকে পঞ্চকর্ম্ম প্রয়োগ করা হইয়াছে, তাহাদিগেরও শিরাবেধ করিবে না। আর অস্নিগ্ধ, অস্বেদিত, অতিস্বেদিত, পীতস্নেহ, গর্ভিণী এবং সূতিকা, অজীর্ণ, রক্তপিত্ত, শ্বাস, কাস, অতিসার, উদর, বমি, পাণ্ডু, সর্ব্বাঙ্গশোথ ও বায়ু রোগে পীড়িত ব্যক্তিরও শিরাবেধ করিবে না। শিরা যন্ত্রিত ও উত্থাপিত না করিয়া বিদ্ধ করিবে না বা

নাবস্ত্রিতাং শিরাং বিধ্যেন্ন তির্য্যঙ্‌নাপ্যনুন্থিতাম্।
নাতিশীতোষ্ণবাতাভ্রেষ্বন্যত্রাত্যয়িকাদগদাৎ ॥ ৪ ॥

অথ ঘৃততৈলমূর্চ্ছাবিধিঃ।

ঘৃতমূর্চ্ছাবিধিঃ—

পথ্যাধাত্রীবিভীতৈ লধরহরিদ্রানীমাতুলুঙ্গদ্রবৈশ্চ
দ্রব্যৈরেতৈঃ সমৈঃ পলকপরিমিতৈর্ম্মন্দমন্দানলেন।
আজ্যপ্রস্থং বিফেনং পরিচপলগতং মূর্চ্ছয়েদ্বৈদ্যরাজঃ।
তস্মাদামোপদোষং হরতি চ সকলং বীর্য্যবৎ সৌখ্যদায়ি ॥ ১ ॥

কটুতৈলমূর্চ্ছাবিধিঃ।

বয়ঃস্থারজনীমুস্ত-বিল্বদাড়িমকেশরৈঃ।
কৃষ্ণজীরকহ্রীবের-নলিকৈঃ সশিভীতকৈঃ ॥
এতৈঃ সমাংশৈঃ প্রস্থে চ কর্ষমাত্রং প্রযোজয়েৎ।
কটুতৈলং পচেৎ তেন আমদোষহরং পরম্ ॥ ২ ॥

অতিবাত এবং অতিমেঘের সময় শিরাবেধ করিবে না, তবে আশু অনিষ্টজনক রোগে উক্ত কালেও শিরাবেধ করিতে পারা যায় ॥ ৩।৪ ॥

ঘৃতমূর্চ্ছাবিধি—দৃঢ় কটাহে মন্দ মন্দ অগ্নিতে ঘৃত পাক করিয়া, ঘৃত যখন নিষ্ফেন হইবে, তখন প্রথমে হরিদ্রা, তৎপরে ছোলঙ্গ লেবুর রস, তদনন্তর হরীতকী, আমলা, বহেড়া, মুতা, এই সকল দ্রব্য ঘৃতে নিক্ষেপ করিবে। চারি সের ঘৃতের মূর্চ্ছন করিতে হইলে মূর্চ্ছাদ্রব্য সকলের পরিমাণ ১ পল বা আট তোলা, পাকার্থ জল ১৬ সের। ইহাতে ঘৃতের আমদোষ নষ্ট হয় এবং উহা বীর্য্যশালী ও সুখদায়ক হয় ॥ ১ ॥

কটুতৈলমূর্চ্ছাবিধি—পূর্ব্বোক্ত প্রণালীতে কটু তৈলও মূর্চ্ছিত করিবে অর্থাৎ তৈল নিষ্ফেন হইলে প্রথমে হরিদ্রা, তদনন্তর মঞ্জিষ্ঠা দিয়া, পরে আমলা, মুতা, বেলছাল, দাড়িমছাল, নাগকেশর, কৃষ্ণজীরা, বালা, [illegible] ও বহেড়া এই সকল মূর্চ্ছন দ্রব্য পূর্ব্ববৎ দিবে। /৪ সের তৈলে মঞ্জিষ্ঠা একপোয়া ও অন্যান্য

এরণ্ডতৈলমূর্চ্ছাবিধিঃ।

বিকসামুস্তকং ধান্যং ত্রিফলা বৈজয়ন্তিকা ॥
হ্রীবেরঘনখর্জ্জুর-বটশুঙ্গানিশাযুগম্ ॥
নলিকা ভেষজং দেয়ং কেতকী চ সমং সমম্।
প্রস্থে দেয়ং শাণমিতং মূর্চ্ছনে দধি কাঞ্জিকম্ ॥ ৩ ॥

তিলতৈলমূর্চ্ছাবিধিঃ।

কৃত্বা তৈলং কটাহে দৃঢ়তরবিমলে মন্দমন্দানলৈস্তৎ
তৈলং নিষ্ফেনভাবং গতমিহ চ যদা শৈত্যযুক্তং তদৈব।
মঞ্জিষ্ঠারাত্রিলোধ্রৈর্জ্জলধরনলিকৈঃ সামলৈঃ সাক্ষপথ্যৈঃ
সূচীপুষ্পাংঘ্রিনীরৈরুপহিতমথিতৈর্গন্ধযোগং জহাতি ॥
তৈলস্যেন্দুকলাংশিকৈকবিকসাভাগোঽপি মূর্চ্ছাবিধৌ
যে চান্যে ত্রিফলাপয়োদরজনীহ্রীবেরলোধ্রান্বিতা।

প্রত্যেক দ্রব্য ২ তোলা মাত্রায় নিক্ষেপ করিয়া ১৬ সের জলে পাক করিবে। ইহাতে তৈলের আমদোষ নষ্ট হয় ॥ ২ ॥

এরণ্ডতৈলমূর্চ্ছাবিধি—এরণ্ড তৈলের মূর্চ্ছা দ্রব্য যথা—মঞ্জিষ্ঠা, মুতা, ধনে, ত্রিফলা, জয়ন্তীপত্র, বালা, মুতা, খর্জ্জুর, বটশুঙ্গা, হরিদ্রা, দারুহরিদ্রা, নালুকা, কেয়ার ঝুরি, দধি ও কাঁজি প্রত্যেক ৪ তোলা; তৈল /৪ সের। মঞ্জিষ্ঠা প্রভৃতি দ্বারা পূর্ব্ববৎ মূর্চ্ছা করিবে ॥ ৩ ॥

তিলতৈলমূর্চ্ছাবিধি—দৃঢ়তর লৌহ কটাহে মন্দ মন্দ অগ্নি দ্বারা তৈল পাক করিবে। যখন ঐ তৈল নিষ্ফেন হইবে, তখন চুল্লী হইতে নামাইবে। অল্প শীতল হইলে পেষিত হরিদ্রা জলে গুলিয়া ক্রমশঃ তৈলে দিবে। পরে পেষিত সজল মঞ্জিষ্ঠা ক্রমে ক্রমে তাহাতে নিক্ষেপ করিবে। তৎপরে লোধ, মুতা, নালুকা, আমলা, বহেড়া, হরীতকী, কেয়ার [illegible] ও বালা এই সকল দ্রব্য জল সহ শিলাপিষ্ট করিয়া তৈলে দিবে। [illegible] ঐ তৈলে তাহার চতুর্গুণ জল দিয়া পাক করিবে এবং কিঞ্চিৎ [illegible] অবশিষ্ট থাকিতে নামাইয়া ৭ দিন তদবস্থায় রাখিবে। এই

সূচীপুষ্পবটাবরোহনলিকাস্তস্যাশ্চ পাদাংশিকাঃ
দুর্গন্ধং বিনিহন্তি তৈলমরুণং সৌরভ্যমাকুর্ব্বতে ॥ ৪ ॥

তৈলমূর্চ্ছা।

পত্রং পঞ্চরসৈর্যুক্তং দধিলাক্ষাসমন্বিতম্।
মূর্চ্ছানং কারয়েৎ প্রাজ্ঞো গন্ধবর্ণং জহাতি চ ॥
আম্রজম্বূকপিত্থানাং বীজপূরকবিল্বয়োঃ।
গন্ধকর্ম্মণি সর্ব্বত্র পত্রাণি পঞ্চপল্লবম্ ॥ ৫ ॥

অথ গন্ধদ্রব্যম্।

এলাচন্দনকুঙ্কুমাহগুরুমুরাককোলমাংসীশটী
শ্রীবাসচ্ছদগ্রন্থিপর্ণশশভৃৎক্ষৌণিম্বজোশীরকম্।
কস্তূরীনখপূতিশৈলজশুভামেথীলবঙ্গাদিকং
গন্ধদ্রব্যমিদং প্রদেয়মখিলং শ্রীবিষ্ণুতৈলাদিষু ॥ ৬ ॥

হরিদ্রা ও মঞ্জিষ্ঠা প্রভৃতি দ্রব্যসমূহকে মূর্চ্ছাদ্রব্য কহে। উক্ত দ্রব্যের পরিমাণ এই, তৈলের ষোড়শাংশ মঞ্জিষ্ঠা এবং অপরাপর দ্রব্য মঞ্জিষ্ঠার চতুর্থাংশ; অর্থাৎ যদি তৈল ১৬ সের হয়, তাহা হইলে মঞ্জিষ্ঠা /১ সের ও অন্যান্য দ্রব্য এক পোয়া করিয়া হওয়া আবশ্যক। মূর্চ্ছা ক্রিয়া দ্বারা দুর্গন্ধ নিবারিত হইয়া তৈল সুগন্ধ ও অরুণবর্ণ হয়। তৈলের সহিত কাথাদি পাক করিবার সময় মূর্চ্ছা দ্রব্য সমস্ত ছাঁকিয়া ফেলিবে ॥ ৪ ॥

অপর মত—পঞ্চরসযুক্ত পঞ্চপত্র এবং দধি ও লাক্ষা দ্বারা তৈল মূর্চ্ছা করিবে। ইহাতে তৈলের স্বাভাবিক গন্ধ ও বর্ণ নষ্ট হইয়া উত্তম গন্ধ ও বর্ণ হইবে। গন্ধকর্ম্মার্থ পঞ্চপল্লবের নির্দ্দেশ।—আম, জাম, কয়েত বেল, টাবা লেবু ও বেল ইহাদের পত্র গন্ধকর্ম্মার্থ প্রযোজ্য ॥ ৫ ॥

গন্ধদ্রব্য—এলাচ, চন্দন, কুঙ্কুম, অগুরু, মুরামাংসী, কাকলা, জটামাংসী, শটী, সরলকাষ্ঠ, তেজপত্র, গেঁটেলা, কর্পূর, শৈলজ, বেণার মূল, [illegible]ভি, নখী, খটাশী, শিলারস, মুতা, মেথী ও লবঙ্গাদি এই সমুদায় গন্ধদ্রব্য বিষ্ণুতৈল প্রভৃতিতে প্রদেয় ॥৬

অপরং গন্ধদ্রব্যম্।

দেবদারুসরলাগুরুত্বচং তেজপত্রঘনকুষ্ঠকুঙ্কুমম্।
গ্রন্থিপর্ণিশঠিকোগ্রগন্ধকং মাংসিকাসুনবখোটি কুন্দুরু॥
পূতিকং মধুরিকৈলয়া নখী চন্দনং সমপরং প্রিয়ঙ্গুকম্।
মেথিকামদসুবাস্তচম্পকং দেবতাড়নলিকাসপৃক্কয়া॥
কক্কোলকং কল্কসমানি তৈলে দেয়ানি সর্ব্বাণি সুগন্ধিকানি।
অন্যান্যশেষাণি হিতানি বৈদ্যৈর্বাতাপহারীণি সুযোজিতানি॥৭॥

গ্রন্থান্তরস্য—তৈলাদ্ গন্ধস্য পাদার্দ্ধং দদ্যাৎ তচ্ছাস্ত্রবিদ্ভিষক্।
কেচিৎ কল্কসমং মন্যে সর্ব্বত্র গন্ধকর্ম্মণি॥ ৮॥

মতান্তরম্।

কুষ্ঠঞ্চ নালুকা পূতিরুশীরং শ্বেতচন্দনম্।
জটামাংসী তেজপত্রং নখী মৃগমদঃ ফলম্॥
কক্কোলং কুঙ্কুমং চোচং লতাকস্তুরিকা বচা।
সূক্ষ্মেলাঽগুরু মুস্তঞ্চ কর্পূরং গ্রন্থিপর্ণকম্॥
শ্রীবাসঃ কুন্দুরুর্দেব-কুসুমং গন্ধমাতৃকা।
সিহ্লকং মিষিকা মেথী ভদ্রমুস্তং শঠী তথা॥

মতান্তরে গন্ধদ্রব্য—দেবদারু, সরলকাষ্ঠ, অগুরু, দারুচিনি, তেজপত্র, মুতা, কুড়, কুঙ্কুম, গেটেলা, শটী, বচ, জটামাংসী, নবনীত খোটী, কুন্দুরু, খটাশী, মৌরি, এলাচ, নখী, শ্বেতচন্দন, প্রিয়ঙ্গু, মেথী, কস্তুরী, সুগন্ধি চাঁপা, দেবতাড়, নালুকা, পিড়িংশাক ও কাঁকলা এই সমস্ত এবং অন্যান্য বাতনাশক হিতজনক সুগন্ধ দ্রব্য সকল কল্কপরিমাণে তৈলে প্রদান করিবে। কেহ কেহ তৈলের অষ্টমাংশ কেহ বা কল্কের সমান গন্ধদ্রব্য প্রদান করিতে বলেন॥ ৭। ৮॥

অপর গন্ধদ্রব্য—[illegible], নালুকা, খটাশী, বেণার মূল, শ্বেতচন্দন, জটামাংসী, তেজপত্র, নখী, মৃগনাভি, জায়ফল, কাঁকলা, কুঙ্কুম, গুড়ত্বক্, লতাকস্তুরী, বচ, ছোট [illegible] গুরু, মুতা, কর্পূর, গেটেলা, সরলকাষ্ঠ, কুন্দুরু খোটী, লবঙ্গ, গন্ধমাতৃকা,

জাতীফলং শৈলজঞ্চ দেবদারু সজীরকম্।
এতানি গন্ধদ্রব্যাণি তৈলপাকেষু যুক্তিতঃ ॥ ৯ ॥

ইতি পরিভাষা-প্রদীপসংগ্রহে চতুর্থঃ খণ্ডঃ।

সম্পূর্ণোঽয়ং গ্রন্থঃ

শিলারস, গুল্‌ফা, মেথী, ভদ্রমুতা, শটী, জৈত্রী, শৈলজ, দেবদারু ও জীরা এই সকল গন্ধদ্রব্য যথানিয়মে তৈলে প্রদান করিতে হয় ॥ ৯ ॥

চতুর্থ খণ্ড সমাপ্ত।

সমাপ্ত

শ্রীল শ্রীযুক্ত মহারাজাধিরাজ হায়দ্রাবাদ প্রদেশাধিপতি নিজাম বাহাদুর
এবং শ্রীল শ্রীযুক্ত মহারাজাধিরাজ, বরদা, ত্রিবাঙ্কুর, মহীশূর, ইন্দোর,
যোধপুর, কাশ্মীর, ভরতপুর ও পাতিয়ালাধিপতি

এবং অপরাপর স্বাধীন নৃপতিবৃন্দের অনুমোদিত, বিশ্বস্ত ও পৃষ্ঠপোষিত—

কবিরাজ চন্দ্রকিশোর সেন মহাশয়ের

আয়ুর্ব্বেদ বিদ্যালয় ও ঔষধালয়।

২৯ নং কলুটোলাষ্ট্রীট—কলিকাতা।

চরক-সংহিতা, সুশ্রুত-সংহিতা, সটীক চক্রদত্ত, আয়ুর্ব্বেদ-সংগ্রহ, পাচন-সংগ্রহ,
মাধবনিদান, নাড়ী-প্রকাশ, আয়ুর্ব্বেদ-প্রদীপ, রসেন্দ্রসার-সংগ্রহ, ভাবপ্রকাশ,
পরিভাষা-প্রদীপ, দ্রব্যগুণ, শার্ঙ্গধর প্রভৃতি গ্রন্থের সম্পাদক ও প্রণেতা—

শ্রীদেবেন্দ্রনাথ সেন কবিরাজ ও শ্রীউপেন্দ্রনাথ সেন কবিরাজ।

প্রণেতা ও চিকিৎসক

ভারতের স্বাধীন মহারাজগণ এবং দেশের অধিকাংশ বড় বে
দ্বারা চিকিৎসিত হয়েন এবং এই

এত উন্নতি। বিগত বিংশতি বৎসর হইতে আমরা চিকিৎসা করিতেছি। আমাদিগকে প্রত্যহ শত শত রোগী দেখিতে হয়। আমাদের সমস্ত ঔষধই অকৃত্রিম—কাজেই বিশেষ ফলপ্রদ; ঔষধাদির মূল্যও যথাসম্ভব কম।

রোগ-শান্তির জন্য: নিজ নিজ প্রাণ, যে সে চিকিৎসকের হস্তে অর্পণ করা কখনই কর্ত্তব্য নহে। যে চিকিৎসক বিশেষ সম্ভ্রান্ত ও বহুদর্শী এবং শাস্ত্রজ্ঞ, যাঁহার নিকট দেশের জ্ঞানী ও বড় লোকেরা চিকিৎসিত হইয়া থাকেন—তাঁহার দ্বারাই চিকিৎসিত হইবার চেষ্টা করা কর্ত্তব্য। বিজ্ঞাপনের প্রলোভনে ভুলিয়া কাহারও জীবন বিপদ্‌গ্রস্ত করা উচিত নহে।

আমাদের ঔষধালয়ই সর্ব্ববিষয়েই সর্ব্বশ্রেষ্ঠ। ২৯ নং কলুটোলাষ্ট্রীটস্থ যে বাটীতে আমাদের এই ঔষধালয় অবস্থিত, উহা অতি বিস্তৃত চতুস্তল বাটী, প্রায় ২,০০,০০০ দুই লক্ষ মুদ্রা ব্যয়ে প্রস্তুত। ৭০ নং সুবৃহৎ ত্রিতল বাটীতে আমাদের ঔষধ-ভাণ্ডার এবং ছাত্র ও কর্ম্মচারীর অবস্থিতির স্থান। ১০ নং কালী-ঘাট রোডস্থ সুরম্য প্রশস্ত বাটীতে আমাদের শাখা ঔষধালয়। কলিকাতার সন্নিকটস্থ আমাদের জমিদারী আগড়পাড়া গ্রামে রেলওয়ে ষ্টেশনের সংলগ্ন দেড়শত বিঘা জমির উপর আয়ুর্ব্বেদ উদ্যান ও গোশালা। বলা নিষ্প্রয়োজন, এই কয়টী বাটীই আমাদের নিজের।

বিদেশস্থ যে কোন মহোদয় আমাদের দ্বারা চিকিৎসিত হইবার বাসনায় অথবা কোন ঔষধ বা ভেষজ দ্রব্য পাইবার বাঞ্ছায় পত্র লিখিলে—তাঁহার পত্র প্রাপ্তির পর দিবসেই আমরা তাঁহার আদিষ্ট ঔষধ অথবা পুস্তক কিংবা অপর কোনও দ্রব্য নিশ্চয়ই প্রেরণ করিয়া থাকি।

এই স্থানে জ্বর, প্লীহা, যকৃৎ, অতিসার, রক্তাতিসার, গ্রহণী, মেহ, ধাতুক্ষীণ, ধ্বজভঙ্গ, শ্বাস, কাস, রক্তপিত্ত, মূর্চ্ছা, উন্মাদ, প্রদর, সূতিকারোগ, শিরোরোগ, বাতরক্ত, কুষ্ঠ, উপদংশ (গরমি), বাত, ক্রিমি, অর্শঃ, শোথ, অজীর্ণ, অম্লপিত্ত এবং শূল প্রভৃতি সমস্ত রোগের সর্ব্বপ্রকার আয়ুর্ব্বেদীয় অকৃত্রিম ও প্রত্যক্ষফল-তৈল, ঘৃত, মোদক, অরিষ্ট, আসব এবং মকরধ্বজ ও ধাতুদ্রব্যাদি

বিদেশীয় রোগিগণ আমাদের দ্বারা চিকিৎসিত হইবার অভিলাষে নিজ নিজ রোগ-বিবরণ সহ পত্র লিখিলে অতি যত্নপূর্ব্বক পাঠ করিয়া ত্বরায় বিনামূল্যে ব্যবস্থাদি প্রদান করা যায়। পত্র সকল গোপন করিয়া রাখা হয়।

নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে লিখিবেন।

প্রাতে অক্ষম ব্যক্তিদিগকে দেখিয়া বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়। আমরা উভয়ে ঔষধালয়ে উপস্থিত থাকিয়া সমাগত রোগীদিগকে যত্নপূর্ব্বক দেখিয়া ব্যবস্থাদি প্রদান করিয়া থাকি।

আমরা কলিকাতা হইতে পত্র দ্বারা প্রত্যহ শত শত রোগীর চিকিৎসা করিতেছি, রোগীরাও চিকিৎসায় শীঘ্র নিরাময় হইয়া পরমসুখে সংসারযাত্রা নির্ব্বাহ করিতেছেন। রোগী চক্ষে না দেখিলে চিকিৎসা করা হয় না এবং পীড়াও আরোগ্য হয় না, এইরূপ ধারণা থাকা নিতান্ত ভুল।

আমাদের সমস্ত ঔষধই আমাদের প্রথরা দৃষ্টিতে প্রস্তুত, কাজেই তীক্ষ্ণবীর্য্য—ডাকিলে ডাক শুনে। ঔষধ প্রস্তুত-করণের জন্য সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট দ্রব্য-সংগ্রহ করিতে যতই কেন অর্থব্যয় হউক না, আমরা তাহা করিয়া থাকি, তাহাতে কখনও কৃপণতা করি না। যথাশাস্ত্র প্রস্তুত আমাদের জগদ্বিখ্যাত ঔষধের উপকারিতায় সকল লোক মোহিত হইয়া থাকেন বলিয়াই আমাদের দিন দিন এত উন্নতি এবং ঔষধালয় সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া স্বীকৃত হইয়া থাকে।

আমাদের প্রণীত ও সম্পাদিত চরক, সুশ্রুত, আয়ুর্ব্বেদ-সংগ্রহ, পাচন-সংগ্রহ, চক্রদত্ত, নিদান, দ্রব্যগুণ, রসেন্দ্রসার-সংগ্রহ, শার্ঙ্গধর প্রভৃতি পুস্তক পণ্ডিত মাত্রকেই মোহিত করিয়াছে।

আয়ুর্ব্বেদ বিদ্যালয় ও ঔষধালয়
২৯ নং কলুটোলাষ্ট্রীট
কলিকাতা।

শ্রীদেবেন্দ্রনাথ সেন কবিরাজ।
শ্রীউপেন্দ্রনাথ সেন কবিরাজ।

কবিরাজ চন্দ্রকিশোর সেন মহাশয়ের

জবাকুসুমতৈল

মস্তক ও কেশের জগদ্বিখ্যাত হিতকর তৈল।

এই মহৌষধ পরম সুগন্ধি **"জবাকুসুম তৈল"** মস্তকে ব্যবহার করিলে কেশক্ষয়, অকালে কেশের পক্কতা, ইন্দ্রলুপ্ত অর্থাৎ টাক্ প্রভৃতি কেশসংক্রান্ত সমস্ত পীড়ার শান্তি হয়; ফলতঃ যে যে গুণ থাকিলে কেশের উৎকর্ষ সাধিত হয়, তৎসমস্তই ইহাতে সম্যক্ বর্ত্তমান আছে। অধিকন্তু ইহা দ্বারা মস্তক ঘূর্ণন, মস্তিষ্কদৌর্ব্বল্য, সদা মন হুহু করা, কর্ত্তব্যকার্য্যে অনিচ্ছা, অনুচিত শুক্রব্যয় ও অতি মাদক সেবন জন্য বা দীর্ঘকালের প্রমেহাদি হেতু মস্তিষ্কের পীড়া এবং দর্শন ও শ্রবণ শক্তির অল্পতা প্রভৃতি রোগ অতি সত্বর নিবারিত হয় এবং মস্তিষ্ক সুশীতল থাকে। ইহা বায়ুজন্য শিরোরোগের মহৌষধ।

যাঁহাদের অধিক পরিমাণে মস্তিষ্কের পরিচালনা করিতে হয়—তাঁহাদের মস্তিষ্ক অবিকৃত, সম্পূর্ণ কার্য্যক্ষম ও সুশীতল রাখিতে হইলে **"জবাকুসুম তৈল"** ব্যবহার করিলে অধিক মানসিক শ্রম জন্য কোনরূপ পীড়া আক্রমণ করিতে পারে না। শ্রম জন্য অবসাদ সম্পূর্ণরূপে দূর করিতে আমাদের এই **জবাকুসুম তৈল** অদ্বিতীয় মহৌষধ। বিবিধ কারণে মনুষ্য-শরীরের শোণিত উত্তপ্ত হইয়া মস্তিষ্ক বিকৃত প্রাপ্ত হয়। ইহা ব্যবহারে সেই উত্তপ্ত শোণিত সুশীতল হইয়া মস্তিষ্ককে ক্রিয়াবান্ ও সমস্ত বায়ুবিকার বিদূরিত করে। ইহা অতি মনোহর গন্ধবিশিষ্ট ও মনের প্রফুল্লতাসাধক।

জবাকুসুম তৈল
শিরোরোগের অব্যর্থ মহৌষধ। এরূপ উপকারী তৈল জগতে আর নাই।

যাঁহারা বহুদিবস হইতে শিরোরোগে ও কেশ সম্বন্ধীয় পীড়ায় কষ্ট পাইতেছেন এবং বহুবিধ পীড়ায় আরোগ্য লাভে হতাশ হইয়াছেন, তাঁহারা আশ্বস্ত হউন—জবাকুসুম তৈল ব্যবহার করুন—আরোগ্যলাভ করিবেন। যাঁহারা দুর্ভাগ্যবশতঃ নিদ্রাসুখে বঞ্চিত হইয়াছেন, তাঁহারা আমাদের **জবাকুসুম তৈল** ব্যবহার করুন—ইহা ব্যবহারে স্বাস্থ্যনাশক এবং কষ্টদায়ক নিদ্রানাশ ও পীড়া হইতে আরোগ্যলাভ করিবেন। এই সকল পীড়ায় রোগী যত জবাকুসুম তৈল ব্যবহার করিতেছেন—তত দিবস তাঁহার চিকিৎসা

জবাকুসুম তৈল বাঙ্গালী জাতির একটী শ্লাঘার জিনিষ। কারণ একজন স্বদেশবাসী ইহার আবিষ্কর্ত্তা। আমরা স্পর্দ্ধার সহিত বলিতে পারি যে, এই পৃথিবীতে যতপ্রকার মস্তিষ্কের ব্যবহার্য্য তৈল আবিষ্কৃত হইয়াছে, তন্মধ্যে জবাকুসুম তৈলের ন্যায় সর্ব্বগুণসম্পন্ন উৎকৃষ্ট তৈল এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। জবাকুসুম তৈল নিজগুণে জগতে সর্ব্বোচ্চ স্থান অধিকার করিয়াছে। ভারতের মধ্যে বিদ্যা, বুদ্ধি, ও মস্তিষ্ক পরিচালনার জন্য যাঁহারা সুপ্রসিদ্ধ, তাঁহারা অতি আদরের সহিত আমাদের এই জবাকুসুম তৈল প্রত্যহ ব্যবহার করেন। দেশীয় প্রসিদ্ধ প্রসিদ্ধ মহিলাগণ প্রায় সকলেই জবাকুসুম তৈল অতি আগ্রহের সহিত ব্যবহার করিয়া থাকেন। জবাকুসুম তৈলে মস্তকের কেশ এবং দাড়ি ও গোঁপের চুল ঘন, চিক্কণ, বৃহৎ ও সুদৃশ্য হয় এবং ইহার সুগন্ধে দিবারাত্র মন প্রফুল্ল থাকে। জবাকুসুম তৈল প্রত্যেক মহিলার আদরের জিনিষ।

জবাকুসুম তৈল উপকারিতায় সর্ব্বশ্রেষ্ঠ, দেশের প্রসিদ্ধ প্রসিদ্ধ ব্যক্তিগণ ইহা ব্যবহার করেন।

জবাকুসুম তৈল সর্ব্বগুণসম্পন্ন এবং সর্ব্বোৎকৃষ্ট। কি মনঃপ্রাণ-বিমোহনকারী সুগন্ধে, কি কেশদাম পরিপোষণে, কি মস্তিষ্ক স্নিগ্ধকরণে অথবা পরিশ্রমজনিত অবসাদ দূরীকরণে আমাদের "জবাকুসুম তৈল" জগতে অতুলনীয়। ভারতের সমস্ত মনস্বিগণ অতি আদরের সহিত প্রত্যহ জবাকুসুম তৈল ব্যবহার করেন। জবাকুসুম তৈল তাঁহাদের পক্ষে **মস্তিষ্কের খাদ্য** স্বরূপ হইয়া দাঁড়াইয়াছে।

এই তৈলের বিক্রয়াধিক্য দেখিয়া অনেক অসৎ ব্যক্তি এইরূপ নামযুক্ত নিতান্ত অপদার্থ নকল ও জাল তৈল প্রস্তুত করিয়া গ্রাহকগণকে ঠকাইতেছে। সেইজন্য জবাকুসুম তৈলের শিশির গাত্রে—

JABAKUSUM TAILA.

জবাকুসুম তৈল।

জবাকুসুম তৈল। جواكوشم تيل

এই কথাগুলি অঙ্কিত আছে। গ্রাহকগণ অনুগ্রহপূর্ব্বক দেখিয়া লইবেন

এক শিশির মূল্য ১৲ টাকা। ডাকমাশুলাদি ।৴০ আনা।

তিন শিশির মূল্য ২।০ নয় সিকা! ডাকমাশুলাদি ।৵০ সাত আনা

ছয় শিশির মূল্য ৪॥০ টাকা। ডাকমাশুলাদি ৸৵০ আনা

ডজন (১২ শিশি) ৮৸০ আট টাকা বার আনা। ডাঃ মাঃ ১।০

বড় এক শিশির মূল্য ৩৲ টাকা। ডাকমাশুলাদি ॥৴০ আনা

নিম্নলিখিত ব্যক্তিগণের

জবাকুসুমতৈল

ব্যবহার করা একান্ত কর্ত্তব্য।

১। যাঁহাদিগের প্রত্যহ অধিক পরিমাণে মস্তিষ্কের চালনা করিতে হয়।

২। যাঁহাদিগকে অধিক রাত্রি জাগরণ করিতে হয়।

৩। যাঁহাদিগকে অধিক বিদ্যানুশীলন বা পাঠ করিতে হয়।

৪। যাঁহাদের মস্তিষ্ক স্বভাবতঃ উষ্ণ ও মেজাজ্ খিট্‌খিটে।

৫। যাঁহাদের ধাতু বায়ুপ্রধান বা পিত্তপ্রধান।

৬। যাঁহাদের নিদ্রা বেশ ভাল হয় না।

৭। যাঁহাদের শ্রম করিলে মাথা ধরে।

৮। যাঁহাদের মানসিক পরিশ্রম করিলে কষ্ট হয়।

৯। যাঁহাদের মন সদাই খারাপ থাকে এবং যাঁহারা মনে সুখ পান না।

১০। যাঁহাদের শ্রম করিতে ইচ্ছা হয় না।

১১। যাঁহাদের চুল পাত্‌লা হইয়া যাইতেছে বা মস্তকে টাক্ পড়িতেছে।

১২। পান-দোষাদির জন্য যাঁহাদের মস্তিষ্ক ও স্বাস্থ্য নষ্ট হইয়াছে।

১৩। যাঁহাদের কেশ-সংক্রান্ত কোন প্রকার পীড়া যথা—চুলের দুর্ব্বলতা, চুলের বিবর্ণতা, অকালপক্কতা, টাক, মরামাস, খুস্‌কি প্রভৃতি আছে।

১৪। যাঁহাদের মস্তিষ্কের কোনপ্রকার পীড়া যথা—মস্তক-ঘূর্ণন, মাথাধরা, চক্ষুতে ঝাপ্সা দেখা, শারীরিক অবসাদ, নিদ্রানাশ প্রভৃতি রোগ

ঠিকানা—শ্রীউপেন্দ্রনাথ সেন কবিরাজ, ২৯ নং কলুটোলাষ্ট্রীট—কলিকাতা।

জবাকুসুম তৈলের উপকারিতা।

উষ্ণ মস্তিষ্ক শীতল করিতে, চিন্তাক্লিষ্ট শরীর স্ফূর্ত্তিযুক্ত করিতে, অত্যধিক মানসিক পরিশ্রমজনিত অবসাদ দূর করিতে, কুন্তলের কান্তি যথোপযুক্তরূপে বৃদ্ধি করিতে যে যে উপাদানের আবশ্যক—"**জবাকুসুম তৈলে**" তৎসমুদায় সম্যক্‌রূপে বিদ্যমান আছে। বলা নিষ্প্রয়োজন, এই জন্যই **জবাকুসুম তৈলের** গুণগান সকলেরই কণ্ঠে তারস্বরে উচ্চারিত হইয়া থাকে।

এতদ্ব্যতীত "**জবাকুসুম তৈলের**" গন্ধ অতি মনোহর। বিলাসিতার জন্য যাঁহারা এসেন্স বা দেশীয় গন্ধদ্রব্য ব্যবহার করিয়া থাকেন, [illegible] জন্য ব্যবহার করিলে তাঁহারাও ইহা ব্যবহারে বিশেষ সন্তুষ্ট হইবেন। [illegible] তৈলের ন্যায় মনঃপ্রা[illegible]

শ্রীল শ্রীযুক্ত হিজ হাইনেস্ দি অনারেবল মহারাজ স্যার প্রতাপনারায়ণ সিং বাহাদুর কে, সি, আই, ই, অব, অযোধ্যা কৃপাপূর্ব্বক লিখিয়াছেন

জবাকুসুম তৈলের অনন্যসাধারণ গুণাবলীতে আমি মোহিত হইয়াছি। এই তৈল সাধারণকে ব্যবহার করিবার জন্য অনুরোধ করি।

হিস্ হাইনেস্ শ্রীল শ্রীযুক্ত জামানাধিপতি মহারাজ শ্রীশ্রীহামির সিং বাহাদুর কে, জি, সি, এস, আই মহোদয়ের অভিমত—

* * জবাকুসুম তৈল মাথাধরা ও টাকের সর্ব্বশ্রেষ্ঠ মহৌষধ।

শ্রীল শ্রীযুক্ত বান্দারাধিপতি নবাব জুল্ ফিকান্ (২) বাহাদুরের অভিমত—

* * জবাকুসুম তৈলের গন্ধ অতি আনন্দপ্রদ। ইহা মস্তিষ্ক ও কেশের পক্ষে বড়ই উপকারী।

হার হাইনেস্ শ্রীল শ্রীযুক্ত মাড়োয়ার অধীশ্বরী মহারাণী অধিরাণী সাহেবা (যোধপুর) লিখিয়াছেন

জবাকুসুম তৈল বড়ই উপকারী। [illegible] করি এবং প্রত্যহ

হিস্ হাইনেস্ শ্রীল শ্রীযুক্ত মহারাজ রাণা লোকেন্দ্র বাহাদুর—ঢোলপুর—

মস্তিষ্ক স্নিগ্ধ করা সম্বন্ধে জবাকুসুম তৈলের উপকারিতা অসাধারণ। গন্ধও মনোরম, ইহা বেশ ক্লান্তিনাশক।

হিস্ হাইনেস্ শ্রীল শ্রীযুক্ত প্রবল প্রতাপান্বিত মহারাজাধিরাজ চন্দ্রসমসের জং বাহাদুর রাণা জি, সি, এস, আই, পি, জি, ভি, পি, জি, সি, বাহাদুর অব নেপাল—

* * জবাকুসুম তৈল অতি উপাদেয়, গন্ধ অতি মনোহর। স্নানের পর ইহার সুগন্ধের ব্যাঘাত হয় না।

ঝান্সী প্রদেশাধিপতি কে, জি, সি, এস, আই, বাহাদুরের অভিমত

জবাকুসুম তৈল যে সর্ব্বোৎকৃষ্ট তদ্বিষয়ে অণুমাত্র সন্দেহ নাই। ইহা সমস্ত শরীরের স্নিগ্ধতাকারক।

হিস্ হাইনেস্ ঝানঝিরাধিপতি নবাব স্যার সিদি আমেদ খাঁ সিদি ইব্রাহিম খাঁ জি, সি, আই, ই, বাহাদুরের অভিমত—

জবাকুসুম তৈল ও বসন্তমালতী অতি উপাদেয় ঔষধ। হজুর ইহা সদাই ব্যবহার করেন।

হার হাইনেস্ শ্রীল শ্রীযুক্তা মহারাণী কুচবিহার সি, আই, ই, বলেন—

ইহা অতি উপাদেয়, গন্ধ অতিমনোহর। ইহা বেশ স্নিগ্ধগুণবিশিষ্ট ও চুলের হিতকর তৈল।

হিস্ হাইনেস্ শ্রীল শ্রীযুক্ত মহারাজ বাহাদুর—কালাকোট—

ইহা মস্তিষ্কের ক্লান্তি নাশ করে এবং নূতন কেশ সমুদ্ভূত করে। আমি প্রত্যহ ইহা ব্যবহার করি।

হিস্ হাইনেস্ শ্রীল শ্রীযুক্ত মহারাজাধিরাজ বরোদাধিপতি গায়কোয়াড় কে, জি, সি, এস, আই, বাহাদুরের এডিকং কুমার শিবরাজ রাও সিং বাহাদুর বলেন—

* * আপনার জবাকুসুম তৈল ব্যবহার করিয়া থাকি। ইহা স্নিগ্ধকর ও বিশেষ ক্লান্তিনাশক, ইহার গন্ধ বহুক্ষণ স্থায়ী ও বিশেষ প্রীতিপ্রদ।

শ্রীল শ্রীযুক্ত প্রতাপগড়াধিপতি মহারাজ বাহাদুরের অভিমত—

প্রত্যহ জবাকুসুম তৈল ব্যবহার করি, ইহা আমি বেশ পছন্দ করি।

মেজর জেনারেল হিস্ হাইনেস মহারাজাধিরাজ স্যার প্রতাপ সিং বাহাদুর জি, সি, এস, আই, কে, সি, বি,—

সন্তোষের সহিত লিখিতেছি যত প্রকার কেশ-তৈল ব্যবহার করিয়াছি, তন্মধ্যে জবাকুসুম তৈল একটী উৎকৃষ্ট তৈল।

হার হাইনেস্ সিনিয়র মহারাণী ইন্দোর অনুগ্রহপূর্ব্বক লিখিয়াছেন—

আমি প্রত্যহ জবাকুসুম তৈল ব্যবহার করি জবাকুসুম তৈল মস্তিষ্ক ঠাণ্ডা রাখিতে এবং কেশ বৃদ্ধি করিতে অদ্বিতীয়। ইহার গন্ধ অতি মনোহর। কেশ-তৈলের মধ্যে জবাকুসুম তৈল সর্ব্বোৎকৃষ্ট।

হিস্ হাইনেস্ শ্রীযুক্ত মহারাজাধিরাজ রাজরাজেশ্বর ইন্দোরাধিপতি শিবাজী রাও হোলকার কে, জি, সি, এস, আই বাহাদুর কৃপাপূর্ব্বক লিখিয়াছেন—

জবাকুসুম তৈল স্নিগ্ধ গুণ বিশিষ্ট। ইহা অতি মনোহর ও ক্লান্তিনাশক। আমি ইহা প্রত্যহ ব্যবহার করি।

ভূতপূর্ব্ব কমিশনার সুপ্রসিদ্ধ লেখক বঙ্গের গৌরববি শ্রীযুক্ত আর, সি, দত্ত, C. I. E. মহোদয় বলেন—

জবাকুসুম তৈল আমার বাটীতে প্রত্যহ ব্যবহার হয়। তৈলটী সুগন্ধি, উপকারক ও স্নিগ্ধতাকারক।

অমৃতাদি বটিকা

যে সকল জ্বররোগী বহুদিবস হইতে পীড়িত আছেন এবং নানা প্রকার দেশীয় বিদেশীয় ঔষধ ব্যবহারে আরোগ্য লাভে বঞ্চিত হইয়া প্রাণে হতাশ হইয়াছেন, তাঁহাদের চিন্তার কোন কারণ নাই। জগদ্বিখ্যাত অমৃতাদি বটিকা ব্যবহার করুন সর্ব্বপ্রকার জ্বর হইতে আরোগ্য লাভ করিবেন। "অমৃতাদি বটিকা" সকল রকম জ্বরের অব্যর্থ মহৌষধ। ইহার তুল্য জ্বরের অমোঘ ঔষধ এতাবৎকাল পৃথিবীতে আবিষ্কৃত হয় নাই। পুনঃ পুনঃ কুইনাইন বা অপর কোন বিষসংযুক্ত ঔষধ ব্যবহারে যাঁহারা জ্বরের নিষ্ঠুর হস্ত হইতে অব্যাহতি পান নাই, তাঁহারা **অমৃতাদি বটিকা** ব্যবহার করুন অমৃতের ন্যায় উপকার পাইবেন। ম্যালেরিয়ায় ভুগিতে ভুগিতে যাঁহাদের অস্থিচর্ম্মসার হইয়াছে এবং অদূরে মৃত্যুর ভীষণমূর্ত্তিসন্দর্শনে অধিকতর ম্রিয়মাণ হইতেছেন অমৃতাদি বটিকা তাঁহাদের পক্ষে মৃতসঞ্জীবনী সুধা; মেহযুক্ত বিষমজ্বর ডাক্তারী চিকিৎসায় প্রায় নির্দ্দোষরূপে প্রশমিত হয় না, কিন্তু ধাতুঘটিত আয়ুর্ব্বেদ সম্মত "অমৃতাদি বটিকা" সেবনে ঐ পীড়া সূর্য্যোদয়ে অন্ধকারের ন্যায় অদৃশ্য হইয়া যায়। যে অমৃতাদি বটিকার গুণের কথা ভারতের মুকুটধারী রাজা হইতে কুটীরবাসী প্রজা পর্য্যন্ত আবাল-বৃদ্ধ-বনিতা প্রায় সকলেই জ্ঞাত আছেন, সর্ব্বপ্রকার জ্বরঘ্ন সেই অমৃতাদিবটিকার গুণের বিষয় কিছু বলিবারও বোধ হয় প্রয়োজন নাই। চিকিৎসকপরিত্যক্ত প্রত্যহ শত শত জ্বররোগী "অমৃতাদি বটিকা" ব্যবহারে প্রাণ পাইয়াছেন। ইহা নূতন জ্বরেও বিশেষ উপকারী।

ম্যালেরিয়াজ্বর, বিষমজ্বর, প্লীহা-যকৃৎ ও মেহসংযুক্ত জ্বর এবং অন্যান্য সর্ব্বপ্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ।

বটিকাপূর্ণ এক কৌটার মূল্য ১৲ টাকা। ডাকমাশুলাদি ৶০ আনা।

কলিকাতা হাইকোর্টের খ্যাতনামা বারিষ্টার শ্রীযুক্ত পি, মিত্র বলেন—

অমৃতাদি বটিকা ব্যবহারে নির্দ্দোষরূপে জ্বর নিবারিত হইয়াছে।

পাবনা গড়াদহ হইতে প্রসিদ্ধ জমিদার **গুরুদাস নাগ** মহোদয় লিখিয়াছেন—

অমৃতাদি বটিকা ব্যবহারে আমার স্ত্রী ম্যালেরিয়া জ্বর হইতে আরোগ্য লাভ করিয়াছেন।

কানপুর হইতে শ্রীযুক্ত ডাক্তার **নীলমণি মণ্ডল** এল, এম, এস, মহোদয় লিখিয়াছেন—

অমৃতাদি বটিকা দ্বারা পুরাতন জ্বর ও পালাজ্বর সম্পূর্ণরূপে প্রশমিত হয়। ঔষধের অমোঘ গুণ দেখিয়া আমি বড়ই সুখী হইয়াছি।

মহামহোপাধ্যায় পূজ্যপাদ শ্রীযুক্ত **কৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন** মহাশয় বলেন—

আমি আপনার অমৃতাদি বটিকা দ্বারা বিশেষ উপকার পাইয়াছি।

ভবানীপুরের সর্ব্বপ্রধান প্রবীণ ডাক্তার শ্রীযুক্ত **বিহারীলাল বসু** এল, এম, এস, মহোদয় বলেন—

অমৃতাদি বটিকা জ্বরের বিশেষতঃ পুরাতন ও ম্যালেরিয়া জ্বরের অতি উৎকৃষ্ট ঔষধ।

সুপ্রসিদ্ধ ইঞ্জিনীয়ার রায় সাহেব শ্রীযুক্ত বাবু **কালীপদ সেন** মহোদয় লিখিয়াছেন—

অমৃতাদি বটিকায় ম্যালেরিয়া ও তরুণ জ্বরে বিশেষ ফল লাভ করিয়াছি।

সুপ্রসিদ্ধ ডাক্তার রজার জি, এস, চিউ—M. D. মহোদয় বলেন—

অমৃতাদি বটিকার ন্যায় জ্বরনাশকতাগুণ বিশিষ্ট ঔষধ পৃথিবীতে অল্পই দেখা যায়। উহাতে কোন উগ্রবীর্য্য দ্রব্য নাই।

রংপুরের খ্যাতনামা মোক্তার শ্রীযুক্ত বাহার উল্লা সাহেব মহোদয় লিখিয়াছেন—

অমৃতাদি বটিকা আনাইয়া নিজের ও প্রতিবেশী অনেক জীর্ণ শীর্ণ জ্বররোগীর বহুকালের জ্বর নিবারণ করিয়াছি।

শিলং হইতে শ্রীযুক্ত সনাতন খাসয়ার জমিদার মহোদয় লিখিয়াছেন—

আপনার অমৃতাদি বটিকা যত রোগীকে সেবন করাইয়াছি, সকলেই অল্প দিনের মধ্যে সম্পূর্ণরূপে আরোগ্য লাভ করিয়াছে।

সুবিজ্ঞ ও প্রবীণ ডাক্তার শ্রীযুক্ত সূর্য্যনারায়ণ সর্ব্বাধিকারী L. M. S. মহোদয় লিখিয়াছেন—

আমি বহুসংখ্যক জ্বররোগিকে অমৃতাদি বটিকা ব্যবহার করাইয়া আশ্চর্য্য করিয়াছি। ইহা জ্বরের অমোঘ ঔষধ।

আয়ুর্ব্বর্ণো বলং স্বাস্থ্যমুৎসাহোপচয়ৌ প্রভা। ওজস্তেজোঽগ্নয়ঃ প্রাণাশ্চোক্তা দেহাগ্নিহেতুকাঃ
শান্তেঽগ্নৌ ম্রিয়তে যুক্তে চিরঞ্জীবত্যনাময়ঃ। রোগী স্যাদ্বিকৃতি মূলমগ্নিস্তস্মান্নিরুচ্যতে॥

"চরকঃ

এই মহৌষধ "অগ্নিযোগ" সেবন করিলে সর্ব্বপ্রকার অগ্নিমান্দ্য ও অজীর্ণরোগ অচিরে নিবারিত হয়। ইহা ব্যবহারে অগ্নির দীপ্তি, আহারে রুচি, সম্যক্ পরিপাক, কোষ্ঠশুদ্ধি, শরীরধারণোপযোগী আহারে রসের উৎপত্তি ও তদ্দ্বারা ধাতু সকলের পুষ্টি হয়; সুতরাং অপাক মলবদ্ধতা, উদরে ভার বেদনা এবং দমকা ভেদাদি উপদ্রব সকল উপস্থিত হইতে পারে না। ইহা দ্বারা শরীরের উপচয় ও কান্তি, মনের প্রসন্নতা এবং বলের বৃদ্ধি হয়। অল্পভোজী মনুষ্য ইহা সেবনে প্রচুর ভোজন করিতে সমর্থ হয়েন। অগ্নিমান্দ্যাধিকারে ইহার ন্যায় উৎকৃষ্ট ঔষধ দৃষ্টিগোচর হয় না।

দুই সপ্তাহ ব্যবহারোপযোগী তিন প্রকার ঔষধ ও
এক প্রকার তৈলের মূল্য ৪৲ চারি টাকা।
ডাকমাশুল ।৶০ আনা।

ভারতের সুসন্তান—আলিগড়ের সুপ্রসিদ্ধ ডিষ্ট্রীক্ট ও সেসন জজ শ্রীযুক্ত পি, শ্রীলাল আই, সি, এস, মহোদয় বলেন—

অগ্নিযোগ ব্যবহারে বড়ই উপকার পাইয়াছি। এই উপাদেয় ঔষধের জন্য আপনাকে ধন্যবাদ দিতেছি।

বঙ্গবাসী কলেজের সংস্কৃতের সিনিয়র অধ্যাপক বঙ্গসাহিত্যাকাশে উজ্জ্বলরত্ন পূজ্যপাদ শ্রীযুক্ত চন্দ্রোদয় বিদ্যাবিনোদ মহাশয় লিখিয়াছেন—

"অগ্নিযোগ" ব্যবহারে অসীম উপকার পাইয়াছি। ইহা অপাক জনিত শারীরিক ক্লেশ নষ্ট করিতে অব্যর্থ শক্তিসম্পন্ন ঔষধ।

অমৃত-প্রাশ

শিশু ও রুগ্নের বলকারক পথ্য।

পর্ব্বতজাত কয়েক প্রকার সুমিষ্ট ফল হইতে এই উপাদেয় লঘু ও বলকারক খাদ্য প্রস্তুত হইয়াছে। ইহা সেবন করিলে মস্তিষ্ক স্নায়ু ও পেশী সমস্ত সতেজ ও বলিষ্ঠ হয় ও পাকস্থলীর অম্লাধিক্য নষ্ট হইয়া আহারে রুচি, ক্ষুধাবৃদ্ধি, শরীর পুষ্টি এবং রক্ত পরিষ্কৃত হয়। এই পবিত্র খাদ্য সমস্ত ব্যাধিতে পথ্য রূপে ব্যবহার করিলে উপকার দর্শে। ইহা সাগু, এরারুট প্রভৃতি বিদেশীয় খাদ্য অপেক্ষা লঘু ও দুগ্ধ অপেক্ষা বলকারক। সুস্বাদু খাদ্য শীঘ্রই জীর্ণ হয় এবং শরীরের কোন উগ্রতা জন্মায় না বলিয়া মাংস অপেক্ষা উত্তম খাদ্য। অরুচি ও মন্দাগ্নিসম্পন্না গর্ভিণী, দুগ্ধপোষ্য শিশু, জরাজীর্ণ স্থবির এবং যাঁহাদের রোগপূর্ণ শরীরে কোন প্রকার আহারীয় বস্তু সহ্য হয় না, তাঁহাদের পক্ষে ইহা পরম কল্যাণকর রসায়ন।

মূল্য এক টীন ১৲ এক টাকা। ডাকমাশুল ।/০ আনা।

পিঙ্গনা হইতে সুপ্রসিদ্ধ সবজজ শ্রীযুক্ত বাবু গোপাল চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহোদয় লিখিয়াছেন—

অমৃতপ্রাশ পথ্যে আমি বিশেষ উপকার পাইয়াছি।

সুপ্রসিদ্ধ: মাননীয় শ্রীযুক্ত জি, এন, মুকুন্দ মহোদয় লিখিয়াছেন—

অমৃতপ্রাশ ব্যবহার করিয়া আমার কন্যা অজীর্ণাদি রোগ হইতে সম্পূর্ণ মুক্ত হইয়াছে।

অভয়াবটিকা

কোষ্ঠশুদ্ধির মহৌষধ।

অভয়া বটিকা যথানিয়মে সেবন করিলে ভুক্তদ্রব্য সুজীর্ণ হইয়া সুন্দররূপে কোষ্ঠশুদ্ধি হয়। অভয়া বটিকা কোষ্ঠবদ্ধতা এবং কোষ্ঠাশ্রিত বায়ুর মহৌষধ, চিকিৎসা শাস্ত্রে যত প্রকার পীড়ার উল্লেখ আছে, একমাত্র কোষ্ঠবদ্ধতা হইতে তাহার অধিকাংশ পীড়া উৎপন্ন হইতে পারে; কোষ্ঠ পরিষ্কার থাকিলে প্রায় কোন প্রকার পীড়াই আক্রমণ করিতে বা স্থায়ী হইতে পারে না। যাঁহাদের কোষ্ঠ—পরিষ্কার হয় না তাঁহাদের সকলেরই অভয়া বটিকা ব্যবহার করা একান্ত কর্ত্তব্য; কোষ্ঠবদ্ধতা জন্য যে কোন পীড়া হউক না কেন, অভয়া বটিকা সেবনে সেই পীড়ার উপশম হইয়া থাকে।

আমাদের অভয়া বটিকা দুগ্ধপোষ্য বালক এবং জরাজীর্ণ বৃদ্ধগণকেও অক্লেশে সেবন করান যাইতে পারে। ইহা উগ্র জোলাপ নহে। অভয়া বটিকা খাইতে কোন কষ্ট নাই, অভয়া বটিকার প্রত্যেক মাত্রাই অব্যর্থ।

এক কৌটার মূল্য ॥০ আনা। ভিঃ পিতে ॥৶০ আনা।

তিন কৌটার মূল্য ১।০ পাঁচ সিকা। ডাকমাশুলাদি ৶০ আনা।

অশেষ ভাষাবিদ্ পণ্ডিত পূজ্যপাদ শ্রীযুক্ত মহারাজ জ্ঞানানন্দ স্বামিজী বলেন—

অভয়া বটিকা বাস্তবিক কোষ্ঠশুদ্ধির একমাত্র ফলদায়ক ঔষধ। এমন সুখকর ও নির্দ্দোষ বিরেচক কখনও দৃষ্টি করি নাই।

বহুমানাস্পদ শ্রীযুক্ত সি, এম, চক্রবর্ত্তী ব্যারিষ্টার মহোদয়ের সহধর্ম্মিণী নাগপুর হইতে লিখিয়াছেন—

আপনাদের অভয়া বটিকা অতি উত্তম, ব্যবহারে কোনরূপ কষ্ট হয় না। আপনাদের চিকিৎসাপদ্ধতি অতি উত্তম।

অমৃতপ্রাশ ঘৃত

শুক্রতারল্যের শাস্ত্রীয় মহৌষধ।

ক্ষীণবীর্য্য ব্যক্তিগণের পক্ষে ইহা অমৃত তুল্য। শাস্ত্রোক্ত রসায়ন ও বাজীকরণাধিকারোক্ত ঔষধ সমূহের মধ্যে এরূপ প্রত্যক্ষ ফলপ্রদ বীর্য্যবান্ ঔষধ অল্পই দেখিতে পাওয়া যায়। ইহা বিধি পূর্ব্বক সেবন করিলে সম্পূর্ণ বা আংশিক ভাবে নষ্ট পুরুষত্ব পুনরায় পূর্ণভাবে লাভ করা যায়।

অমৃতপ্রাশ ঘৃত, স্ত্রী পুরুষ উভয়েরই পরম মিত্র, পুরুষের শুক্র ও স্ত্রীর আর্ত্তব অযথা ক্ষয় হইলে ইহা ব্যবহার করা নিতান্ত প্রয়োজন, কারণ এই মহৌষধ সেবনে বৃদ্ধগণও যুবার ন্যায় বলবীর্য্যাদি প্রাপ্ত হইয়া থাকেন।

অর্দ্ধপোয়ার মূল্য তিন টাকা। ডাঃ মাঃ ।৴০ পাঁচ আনা।

এক পোয়ার মূল্য ছয় টাকা, ডাঃ মাঃ ॥৵০ দশ আনা।

অর্দ্ধসের ১২৲ বার টাকা। ডাঃ, মাঃ ৸৴০ তের আনা।

অশোক ঘৃত।

সর্ব্বপ্রকার স্ত্রীরোগের মহৌষধ।

অশোক ঘৃত সেবন করিলে রমণীগণের রক্ত, শ্বেত, নীল প্রদরাদি ধাতু ও অবস্থা বিশেষে সত্বর বা বিলম্বে প্রশমিত হয়। রজোরোধ প্রভৃতি স্ত্রীরোগ এবং প্রমেহাদি জন্য জননেন্দ্রিয়ের দোষ দূর করিয়া আয়ুঃ বল ও বর্ণের বৃদ্ধি করিতে অশোক ঘৃত মহিলাগণের পরম সহায়। কুক্ষি ও কটিশূল পর্য্যন্ত এই ঘৃত সেবনে প্রশমিত হইয়া থাকে।

অর্দ্ধপোয়ার মূল্য ১॥০ দেড় টাকা।

এক পোয়া ৩৲ তিন টাকা। ডাঃ মাঃ ॥৴০ নয় আনা।

অমৃতাদি কষায়

ম্যালেরিয়া প্রভৃতি নূতন ও পুরাতন জ্বরের উৎকৃষ্ট পাচন।

জ্বরের এরূপ আশুফলপ্রদ পাচন অল্পই আবিষ্কৃত হইয়াছে। অমৃতাদি বটিকার প্রায় সমস্ত গুণই এই পাচনে বিদ্যমান আছে, কারণ অমৃতাদি বটিকার উপাদান হইতেই ইহা প্রস্তুত হইয়া থাকে। প্লীহা ও যকৃতের বৃদ্ধি থাকিলে ইহা দ্বারা বিশেষ ফল পাওয়া যায়।

এক বোতলের মূল্য এক টাকা।

মফঃস্বলে পাঠাইতে হইলে শিশি করিয়া পাঠান হয়। মাশুলাদি ॥৴০ আনা

কনকাষ্টক

ক্রিমিরোগের অমোঘ ঔষধ।

এরূপ ব্যাধি নাই—যাহা ক্রিমি হইতে উৎপন্ন না হইতে পারে, কিন্তু উহার লক্ষণাবলী অন্যান্য ব্যাধির লক্ষণ সমূহ হইতে সময়ে সময়ে পৃথক্ করা বড়ই দুরূহ; এই জন্য সর্ব্বপ্রথমে উহার প্রধান লক্ষণ—গা বমি বমি, মুখ দিয়া লালা উঠা, শ্বাস প্রশ্বাসে দুর্গন্ধ, নাক চুলকান, দন্তঘর্ষণ ইত্যাদির প্রকাশ হইলে আমাদের কনকাষ্টক ব্যবহার করিতে পারেন, কেন না ইহা দ্বারা কোনরূপ অপকারের সম্ভাবনা নাই; ইহা অতি নির্দ্দোষ ঔষধ। ব্যাধি প্রকৃতপক্ষে ক্রিমিজ হইলে কনকাষ্টক দ্বারা ত্বরায় সমস্ত উপদ্রবের শান্তি হইবে এবং সঙ্গে সঙ্গে মহীলতা বা ফিতার ন্যায় ক্রিমি এবং মলস্থ ক্ষুদ্র ক্ষুদ্র ক্রিমি সমূলে বিনষ্ট হইবে।

এক কৌটার মূল্য এক টাকা। ডাকমাশুলাদি ৵০ আনা।

কাঞ্চন ঘৃত

সর্ব্বপ্রকার স্ত্রীরোগের মহৌষধ।

এই কল্যাণকর সিদ্ধঘৃত সেবনে সর্ব্বশরীরের দূষিত রক্ত পরিষ্কৃত হইয়া জরায়ুসংক্রান্ত যাবদীয় স্ত্রীরোগ যথা—শ্বেতপ্রদর, রক্তপ্রদর, কষ্টরজঃ ও তজ্জন্য বেদনা, অরুচি, মাথাব্যথা ও ঘূর্ণন, চক্ষে ঝাপ্‌সা দেখা, কর্ত্তব্য কার্য্যে অনিচ্ছা, খিট্‌খিটে মেজাজ, শারীরিক অবসাদ এবং আলস্য, মূর্চ্ছা ও আক্ষেপ, দুর্গন্ধ ধাতু নিঃস্রাব, অকালে অধিক বা অল্প পরিমাণে রক্তস্রাব প্রভৃতি স্ত্রীরোগ সকল দূরীভূত হইয়া শরীর সবল হৃষ্টপুষ্ট এবং সমধিক সৌন্দর্য্যশালী হয়। বিশেষতঃ ইহা গর্ভদোষজন্য মৃতবৎসা বিকলাঙ্গ প্রসব বা গর্ভস্রাব এবং প্রসূত সন্তানের অকালমৃত্যু (ভূমিষ্ঠ হইয়া বা ভূমিষ্ঠ হইবার কিছুদিন মধ্যেই মৃত্যু) এবং বন্ধ্যা দোষ প্রভৃতি দুরারোগ্য ও কষ্টপ্রদ পীড়ার অব্যর্থ মহৌষধ। রজোদোষ জন্য স্ত্রীলোকের শরীরে নানাপ্রকার পীড়া উৎপন্ন হইয়া থাকে। কাঞ্চন ঘৃত তৎসমুদায়ের অব্যর্থ মহৌষধ। শ্বেতপ্রদর রক্তপ্রদর এবং সর্ব্বপ্রকার স্ত্রীরোগে কাঞ্চনঘৃতের ন্যায় উৎকৃষ্ট ঔষধ এতাবৎকাল আবিষ্কৃত হয়-নাই।

আধপোয়া ঘৃতের মূল্য ২।০ টাকা ভিঃ পিতে লইলে মোট ২৸/০

এক পোয়ার মূল্য ৫৲ পাঁচ টাকা। ভিঃ পিতে লইলে মোট ৫॥৵০ আনা।

আধসের ঘৃতের মূল্য ১০৲ দশ টাকা। ভিঃ পিতে লইলে মোট ১০৸/০ আনা।

বালেশ্বর সুনহট্ট হইতে সুপ্রসিদ্ধ জমিদার শ্রীযুক্ত **রাজনারায়ণ দাস** মহোদয় বলেন—

*** যে **কাঞ্চন ঘৃত** আপনার নিকট হইতে আনাইয়াছিলাম, তাহা দুই তিন দিন ব্যবহারেই ঋতুকালে বেদনা প্রভৃতির বিশেষ

রংপুর কুড়িগ্রাম হইতে উকীল শ্রীযুক্ত বাবু **বসন্তকুমার ঘোষ** মহোদয় লিখিয়াছেন—

* আপনার প্রেরিত কাঞ্চ

কর্পূরাসব

প্রবল উদরাময় ও ওলাউঠার মহৌষধ।

আমাদের অনেক দিবসের চেষ্টা, যত্ন ও পরীক্ষার ফলে এই মহৌষধ **কর্পূরাসব** আবিষ্কৃত হইয়াছে। ভারতবর্ষের সর্ব্বত্রই সর্ব্বলোকে ব্যবহার করিয়া আশাতীত ফললাভ করিয়াছেন। এক্ষণে বিশেষ সাহস পূর্ব্বক বলা যাইতে পারে যে, বিসূচিকার যত প্রকার প্রতিষেধক ঔষধ আবিষ্কৃত হইয়াছে, তন্মধ্যে ইহা অতি উৎকৃষ্ট।

ইহা সেবনে বিসূচিকা (ওলাউঠা), দুরারোগ্য আমাশয়, রক্তামাশয়, অতিসার, গ্রহণী, প্রবাহিকা, অজীর্ণ, মন্দাগ্নি, পেটের বেদনা প্রভৃতি ত্বরায় নিবারিত হয়। ইহা বিসূচিকা অর্থাৎ ওলাউঠা (কলেরা) রোগের আশু ফলপ্রদ মহৌষধ। হঠাৎ অধিকবার ভেদ বা বমি হইলে ইহা ব্যবহারে তৎক্ষণাৎ উপকার পাওয়া যায়। গ্রীষ্ম ঋতুতে অনেকের যে প্রবল উদরাময় পীড়া হইয়া থাকে, ইহা ব্যবহারে তাহা শীঘ্রই প্রশমিত হইয়া যায়। বিসূচিকা রোগের প্রাদুর্ভাব কালে প্রত্যেক লোকের নিকট ইহার এক একটী শিশি থাকা উচিত। সে সময় **কর্পূরাসব** এক শিশি নিকটে থাকিলে অনেকের জীবন রক্ষা পাইতে পারে।

কর্পূরাসবের আঘ্রাণ অথবা নস্য (নাস) লইলে, ওলাউঠা (কলেরা) পীড়ার আক্রমণ হইতে অব্যাহতি পাওয়া যায়। পীড়ার প্রথমাবস্থায় কর্পূরাসব ব্যবহার করিলে ওলাউঠা (ভেদবমি) পীড়ায় জীবন হারাইবার ভয় থাকে না। যাঁহাদের সদাই দেশবিদেশে ঘুরিয়া বেড়াইতে হয় এবং যাঁহাদের বাটীতে অধিক সংখ্যক পরিবার অথবা যাঁহারা পাড়াপ্রতিবেশীর মঙ্গল কামনা করেন, তাঁহাদের গৃহে অন্ততঃ এক শিশি কর্পূরাসব সংগ্রহ করিয়া রাখা নিতান্ত উচিত।

যাঁহাদের বিদেশ পরিভ্রমণ করিতে হয়, তাঁহাদের ব্যাগে এক শিশি কর্পূরাসব রাখা নিতান্ত কর্ত্তব্য।

এক শিশির মূল্য ।৷০ আট আনা।

ডাকমাশুলাদি ।/০ পাঁচ আনা।

পাঁচ সিকা। ডাকমাশুলাদি ।৶০ সাত আনা।

কল্যাণ বটিকা

স্বপ্নদোষের অব্যর্থ মহৌষধ।

স্বপ্নবিকার বা নিদ্রাবস্থায় শুক্রক্ষয় যে পুরুষের বহুবিধ উৎকট ও দুরারোগ্য রোগনিচয়ের মূল কারণ, তাহা অনেকেই বিদিত আছেন। তন্মধ্যে শারীরিক ও মানসিক দৌর্ব্বল্য, সকল বিষয়ে অমনোযোগ, উদ্যমরাহিত্য, স্ফূর্ত্তি-হীনতা, নৈরাশ্য ও নিস্তেজস্কতা প্রভৃতি এবং অজীর্ণ, অগ্নিমান্দ্য, রক্তহীনতা, চক্ষুর চারিদিকে নীলিমোৎপত্তি, কোষ্ঠবদ্ধতা বা অতিসার, শুক্রতারল্য, শিরো-ঘূর্ণন ও বক্ষোবেদনা প্রভৃতি উপদ্রব সকল অতি অল্পে অল্পে উপস্থিত হয়। এই রোগ অধিককাল স্থায়ী হইলে অত্যল্প কারণে এমন কি মলমূত্রাদির বেগ কিংবা স্ত্রীলোক দর্শন, স্পর্শন ও স্মরণ মাত্রেই শুক্রস্খলন হইয়া থাকে। তাচ্ছীল্য বা অচিকিৎসায় স্বপ্নবিকার ক্রমে তন্দ্রাবিকার হইয়া দাঁড়ায় অর্থাৎ এমন কি শয়ন করিলে কিংবা কিঞ্চিন্মাত্র তন্দ্রাবেশ হইলেও শুক্র নির্গত হয়, ক্রমে লিঙ্গোদ্রেক রাহিত্য লিঙ্গের শিথিল অবস্থাতেই শুক্রক্ষরণ প্রভৃতি ধ্বজভঙ্গের লক্ষণ সকল প্রকাশ পায়।

কিন্তু আমাদের **কল্যাণবটিকা** সেবন করিলে স্বপ্নদোষ ও তজ্জনিত উপরিউক্ত উপদ্রব সকল অবশ্যই নিবারিত হইয়া স্বাভাবিক বলবীর্য্য ও ধারণা-শক্তি সংস্থাপিত হয়।

এক কৌটার মূল্য ২৲ দুই টাকা।

ভিঃ পিতে লইলে ২৶০ দুই টাকা তিন আনা।

তিন কৌটার মূল্য ৫৲ পাঁচ টাকা।

ভিঃ পিতে লইলে ৫।০ পাঁচ টাকা চারি আনা।

রক্ত আমাশয়ের মহৌষধ।

কুটজাসব রক্তামাশয়ের সিদ্ধ ফলপ্রদ মহৌষধ। এক শিশি ঔষধ সেবনেই অনেক স্থলে অজীর্ণ ও আমরক্ত পীড়া নিবারিত হইয়া থাকে।

এই মহৌষধ সেবনে সর্ব্বপ্রকার কৃচ্ছ্রসাধ্য রক্তাতিসার, আমরক্ত ও গ্রহণীরোগ, জ্বর, শোথ, অরুচি, উদরে বেদনা, কন্‌কনানি ইত্যাদি উপদ্রব সংযুক্ত থাকিলেও অতি শীঘ্র ও সম্পূর্ণরূপে প্রশমিত হইয়া থাকে।

এক শিশির মূল্য ২৲ দুই টাকা।

ভিঃ পিতে লইলে ২॥৴০ আনা।

ক্ষতান্তক ঘৃত।

(উপদংশ-ক্ষতের মহৌষধ।)

ইহা দ্বারা সর্ব্বপ্রকার ঔপদংশিক ক্ষত (গর্ম্মি ঘা) পারদ দুষ্ট ক্ষত, অর্শঃক্ষত, নালী ঘা ও ঘুরঘুরে ঘা প্রভৃতি দুরারোগ্য ক্ষতরোগ সকল অচিরে দূরীকৃত হয়। ঔপদংশিক ও পারদজনিত ক্ষতরোগের এরূপ উৎকৃষ্ট ঔষধ দেখা যায় না। এই মহৌষধ ব্যবহারে উপকার অতি শীঘ্র হইয়া থাকে।

এক কৌটার মূল্য ৸০ বার আনা।

ভিঃ পিতে লইলে মোট ৸৵০ পনর আনা

তিন কৌটা ভিঃ পিতে লইলে ২৶০ আনা

ক্ষতান্তক তৈল

আমাদের ক্ষতান্তক তৈলে সর্ব্বপ্রকার দুরারোগ্য কষ্টপ্রদ ক্ষতরোগ, দুষ্টক্ষত, নালী ঘা, অর্শঃক্ষত, বালকদিগের খোষ পাচড়া, নারাঙ্গা ঘা, কাণের ঘা, কাণে পূয হওয়া প্রভৃতি যাবতীয় ক্ষতরোগ অতি শীঘ্র বিনষ্ট হয়; এবং ব্যবহারে কোনরূপ জ্বালা যন্ত্রণা হয় না। ইহা দুরারোগ্য ক্ষতরোগের অতি উৎকৃষ্ট মহৌষধ।

অগ্নিদগ্ধক্ষতে (পোড়া ঘায়ে) ক্ষতান্তক তৈল ব্যবহার করিলে সত্বর সুফল পাওয়া যায়। ইহা ক্ষতের যন্ত্রণানাশক, দোষ সংশোধক ও ব্রণরোপক। এই তৈল ব্যবহারে অগ্নিদগ্ধ স্থানে সাদা দাগ হয় না।

এক শিশির মূল্য ১৲ এক টাকা।

কুষ্মাণ্ডখণ্ড।

রক্তপিত্তের মহৌষধ।

"কুষ্মাণ্ডখণ্ড" রক্তপিত্ত রোগের যে একটী উৎকৃষ্ট ঔষধ, ইহা বোধ হয় প্রত্যেকেই অবগত আছেন। যাঁহাদের পূর্ব্বে রক্ত উঠিয়াছে বা এক্ষণে উঠিতেছে, তাঁহারা তৎপর হইয়া এই মহৌষধ সেবন করিলে নিশ্চয়ই রক্তপিত্তের ভীষণ আক্রমণ হইতে পরিত্রাণ পাইবেন। রক্তপিত্ত উপেক্ষিত হইলে শেষে যে শ্বাস, যক্ষ্মা প্রভৃতি প্রাণনাশক পীড়া উপস্থিত হয়, তাহারও আশঙ্কা থাকিবে না; কুষ্মাণ্ডখণ্ড ব্যবহারে মুখ দিয়া রক্ত উঠা, নাসিকা বা গুহ্যদ্বার দিয়া রক্ত পড়া, রক্তকাস প্রভৃতি পীড়া অচিরে প্রশমিত হইয়া থাকে; অধিকন্তু ইহা একটী পরম রসায়ন। ইহা দ্বারা যৌবনের স্থিতি, শুক্রের বৃদ্ধি, শরীরের পুষ্টি, স্বরের বিশুদ্ধি ও বলবর্ণের উল্লাদন হয়।

সপ্তাহ ১৲ টাকা। ভিঃ পিতে মোট ১৷৹

ক্ষুধাবতী

অম্লপিত্তের ও অগ্নিমান্দ্যের মহৌষধ।

পঞ্চলবণ, অষ্টক্ষার এবং অন্যান্য বিবিধ বাতানুলোমক আগ্নেয় দ্রব্য হইতে বিশেষ প্রক্রিয়া দ্বারা এই মহৌষধ প্রস্তুত হইয়াছে। ইহা নিয়মিতরূপে সেবন করিলে অগ্নিমান্দ্য, অজীর্ণ, অম্লপিত্ত ও শূল প্রভৃতি অগ্নিমান্দ্যজনিত পীড়া সকল অচিরে বিনষ্ট হয়। অম্লোদ্গার, পেটঢাঁপা, আহারান্তে ভেদ বা বমন, শিরোঘূর্ণন, অরুচি, অম্লবমি, পেটব্যথা প্রভৃতি উপদ্রব নিবারণের ইহা মহৌষধ।

ক্ষুধাবতী সেবনে অল্পাহারী ব্যক্তিগণের দিন দিন ক্ষুধাবৃদ্ধি হইয়া শরীর হৃষ্টপুষ্ট ও বলিষ্ঠ হইয়া থাকে। ক্ষুধাবতী ব্যবহারে পাকস্থলীর উগ্রতা নষ্ট হয় এবং উহা উদর ঠাণ্ডা রাখে। বুকজ্বালা বা পেটবেদনার সময় একমাত্রা **ক্ষুধাবতী** ব্যবহার করিলেই উপকার বোধ হয়। আহারীয় দ্রব্য জীর্ণ করিবার শক্তি বা উপযুক্ত পরিমাণে আহার করিবার ক্ষমতা বৃদ্ধি করিবার ইহা মহৌষধ। একমাত্রা সেবনে উপকার জানিতে পারা যায়।

এক শিশির মূল্য ১৲ এক টাকা। ডাকমাশুলাদি ।৴০ পাঁচ আনা।

তিন শিশির মূল্য ২॥০ আড়াই টাকা। ডাকমাশুলাদি ।৶০ আনা।

